कैसे पाउँ कन्हाई ?

बहुत हुई अब आन सँभालो,
दुईका यह भेद मिटालो,
अपनी बिगड़ी आप बनालो
आओ हरि, सुखदायी !

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অনুরোধ

বাঁধিলে কেমনে প্রেমে নাথ,
বলো, বাঁধিলে প্রেমে কেমনে ?

জানি না তো আজো জয়-পরাজয়,
বলি—ভালোবাসি, বাসা নাহি হয়,
প্রিয়-মিলনের নাই পরিচয়
শুনি' হাসে জনে জনে।

আঁখি মুদি' কাঁদি : "আলো নাই নাই !"
ঢেউয়ে গা ভাসায়ে বলি : "কূল চাই।"
শরণ না চেয়ে সহায় হারাই
বিফল অন্বেষণে।

ক্লান্তের নাথ, শ্রান্তি ঘুচাও,
তুমি-আমি-ভেদ দাও ভেঙে দাও,
ক্ষমি' শত দোষ মোরে গড়ে নাও,
মনোবাসী, এসো মনে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

विधुरा

राही ! मथुरा कितनी दूर ?
मथुरा कितनी दूर है राही, मथुरा कितनी दूर ?

श्याम तो कहते श्यामा मुझको राधा मेरा नाम ।
मैं उनकी जिनका जग सारा गोकुल मेरा गाम ।।
हरी चरण की नूपुरधुन मैं सपने में सुन पाई ।
भूल गई हरि भूले राधा नगरी नई बसाई ।।
चली जाइ हूँ पियामिलनको दिल से हो मजबूर ।
मथुरा कितनी दूर है, राही ! मथुरा कितनी दूर ?

डर क्या जो है दूर किनारा और अँधेरी रात ?
इस अबलाके बल हैं स्वामी, अंग संग इसके साथ ।
डर क्या जो है जीवननैया पड़ी हुई मझधार ?
इस नैया के श्याम खेवैया, गुरूनाम पतवार ।
तूफानों से टकरायेगी—कभी न होगी चूर ।
मथुरा कितनी दूर है, राही ! मथुरा कितनी दूर ?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

LIBRARY
No
Shri Shri Ma Anandamayee Ashram
B

বিধুরা

সখী ! মথুরা সে কতদূর ?
মথুরা সে কতদূর, বল্ সখী ! মথুরা সে কতদূর ?

"আয় শ্যামা, আয়"—ডাকে শ্যামরায়, রাধা যে আমার নাম।
আমি শুধু তার—এ-নিখিল যার, গোকুল আমার ধাম।
সে-নূপুরধ্বনি স্বপনে যেমনি শুনি—যাই ভুলে হায় ঃ
রাধারে সে গেছে ভুলে, বসায়েছে রাজধানী মথুরায়।
তবু ছাড়ি ঘর শুনি' বাঁশি-স্বর—মুরলীধর-বিধুর ঃ
পথে দেখি যারে পুছি বারে বারে ঃ "মথুরা সে কতদূর ?"

"রজনী আঁধার—কই কোথা পার ?" ব'লে কেন করি ডর ?
অভিসারিকার সাথী যে অপার—জানে না কি অন্তর ?
কেন এত ভয় ? হবে না বিলয় অকূলে তরণী তার
গুরুনামে হাল যে ধরে—দয়াল হরি কাণ্ডারী যার।
প্রলয়-তুফানে কভু তার প্রাণে ভরসা হয়না চুর ঃ
তবু হিয়া হায় আকুলি' শুধায় ঃ "মথুরা সে কতদূর ?"

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

मान

जा रि सखी नन्दलालसे कह दे : हम सन प्रीत लगाये ना।
मैं भी नैना मूंद रहूंगी—वह भी मनमें आये ना॥

सांझ पड़े जमुना जल भरने—तटपर मैं नहिं जाऊंगी।
बंसीकी धुन सुनकर सजनी, सुध भी ना बिसराऊंगी॥
वह भि घाटपर बात बातपर देख हमें मुसकाए ना।
मैं भी नैना मूंद रहूंगी—वह भी मनमें आये ना॥

तारोंकी छावोंमें बनकर चाँद व बाहर ना जाये।
झूम जायगी सृष्टी सारी झूमके कह दो ना गाये॥
मधुर तानसे प्रेम बानसे हँस हँस आन लगाये ना।
मैं भी नैना मूंद रहूंगी—वह भी मनमें आये ना॥

মান

বলিস্ লো সখী তারে—যেন এসে আমার প্রেম সে না চায় আর।
মেলিব না আঁখি আর তো—যেন সে মনেও না উঁকি দেয় আমার।

বেলাশেষে জল আনিতে যাব না যাব না তো যমুনার কূলে।
বাঁশিসুর তার শুনে লো আমার বিশ্ব যাব না আর ভুলে।
পথে ঘাটে হ'লে দেখা—নানাছলে না ঝরায় যেন হাসির ধার :
মেলিব না আঁখি আর তো—যেন সে মনেও না উঁকি দেয় আমার।

তারার সভায়ই থাকুক সে-চাঁদ—বাহিরে যেন না আসে শ্যামল।
গায় না যেন সে "আয় আয়" প্রেমে—তাহ'লে ভুবন হবে পাগল।
নব নব তানে যেন প্রেমবাণে না জ্বালে এ-প্রাণে আগুন তার :
মেলিব না আঁখি আর তো—যেন সে মনেও না উঁকি দেয় আমার।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

चिरंतनी

पूजा करने आइ पुजारिन हरिगुन गाने आई हूँ।
मन मन्दिरके खोल दुआरे, पिया रिझाने आई हूँ ।।

चाँदसे चंदन, रैनसे कजरा, टीका तारोंसे लाई।
कलीसे हँसना, नदीसे चलना, पवनसे ली शीतलताई ।।
हरिचरननमें माला बाहोंकी पहनाने आई हूँ।
हृदयदीपमें हरिप्रेमकी ज्योति जलाने आई हूँ ।।

उनकी मेरी प्रीत पुरानी, जनममरनके मीत पिया।
प्रभु सागर हैं, तरंग हूँ मैं, साज हूँ मैं, संगीत पिया ।।
तनमन अरपन कर प्रीतममें आज समाने आई हूँ।
फिर मीराकी प्रेमकहानी सुनो, सुनाने आई हूँ ।।

চিরন্তনী

এসেছি পূজার তরে পূজারিণী, হরিগুণগানের আসনখানি পাতিতে।
মনোমন্দির-দ্বার খোল্ তোর আমি আজ এসেছি বঁধুর প্রীতি সাধিতে।

কুঁড়ি হ'তে সুখহাসি, নদী হ'তে ছন্দ, বসন্ত অনিল হ'তে হরিয়া,
চাঁদ হ'তে চন্দন, কাজল রজনী হ'তে, তিলক তারকা হ'তে পরিয়া,
ভুজবন্ধনমালা পরায়ে শ্রীকান্তের চরণে—এসেছি তারে বাঁধিতে :
অন্তরদীপে আজ হরির প্রেমের জ্যোতিসুন্দর শিখারাগ রাখিতে।

বেসেছি জনম জনমান্তরে তারে ভালো, জীবনে মরণে সে-ই বন্ধু।
আমি বীণাযন্ত্র—সে সঙ্গীতঝঙ্কার, তরঙ্গ আমি—সে-ই সিন্ধু।
প্রিয়তমে তনুমন সঁপিয়া—অবগাহন তারি মাঝে এসেছি গো চাহিতে :
মীরার চিরন্তন শোনো প্রেমবন্দন—এলো সে আবার যারে গাহিতে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

बेदर्द

करम क्यूँ अपना करीम भूले
मेरे गुनाहों का पास करके।
गुनाह भि मैंने किये तो मालिक,
तेरी खुदाइ पे नाज़ करके॥

कभी जो सजदेमें सर झुकाया
तो तुम हो शाहद तुमही को पाया।
तुम्हारे दामनसे ख़ाक झाड़ी
जबींकि मैंने नमाज़ करके॥

कफ़समें देखा तो हँसके बोले
चलो नशेमन बसाके देंगे।
ख़िजां है आई उड़े हैं तिनके
हशरभि देखो आग़ाज़ करके॥

तुम्हें हि मिलने कि आरज़ू थी
जो मांगि मोहलत दो चार दिनकी।
मिले न ख़ुद तो क्या हाथ आया
उम्रको मेरी दराज़ करके॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অকরুণ

হে করুণাময় ! তব করুণা কি গেছ ভুলে
দেখিয়া আমার শত গুরু অপরাধ ?
হয়েছে আমার যত চ্যুতি—সে তো ডঙ্কিতে
তোমারি কৃপার জয়গৌরব নাথ !

করেছি যখনি নতি, জানো অন্তরযামী,
তোমারেই সঁপিয়াছি ভকতি আমার।
উঠেছি আবার—পরে তোমারি চরণমূলে
মুছি' ললাটের ধূলিমলিন বিষাদ।

কহিলে আমারে হেসে : "এসো পিঞ্জর ছেড়ে
বাঁধিব যেথায় সুখমুক্তির নীড়।"
তোমার রচন সুরু সারা হ'ল যবে—দেখ :
ভেঙে দিল নীড়খানি এ-ঝড়ের রাত।

তোমারই মিলন-আশে চেয়েছিনু কিছুদিন
ধরিতে জীবন আরো ধরণীতলে।
তোমারে না পাই যদি—কী ফল বরিয়া বলো
দীর্ঘ পরমায়ুর ব্যর্থ প্রমাদ ?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

पहचान

यह देश पराया है राही, हर कोइ यहाँ बेगाना है।
जो कल थे यहाँ वे आज नहीं, हैं आज उन्हें कल जाना है ॥

क्यों मेरा मेरा करता है, तेरा तो मनभि नही अपना।
जो अपना ही ना हो मालिक उसने फिर क्या अपनाना है ॥

कोइ दाता देता रहता है, कीमत ना सौदा करता है।
तू खो आपा हो जा उस सा, पा उसको जो कुछ पाना है ॥

तू लेकर भी इत्राता है, वह दे कर मान नहीं करता।
तू कैसा है, वह है कैसा—कभि सोचा है पहचाना है ?

পরিচয়

মন! পরবাসে রইলি ভুলে—নেই যেথা তোর আপন জন।
আছে আজকে যে কাল থাকবে না, যে কাল ছিল আজ নেই যেমন।

কেন "আমার আমার" করিস রে, তোর মনই নিজের নয় যখন!
নয় আপনারি যে আপন আজো—পর কি রে তার হয় আপন?

চির দাতা যে—দেয় দুহাতে, তার বেচাকেনা নয়ত পণ,
ভুলে আপনাকে তুই তার হ'লে— যা পাবার সবই মিলবে মন!

পেয়ে দান তুই মান চাস—সে দিয়ে দান চেয়েছে মান কখন?
কবে দেখবি ভেবে তুই কেমন—আর চিনবি কবে সে কেমন?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

दर्शन

कहीं साजन तुम्हें पा कर हृदयमंदिरमें लाऊँ मैं।
करूँ पर्दा मैं पलकोंका, तुम्हें अंदर छिपाऊँ मैं॥

तुम्हें फूलोंमें है पाया, तुम्हें रंगोंमें है देखा।
उलझ जाते हो दामनसे——तुम्हे काँटोंमें पाऊँ मैं॥

हँसी बनते लबोंपे हो, खुशी दिल्की तुम्ही तो हो।
छलक आते हो आंखोंमें——कभी मिलना जो चाहूँ मैं॥

अमर ज्योति हो तुम मोहन ! तुम्हींसे है जगत रोशन।
तुम्ही बनते हो पर्वाने——अगर दीपक जलाऊ मैं॥

দর্শন

তোমার পেলে দেখা—বন্দী করি' প্রিয়, মনের মন্দিরে রাখিব নিতি।
নয়ন-পল্লবে করি' আড়াল—সেথা সাধিব নিরালায় তোমারি প্রীতি।

পেয়েছি ফুলদলে তোমারি দেখা, প্রতি বর্ণে রঙ তব দেখেছি আমি।
হারালে কাঁটাবনে পথ—পথের দিশা দিয়েছ গাহি' চিরদিশার গীতি॥

ফুটেছ হাসি হ'য়ে ফুল্ল অধরে হে, হৃদয়-উল্লাসে হিল্লোলিয়া।
ঘনালে বিরহের বেদনা—আঁখিজলে উঠেছ ছলছলি' প্রাণ-অতিথি!

তুমিই সুন্দর, অমর জ্যোতি—আলো তোমারি করে আলো বসুন্ধরা।
জ্বালিলে প্রদীপ পতঙ্গ হ'য়ে আসো: অন্তহীন তব রঙ্গরীতি॥

CC0. In Public Domain. Sri.Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

निठुर

मेरे निठुर कन्हाई बोलो कैसी यह निठुराई ?
खोजत खोजत भई बावरी मीरा खोज न पाई !

हृदय बसो तुम नैन न देखें पलभर बिसरो नाहीं ।
सदा रहे संग नदी किनारे मिलनरात नहिं आई ।।

कहते तुमको प्रेम-दयामय दुखभंजन सुखदायी ।
मेरी बेर कहो क्यों प्रीतम इतनी देर लगाई !

बीत गये दिन, श्याम न आये, जीवन शाम हो आई ।
मैं हारी तो हार तिहारी तेरी हूँ कहलाई ।।

शरन

कौन यतन प्रभु पायो——मीरा कौन यतन प्रभु पायो !
मैं तो प्रीतम ढूँढ न आयो, अपना आप गँवायो ।

फीके पड़ गये बंधन सारे——जिन यह मन भरमायो ।
हूक उठी ऐसी जीवनमें जीवन फिर नहिं भायो ।।

छोड़ी आस निराशा छूटी, छूटो अपनो परायो ।
"जग रूठे——प्रभु तू ना रूठे"——रो रो मीरा गायो ।।

जनम जनमकी प्रीत-पुरानी, मोहन ! ना बिसरायो ।
ज्यों भावे अब राखो स्वामी ! दुखमें भी सुख पायो ।।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

নিষ্ঠুর

হে নিঠুর বঁধু, বলো—এ কেমন নিঠুর লীলা তোমার ঃ
যারে খুঁজে মীরা পাগলিনী আজো মিলিল না দিশা তার !

হৃদে আছ, আঁখি দেখে না, ভুলি না পলতরে বাণী যার ঃ
দুই তট যেন চলে পাশাপাশি মিলন বিনা বিহার !

বাঁশি গায় ঃ "তুমি প্রেমের ঠাকুর, ব্যথাহারী, সুখাধার।"
শুধু যবে আমি ডাকি প্রিয়তম, দেখা নাই করুণার !

বেলা যায়···কোথা তুমি হে শ্যামল ! ঘনায় অন্ধকার !
যে তোমার—জানে সবে, হারে তার নয় কি তোমারি হার ?

শরণ

তোমারে কেমনে পাবে মীরা নাথ, তোমারে পাবে কেমনে,
আপনারে যবে হারালো সে এসে তোমারই অন্বেষণে ?

মমতারা হ'ল শিথিল—যাহারা বেঁধেছিল বন্ধনে,
তারি বেদনায় সাধ আর নাথ, রহিল না এ-জীবনে।

আশা ও নিরাশা মিলালে—আপন পর কি রহে স্মরণে ?
সব যায় যাক—ফিরায়ো না মুখ তুমি এ-আঁধার ক্ষণে।

জন্ম জন্ম চেয়েছি তোমারে—রেখো প্রভু রেখো মনে ঃ
সুখে রাখো কিবা দুখে রাখো—যেন দুখে মীরা সুখ গণে !

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

पूछ

मैं काह कहूँ—मैं क्या हुँ प्रभु !
मैं काह कहूँ—मैं क्या हूँ ?

तुम दीपक हो—मैं हूँ बाती,
तुम नील कमल—मैं हूँ पाती,
हर रंग पिया तेरे राती,
फिर भी जानूँ ना—क्या हुँ प्रभु !
मैं काह कहूँ—मैं क्या हूँ ?

तुम प्रेमघटा—मीरा छाया,
तुम नाथ प्राण—मीरा काया,
प्रभु तेरी लीला—मैं माया,
तुम ही सब हो, मैं क्या हुँ प्रभु !
मैं काह कहूँ—मैं क्या हूँ ?

तुम चंदा—रैन अँधेरी हूँ,
तुम स्वामी हो—मैं चेरी हूँ,
हूँ जैसी भी—मैं तेरी हूँ,
तुम ही बोलो—मैं क्या हुँ प्रभु !
मैं काह कहूँ—मैं क्या हूँ ?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

জিজ্ঞাসা

বলো, আমি যে কেমন—বলি কেমনে প্রভু ?
বলি কেমনে বলো না আমি সেকথা ?

আমি দীপাধার—তুমি দীপশিখা উচ্ছল,
আমি পল্লব—তুমি নীল ফুল্ল কমল,
শুধু তোমারি রঙ্গে বঁধু আমি বিহ্বল,
বলো আর কী বলিব—আমি কেমন প্রভু ?
আমি জানি না তো আর কোনো বারতা !

তুমি প্রেম-জলধর—আমি তোমারি ছায়া,
তুমি আমার পরাণ—আমি তোমার কায়া,
প্রভু তোমার নিখিল লীলা—আমি যে মায়া,
তুমি তুমি সব—আমি নই কিছুই প্রভু !
আর কী বলিব আমি শরণাগতা ?

তুমি চন্দ্র নিশায়—আমি অন্ধ আঁধার,
তুমি কান্ত—সেবিকা আমি মন্ত্র পূজার,
আমি যেমনি হই না বঁধু, রব' হে তোমার,
আমি আর যে কী—জানি না তো, বলো না প্রভু!
মারা শুধায় চরণে চির-প্রণতা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

स्मृति

फिर किसीकी याद आई...
फिर घटा जीवनपे छाई...
इक सुहानी रातमें वो दूरसे बनसी बजाता...
धीमिसी बरसातमें वो धीरेसे कुछ गुनगुनाता...
पास आया था कन्हाई !

फिर सखी वो याद आई...
फिर घटा जीवनपे छाई...
नैन चुपके मूँद मेरे हृदयमें वो छुपके आया...
सूनें मंदिर थे अँधेरे दीप आशाका जलाया...
मेरी दुनिया मुसकराई !

फिर सखी वो याद आई...
फिर घटा जीवनपे छाई...
देर कितनी हो गई है... श्याम वृंदावन भुलाये...
बोल मधुबन क्या वही है तू—जहां पायल बजाये
नाचि सखियाँ संग कन्हाई !

फिर सखी वो याद आई....
फिर घटा जीवनपे छाई...
उधो ! प्रीतम मिलें तुमसे चरन पर सर झुका देना
तुम्हें पूछें जो कुछ—उनसे यही कहना बता देना :
"प्रीत कैसी है निभाई,
तुम न आये याद आई ?"

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

LIBRARY
No
Shri Shri Ma Anandamayee Ashram
B...

স্মৃতি

কার সে-কথা আসে স্মরণে ফিরে ফিরে···
আবার মেঘসম ছেয়ে জীবন-তীরে···
যেদিন সুখরাতে নিঝুম ধারাপাতে সুদূর হ'তে বঁধু বাজাত বাঁশি তার,
উঠিত গুনগুনি' পরে সে—আজো শুনি কানে সে-গান তার মৃদুলঝঙ্কার,
গাহিত যবে বঁধু শিয়রে অতি ধীরে !

কত-যে কথা সখী, স্মরণে আসে ফিরে...
আবার মেঘসম ছেয়ে জীবন-তীরে...
আবরি' ঘুমঘোরে আমার দুটি আঁখি গোপনসঞ্চারে হৃদয়ে আসিত সে,
শূন্য মন্দির সম আঁধারে ঢাকি' ছিল এ-প্রাণ—আশা-প্রদীপ জ্বালিত সে,
আমার ভুবন সে-হাসিতে উজলি' রে !

কত-যে কথা সখী, স্মরণে আসে ফিরে...
আবার মেঘসম ছেয়ে জীবন-তীরে...
ফুরায়ে এল বেলা...সে কই কাছে নেই...বৃন্দাবন বুঝি বঁধুয়া গেছে ভুলে···
বলো না মধুবন, তুমি কি ব্রজ সেই—যেখানে সখীসাথে নাচিত দুলে দুলে
অতুল নীলমণি মুরলী-মঞ্জীরে !

কত যে কথা সখী, স্মরণে আসে ফিরে...
আবার মেঘসম ছেয়ে জীবন-তীরে...
হে উদ্ধব, যদি প্রিয়ের সাথে ফের তোমার দেখা হয়—চরণে নমি' তার
বোলো—সে পুছে যদি বারতা গোপীদের : "ছলনা রাখি' আজ বলো না হে অপার,
সফল হবে প্রেম কেমনে হে অচিরে
নিজে না এসে শুধু স্মরণে এলে ফিরে ?"

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

श्रीराधा

सखी सब दे चुकी संदेश उधो राधासे यूँ बोला :
"कहो श्यामा ! तुम्हें कहना नहीं है कुछ कन्हैयासे ?"

अधर काँपे, भरे नैना कहा राधाने शरमाके :
"दशा राधाकि ना पूछे—कहो मथुरा-बसैयासे।

"इक फूल हूँ बिन वासके...
इक हृदय हूँ बिन आसके...
इक देह हूँ बिन श्वासके...
तारा बिन आकाशके...
सदा जीवन अधूरा है बिना जीवन-खिवैयाके...
दशा राधा कि ना पूछे—कहो मथुरा-बसैयासे।

"हूँ नाव बिन पतवारके...
कोयल बिना गुलज़ारके...
वीना बिना इक तारके...
पायल बिना झंकारके...
सभी है, पर नहीं कुछ भी बिना बन्सीबजैयाके...
दशा राधाकि ना पूछे—कहो मथुरा-बसैयासे।"

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীরাধা

ফুরালে সখীদের সকল কথা, পুছে রাধারে উদ্ধব সম্ভাষিয়া ঃ
"তোমার নাই কি গো, প্রাণের কথা কিছু শ্যামলে জানাবার, শ্যামপ্রিয়া ?"
কহিল তবে গাঢ়কণ্ঠে রাধা...কাঁপে অধর...ভরে জল নীল নয়নে ঃ
"রাধার দশা যেন শুধায় না সে আর—আছে যে মথুরায় সুখমিলনে।

"রয় ফুল যেমন বিনা সুবাস তার...
রয় হৃদয়—বিনা আশা উছাস তার...
রয় দেহ যেমন বিনা নিশাস তার...
রয় আকাশ—বিনা তারা-বিলাস তার...
তেমনি শূন্য অপূর্ণ এ-জীবন জীবনকাণ্ডারী বিনা বেদনে...
রাধার দশা যেন শুধায় না সে আর—আছে যে মথুরায় সুখমিলনে।

"বিনা কর্ণধার তরী যেমন বায়...
রয় কানন পিক বিনা বিফলতায়...
বিনা তন্ত্রী কাঁদে বীণা যেমন হায়...
বাজে নূপুর ঝঙ্কার বিনা ব্যথায়...
সকলি আছে, তবু কিছুই নাই যেন মুরলীপতি বিনা বৃন্দাবনে...
রাধার দশা যেন শুধায় না সে আর—আছে যে মথুরায় সুখমিলনে।"

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

अगर

शरन मुझको कभी अपनी लगा लोगे तो जानूंगी।
लगी तुमने लगाई है—निभा लोगे तो जानूंगी ।।

बहुत पाया मेरे दाता! बहुत साजन दिया तुमने।
सभी ले लो, शरन दे दो, बटा लोगे तो जानूंगी ।।
सारथी बन् तुम्हींने तो सखाका रथ चलाया था।
डोर जीवन हमारी भी सँभालोगे तो जानूंगी ।।

सुना है तुम कठिन साधन तपस्यासे तो मिलते हो।
मुझे निर्गुन समझ कर भी बुला लोगे तो जानूंगी ।।
करम झूठे, भाग रूठे, तुम्हें क्यों कर मनाऊं मैं।
बनो होनी बने बिगड़ी सँवारोगे तो जानूंगी ।।

पहेली

अजब तेरी पहेली है जो सुलझाना हि मुशकिल है।
बहुत आसाँ अगर समझें समझ जाना हि मुशकिल है ।।

खेल तेरे अनोखे हैं, नियारी है निखिल लीला।
जिसे पाने जनम पाया उसे पाना हि मुशकिल है ।।
तुम्हीं सबमें, सभी तुममें, तुम्हीं काया सभी छाया।
नहीं पर जो—वही चाहें जो है चाहना हि मुशकिल है ।।

जिन्हें अपना बनाये हैं—वही अपने नहीं होते।
सदा अपना जो है साथी—व अपनाना हि मुशकिल है ।।
तु ऐसा है, जगत ऐसा: किनारे है नदीके दो।
दूर रहना नहीं मुमकिन, पास आना हि मुशकिल है ।।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যদি

আপনি এসে যদি আমারে দাও কভু অকূলে হে শরণ, জানিব তবে।
বাঁধিলে যবে প্রেমে, সফল করো যদি মিলায়ে হে মিলন, জানিব তবে॥

পেয়েছি অফুরান, দানের সিন্ধু হে! দিয়েছ অঢেল-যে প্রসাদ কত!
সে-সব বরদান ফিরায়ে নিয়ে যদি সাধাও হে বরণ—জানিব তবে।
একদা এসেছিলে সারথি হ'য়ে তুমি সখার রথে তব করুণা করি':
তেমনি, করো যদি আমার জীবনেরো রশ্মি হে ধারণ, জানিব তবে।

শুনেছি নাথ: শুধু কঠোর সাধনায় তোমারে পাওয়া যায়, পরম সাথী!
আমারে নির্গুণ জেনেও তবু যদি দাও হে শ্রীচরণ, জানিব তবে।
কর্ম নিস্ফল, নিয়তি নিদারুণ যার—সে পাবে তব কেমনে প্রীতি?
ক্ষমিয়া শতদোষ, শিখায়ে নির্ভর করিলে হে তারণ, জানিব তবে।

প্রহেলিকা

তোমার প্রহেলিকা, কে তার পায় পার? অতলে পাওয়া তল সহজ নয়।
যে জানে জেনেছে সে পলকে প্রাণে তার: সে-জ্ঞান অচপল সহজ নয়।

অতুল, অপরূপ এ-লীলা হে তোমার: কী খেলা খেলো তুমি কেহ কি জানে?
মিলন তরে যার জন্ম—পাওয়া তার পরশপরিমল সহজ নয়।
সবার মাঝে তুমি সবার একাধার: তুমিই কায়া আর সকলি ছায়া।
ছায়াই বরি তার—বরণ করা যার কায়া অচঞ্চল সহজ নয়।

যাদের চিরদিন গণি হে আপনার—আপন তারা হায় হয় না কভু!
তবু যে-সাথী চির-আপন—হওয়া তার প্রণয়বিহ্বল সহজ নয়।
তোমার রীতি আর জগতরীতি প্রভু—নদীর দুই তীর চিরন্তন:
সহে না ব্যবধান—আসিয়া কাছে তবু হওয়া সমুচ্ছল সহজ নয়।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

सौदागर

सौदागर हुं सौदा किया चाहता हूँ...
मैं दे कर तुम्हें कुछ लिया चाहता हूँ।

न दौलत मैं माँगूँ, न हशमत मैं चाहूँ...
न राहत मैं माँगूँ, मुसर्रत् न चाहूँ...
दो आलम निछावर किया चाहता हूँ...
मैं चरनोंमें रहना पिया चाहता हूँ।

ये आँखोंके मोती, ये हल्कीसि आहें...
उमीदोंकि कलियाँ जो खिलने न पायें...
नजर ये हि लाया दिया चाहता हूँ...
मैं चरनोंमें रहना पिया चाहता हूँ।

ये हस्तीभि ले लो, ये तकदीरें ले लो...
अजलसे जो बाँधे व ज़ंजीरें ले लो..
मिटा कर ख़ुदी अब जिया चाहता हूँ...
मैं चरनोंमें रहना पिया चाहता हूँ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বণিক

বণিক আজ তোমার পায় বিছায় তার সকল ধন
গ্রহণ নাথ করাই চাই তোমার এই সমর্পণ।

রতনসাধ আমার নেই—আকিঞ্চন মহত্ত্বের,
সুখের দোল না চাই আর—বিলাসরোল অনর্থের,
আমার দুই জগৎ দেই তোমার পায় বিসর্জন :
চরণছায় তোমার চায় পরম ঠাঁই অকিঞ্চন।

নয়নজল সমুচ্ছল, দীরঘশ্বাস অশান্ত,
আশার রূপকলির বাস লাজুক, প্রেম একান্ত,
তোমায় দান ক'রেই নাথ, সফল হয় হৃদয়মন :
চরণছায় তোমার চায় পরম ঠাঁই অকিঞ্চন।

অদৃষ্টের বিধান সব, জীবনরাগ তোমায় দেই,
যে-বন্ধন মায়ার হয় মরণডোর মুহূর্তেই,
নিজের হোক হে নিঃশেষ, মিলাও প্রাণ চিরন্তন :
চরণছায় তোমার চায় পরম ঠাঁই অকিঞ্চন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

शरन

शरन दे रहे हो लिये जा रही हूँ।
तुम्हारे सहारे जिये जा रही हूँ॥

मैं नन्हीसि कोंपल हूँ डाली तुम्ही हो।
ये जीवनकि बगियाके वाली तुम्ही हो।
तुम्ही इसमें कोकिल हो माली तुम्ही हो।
मैं चरनोंमें तनमन दिये जा रही हूँ।
तुम्हारे सहारे जिये जा रही हूँ॥

ये बसती जो दिलकी बसाये हो स्वामी!
किरन बनके जीवन में आये हो स्वामी!
मैं भूली थी राहें दिखाये हो स्वामी!
मैं निर्गुन हूँ अवगुन किये जा रही हूँ।
तुम्हारे सहारे जिये जा रही हूँ॥

तुम्हीं नाथ पालक हो रक्षक हो मेरे।
तुम्ही आसरा तुम सहायक हो मेरे।
ये डोले न नैया जो नावक हो मेरे।
पिलाये हो अमरित पिये जा रही हूँ।
तुम्हारे सहारे जिये जा रही हूँ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শরণ

শরণ দেওয়া তোমার রীতি, বরণ সে আমার।
জীবন যাপি জপিয়া আশা তোমারি করুণার।

আমি লাজুক কলিকা, তুমি শাখা কুসুমধারী,
আমার প্রাণবাগানে তুমি কোকিল ঝঙ্কারী,
নন্দনের নায়ক তুমি বসন্তবিহারী,
চরণে অব তনু ও মন সঁপিনু হে অপার !
জীবন যাপি জপিয়া আশা তোমারি করুণার।

হৃদয়পুরে এই যে তব প্রণয়-রাজধানী,
কিরণ হেমকান্ত রূপে এসেছ সেথা জানি,
আমারে কালো পন্থ হ'তে আলোর স্রোতে টানি',
অন্ধ তবু ছন্দ ভোলে ভ্রান্তিবশে তার :
জীবন যাপি জপিয়া আশা তোমারি করুণার।

তুমিই নাথ পালক, সখা, রক্ষক, সহায়,
তারকা বরি' তোমারি তরী বাহি এ-তমসায়,
কান্ত যার কাণ্ডারী সে অকূলে কূল পায়,
মরণবুকে করে সে পান অমৃত অমরার :
জীবন যাপি জপিয়া আশা তোমারি করুণার।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

मान

कन्हैयासे कह दो—न सपनोंमें आये।
न सोई उमंगें आ फिरसे जगायें॥

व उजलीसि रातोंमें पनघटपे मिलना,
व सावनकी रिमझिम व शाखोंका हिलना,
व दर्शन पा सखियोंका कलियोंसा खिलना,
ये बातें पुरानी हैं काहे दोहराये।
कन्हैयासे कह दो न सपनोंमें आये॥

व बनठनके मधुबन में आना हरीका,
जो सुधबुध बिसारे युँ गाना हरीका,
व बनना सँवरना बनाना हरीका,
ये भूली कहानी न अब याद लाये।
कन्हैयासे कह दो न सपनोंमें आये॥

बुलाना व धीमेसे मुरली बजाके,
व आये न आये—ये कहना सुनाके,
पराया हो जाना युँ अपना बनाके,
ये लीला नियारी न फिरसे दिखाये।
कन्हैयासे कह दो न सपनोंमें आये॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মান

বলিস সখী, শ্যামলে—যেন না দেখা দেয় স্বপনে।
আবার তার তৃষ্ণা কেন জাগানো প্রাণগহনে ?

চাঁদিনি রাতে যমুনাতীরে সেই মিলনরাস,
হাওয়ার সাথে শাখারা যবে করিত পরিহাস,
বঁধুরে দেখে সখীদের সে-আনন্দ-উছাস :
পুরাণো সেই বিলাসে কেন ফিরায়ে আনা জীবনে ?
বলিস সখী, শ্যামলে—যেন দেখা না দেয় স্বপনে।

মধুবনে সে-গুণমণির কত-না সেজে আসা,
সে-গান শুনে বিশ্ব ভুলে তাকেই ভালোবাসা,
কত না তার ঠমক ঠাম মন-ভোলানো ভাষা :
কেন্ সে-ভোলা কাহিনী যত ফিরায়ে আনা স্মরণে ?
বলিস সখী, শ্যামলে—যেন দেখা না দেয় স্বপনে।

মৃদুমুরলীসুরে তার সে-গমক "আয় আয়,"
আসিতে কাছে দেখিলে সেই ফিরে না চাওয়া হায়,
আপন ব'লে ডেকে সে-দেওয়া পর বলে বিদায় :
নিঠুর সেই লীলারে কেন্ ফিরায়ে আনা জীবনে ?
বলিস সখী, শ্যামলে—যেন দেখা না দেয় স্বপনে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

घनश्याम

आओ आओ आओ . . .
बादल बरसो आओ . . .
आओ आओ आओ . . .
घोर घटा तुम छाओ ॥

कृष्ण नाम ले . . . धूमधामसे . . .
रंग श्याम ले . . . झूमझामके . . .
आओ आओ आओ ।
बादल बरसो आओ ॥

भर दो नदियाँ ताल कियारी . . .
जल थल कर दो दुनिया सारी . . .
देखें शकती आज तुम्हारी . . .
दामिन धनुक ले आओ ॥

मेघपती मेहा बरसाओ . . .
पवन हिंदोले आन झुलाओ . . .
धरतीकी अब प्यास बुझाओ . . .
गरजो बरसो आओ ॥

आओ गायें राग मल्हार . . .
साज बने बरखाके तार . . .
झमक उठे सारा संसार . . .
ऐसी तान लगाओ ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ঘনশ্যাম

আয়　　বিষ্টি আয়...
(মন)　বাদলের গান গায়...
আয়　　বিষ্টি আয়...
(মন)　মাদলের তাল চায় ॥

আয় বিষ্টি...আয় মিষ্টি...
আয় বিষ্টি...আয় মিষ্টি...
আয় বিষ্টি আয়
(ঘন) শ্যামল মূর্ছনায় ॥

(আয়)　হাওয়া নিয়ে মেঘ বিছিয়ে
গিরি নদ নদী যে ভাসায়...
(কর)　সুরধুনীর গমক গভীর
ঠমকে ঠামে যে চমকায় ॥

(আয়)　চপল হাওয়ার সজল পাথার
সঞ্চয় লুট ক'রে আয়...
(তাপে)　ধরা কাঁদে...আয় প্রসাদে
মরণের নিভিয়ে চিতায়...

(প্রাণ)　কলস্বরে আকাশ ভ'রে
উল্লাস হিন্দোলে গায়
(আয়)　ঝঙ্কারিণী নীল নটিনী !
মল্লার হিল্লোলে আয় ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

तरसत

ये जोगनकि झोली मेरे नाथ भर दो।
हूँ दरपर भिखारन दरसदान कर दो॥

तुम्हें बलसे पा लूँ ये शकती नहीं है।
ये साधन नहीं है ये भकती नहीं है।
तुम्हारे बिना लौ लहकती नहीं है।
दयालू बने हो ये पीड़ा तो हर दो।
या इस पार कर दो—या उस पार कर दो॥

तुम्हीं पर है दावा अदालत है तेरी।
ये तनमन है रख लो जमानत है मेरी।
करम हैं ये मेरे, ये रहमत है तेरी।
तुम्हीं हार मानो, या दर्शनका वर दो।
या इसपार कर दो—या उसपार कर दो॥

ये नैनाँ बिना ज्योति कैसे सुहाये।
ये 'बनसी बिना प्रान लय क्या सुनाये।
न मीरा बिना श्याम अब जीने पाये।
इक बार आओगे—इकरार कर दो।
या इस पार कर दो—या उस पार कर दो॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তৃষিতা

আমার এই তৃষ্ণা চিরবল্লভ, মিটাও ঃ
তোমার দ্বারে অকিঞ্চনে দাও দরশ দাও।

নাই শকতি আপন বলে তোমারে লভিবার,
নাই ভকতি, নাই সাধন, অর্ঘ উপচার,
জ্বলে কি শিখা তুমি না দিলে দীপ্তি দীপিকার ?
দয়াল রূপে ব্যথা আমার বন্ধু হে ঘুচাও।
হয় এপারে রাখো, না হয় ওপারে নিয়ে যাও॥

আমার শুধু দাবিই আছে, বিচার সে তোমার,
তনু ও মন বাঁধা সেথায় রাখো—করিতে পার,
কৃপা—তোমার, আমার—শুধু কর্মে অধিকার,
হয় মানো হে হার, না হয় দরশবর দাও।
হয় এপারে রাখো, না হয় ওপারে নিয়ে যাও॥

বিনা আলোক নয়ন—কোথা গৌরব তাহার ?
বিনা নিশাস তোমার—বাঁশি বেজেছে কবে কার ?
বিনা শ্যামল—জীবন মীরা কেমনে ধরে তার ?
রাখো না রাখো—দর্শনের অঙ্গীকার দাও।
হয় এপারে রাখো—না হয় ওপারে নিয়ে যাও॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

सपन

सुनो कथा प्रेम-व्यथा कौन मोहे भायो।
ग्वाल बाल नंदलाल दरस स्वपन पायो॥

कमल नैन मधुर बैन चपल चरन आयो॥
चूम चरन लीनि शरन अंग पी लगायो।

प्रेमरतन दीनों सजन कौन दाम पायो।
संत तोल कीनो मोल हृदय दे बटायो॥

राज काज लोक लाज छाड़ श्याम ध्यायो।
जनम मरन सफल करन प्राननाथ आयो॥

संकल्प

मैं बसती नयी इक बसाने चली हूँ।
मैं जीवनकि मदिरा लुटाने चली हूँ॥

बनाना मिटाना तो लीला है उसकी।
मैं तनमनकि बाजी लगाने चली हूँ॥

न अपना है कोई, न हम हैं किसीके।
जो अपना है—अपना बनाने चली हूँ॥

जो करमों में भाग्योंमें मिलना नही है।
व भाग्योंकि रेखा मिटाने चली हूँ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

স্বপন

কী বলি বলো না—প্রেমের বেদনা মজেছি সে কার বরণে ?
ব্রজের রাখাল নন্দদুলাল—দেখেছি যাহারে স্বপনে !

কমল-নয়ন, মধুর-বচন এলো যে চপল চরণে,
চুমি' যে-চরণ নিয়েছি শরণ যাচিয়া তাহার মিলনে।

যে প্রণয়মণি দিল নীলমণি দিব দাম তার কেমনে ?—
যারে শুধু পায় সেই—যে বিকায় হৃদয় চাহিয়া সে-ধনে !

জীবনে কী কাজ ? ছেড়ে লোক লাজ, ডুব দে না তারি গহনে,
জনম মরণ সফল-সাধন করে যে করুণা-কিরণে।

সংকল্প

এক নবনগরে চলেছি আমি পাতিতে রাজধানী
যত মায়ার মোহ এ-জীবনের ধুলায় ফেলি' টানি'।

এই ভাঙা ও গড়া অন্তহীন—লীলাময়ের লীলা ঃ
চাই সেই খেলায় দিতে সে-পায় এ-তনুমন আনি'।

আজ জেনেছি—কেহ আপন নয়, কাহারো আমি নহি ঃ
চির আপনে শুধু আপন বলি' চলেছি নিতে মানি'।

শুনি ঃ মিলে না তারে ভাগ্যে, নয় কর্মসাধনায় ঃ
তবু নিয়তিরেখা মুছিতে হবে—এই কথাই জানি।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

रास

सखी सुनो कहीं मधुवन में वहीं
कोई आके मुरलिया बजाये रहा!
वो तो अपनेहि ढंग मेरे प्रानोंके संग
मानो नूपुरकि ताल आज सुनाये रहा!

देखो पायल बजी चलि राधा सजि
कहीं साँवरा फिरसे बुलाये रहा!
दिये हाथोंमे हाथ देखो सखियोंके साथ
आज गोविंद रास रचाये रहा।

वो तो तारोंकि छाओंमे गोकुलकि राहोंमें
बनठनके धूम मचाये रहा।
आज जमुनाके घाट कोई रोके हैं बाट
फिरसे गोपाल गोपी मनाये रहा॥

देर काहे करी फिर बुलाये हरी!
वो तो दर्शनसे प्यास बुझाये रहा!
आज कुंज गली गाने मीरा चली
मेरे हर अंग प्रीतम समाये रहा।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

রাস

সখী ভালোবেসে মধুবনে কে সে
বঁধু মায়াবী মুরলী শোন্ ঐ বাজায়!
সে যে রঙ্গে আপন আমার পরাণ মন
তার নূপুরবিভঙ্গের তরঙ্গে নাচায়।

শুনে ঝঙ্কার কোথায় সেজে দেখ্ রাধা ধায়
যেথায় শ্যামল কিশোর ডাকে : "আয় রাধা আয়!"
সেথায় সখীদের হাত ধ'রে নিখিলের নাথ
সুখ বসন্তে রাসের রূপ ছন্দ বিছায়।

সেথায় সমুচ্ছলে তারার ছাউনি তলে
মিলন হিল্লোলে হিন্দোলা নীল যমুনায়
সেথায় কত ছলে মধুর কথা ব'লে
ব্রজের গোপাল ঐ গোপীদের হৃদয় দোলায়।

কেন বিলম্ব আর? ডাকে বাঁশি যে তার!
যার কান্তি যুগান্তরের পিয়াস মিটায়।
গান গেয়ে চলে মীরা চরণতলে
যার আনন্দ তার আকুল অন্তরে ছায়।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

व्याकुल

नहीं आये पिया मेरा डोले जिया
वो तो मथुरा नगरिया विराज रहे।
मेरे मनकी उमंग जमुनाकी तरंग
सखी व्याकुल है बसम न आज रहे॥

कोई जाये कहे : "दूर काहे रहे
आये अंतर-सिंहासनपे साज रहे।
हाथ मुरली सजे चरन नूपुर बजे
गल माल, मुकुट सिरपे ताज रहे॥

बाल घुंघराले हैं नैन मतवाले हैं
देख प्रीतम न चंदाकी लाज रहे।
काहे बनसीकि धुन लि है कानोंने सुन
स्वर प्रानोंमें अबतक है बाज रहे॥

मोहे अपनाये ना दरस दिखलाये ना
मेरे हृदयमें मोहनका राज रहे।
चाहुँ मान यही पाउँ दान यही :
मीरा चरनोंमें सीस निवाज रहे॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ব্যাকুল

দেখা দেয় না শ্যামল আমার মন যে উতল
সুখ- মিলনে আছে সে-অলখ কোথায় ?
আমার চিত্তের আসঙ্গ হায় নদীর তরঙ্গ,
আর মানে না মানা আজ গভীর তৃষায় !

বল্ তারে : "কেন দূরে থাকো হেন ?
এসো বোসো মীরার অন্তর-চতুর্দোলায় :
হাতে বাঁশি সাজে, পায়ে নূপুর বাজে,
শিরে মোহন মুকুট, দোলে মালা গলায় !"

তার চূর্ণ কুন্তল, আঁখি আবেশ বিহ্বল,
দেখে যে-অতুল কান্তি চাঁদ লাজে লুকায় :
কেন এল কানে তারি লহর—তানে
আমার প্রাণের ঢেউ আজো যে ছলছলায় !

পর ব'লে আমায় যদি ফিরিয়ে মুখ যায়,
দেখা না দেয় আর—রাজা সে-ই রইবে হিয়ায় ।
শুধু যাচি এই মান—দিক সে বরদান :
মীরা চরণে যেন তার মাথা লুটায় ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

बावरी

लागि कैसी लगन मीरा होके मगन
गलि गली हरी-गीत गाने लगी।
जो थि महलों पली बनके जोगन चली !
"आज रानी दिवानी"—कहाने लगी !

जाके लागे है तन वोहि जाने है मन
पीर काहे पराई सताने लगी !
जग रूठे तो क्या ? सब छूटे तो क्या ?
मीरा "गोपाल गोपाल" —ध्याने लगी !

राह रोके नहीं, कोई टोके नहीं,
आज सरित है सागर समाने लगी !
जहर राना दिया, मान अमृत पिया
प्रेम प्रीतमका वो आजमाने लगी !

रंगि मोहनके रंग बैठ संतनके संग
प्रीत साँचीकी रीत बताने लगी !
दुख लाखों सहे, मुख गोविंद कहे
जीना मरना समान मनाने लगी !

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

Shri Shri Ma Anandamayee Ashram
BANARAS

উদাসিনী

এল পরম লগন মীরা প্রেমে মগন
গেয়ে কীর্তন বঁধুর পথে পথে চলে।
ছিল কাল মানিনী, হ'ল আজ যোগিনী
"হায় রাণী উদাসিনী—" সবাই বলে।

যাকে বাজে ব্যথা—জানে ব্যথার কথা,
পরের দুঃখে কোন্ দরদীর পরাণ গলে ?
নিখিল ফিরাক না মুখ, যায় যাকনা সব সুখ,
মীরা গোপালে খেয়ায় তার হৃদয়তলে।

বাঁধে বাঁধবে কে তায় ? পিছু ডাকা কি যায়
উধাও সে-ঢেউকে—মিলবে যে সিন্ধুজলে ?
জহর রাণা দিল, সুধা ব'লে নিল,
গরল হ'ল মীরার প্রিয়ের প্রসাদ পলে।

সেধে মোহনের রঙ্গ চায় উদাসীর সঙ্গ,
আজ চিরন্তন প্রেমেই সে সমুচ্ছলে।
হয় দুঃখও সুখ—যার শ্যাম ভরে বুক,
তখন জীবন মরণ একই ছন্দে চলে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

हिम्मत

इनसान क्या जिससे कभी तकदीर टकराई न हो?
वह नाव क्या साहलसे खेले—भँवरमें आई न हो?

तू रख नज़र मंज़िलपे अपनी, भूल जा दोनों जहां।
अब क्यों तु चाहे राह ऐसी जिसमे कठिनाई न हो?

तू कब तलक सोचा करेगा—क्या मिला क्या खो गया?
वह रात आई ही नहीं—जिसने सुबो पाई न हो।

तू फूल बनना चाहता है उस गलेके हारका,
तो हँसके कांटोंसे निभा कर: गुलका शैदाई न हो।

मुसाफ़िर

कौन देशसे आये मुसाफ़िर, कौन देश है जाना,
भूल गया क्या राहमें आकर—चाहे किस्को पाना?

यह जग तो है रैन-बसेरा: अपना दूर ठिकाना।
हल्का रखना भार करमका—फिर ना पड़े उठाना।

सीप किनारे चमकीले हैं—चुनकर क्यों पछताना?
जो तू चाहे मोती लेने—गहरे पानी आना।

बीज खाकमें मिल जाता है खिलता फूल सुहाना।
दूर हो मंज़िल राह कठिन हो—फिर भी चलते जाना।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সাহস

আঘাত যারে কভু হানেনি নিয়তি—সে মানুষ ধরাতলে কভু কি হয় ?
ঢেউয়ের আঘাত যে সয়নি তরী—রহি' নোঙরে বাঁধা কূলে, তরী সে নয়।

লক্ষ্যে আঁখি তোর অচল রাখ্—নয় ইহ বা পরকাল চিন্তা আর।
অবোধ ওরে! কোথা পাবি এমন পথ—যে-পথে নাই বাধা, ঝটিকাভয়?

হিসাব কতদিন করিবি গুনে গুনে—কী পেলি, হারালি বা সে কোন্ ধন ?
ভাবনা কেন ? নাই এমন নিশা—যার ওপারে নাই নব সূর্যোদয়।

ফুল যে হ'তে চায় প্রিয়ের কণ্ঠের মালার—হাসিমুখে করিবে সে
কাঁটার সাথে ঘর : শুধু ফুলোচ্ছ্বাসে কেহ কি গোলাপের পায় প্রণয় ?

মুসাফের

কোন্ দেশ হ'তে তুই এসেছিস মুসাফের, কোন দেশে হবে যেতে ফিরে?
ভুলে গিয়েছিস বুঝি মাঝপথে—নীড়ে কোন্ পরম বিরাম লভিবি রে ?
এজগৎ ক্ষণিকের পান্থনিবাস, তোর আপন আলয় দূর তীরে।
কর্ম করিস কেন গুরুভার দিনে দিনে ? তুলিতে হবে না তায় কি রে ?

রঙিন শুক্তি কেন কুড়াস—কাঁদিতে পরে শূন্য চমক সঞ্চি' রে ?
মুক্তা কি পায় কভু সে-ভীরু—ডুবারি হ'তে ডরায় যে সিন্ধু গভীরে ?
বীজ যদি রয় ভূমিগর্ভবিলীন—বল্ কেমনে উঠিবে কুসুমি' রে ?
যতদূর কেন তোর হোক দিশা—চল্ চল্ দিশারির মন্ত্র জপি' রে !

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

नकाब

हो रूबरू तुम तुम्हें मैं देखूं,
न हौसला है न ताब ही है।
है जर्रे जर्रे में तेरा जलवा,
ये नूर भी लाजवाब ही है।।

बहुत है देखी ये तेरी दुनिया :
हसीन है पुरशबाब भी है।
ये जामेहस्ती दिया है तूने
फ़ना कि इसमें शराब भी है।।

बहार आती है दिल लुभाने :
ख़िज़ाँ कि पीछे रकाब भी है।
हँसीकी गोदीमें खेले आँसू,
जहाँ है सागर हुबाब भी है

कुछ दिख रहे हो, कुछ छिप रहे हो,
हो सामने भी, हिजाब भी है
अजब् है तेरी ये लीला मालिक !
है आइना भी, नकाब भी है।।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আড়াল

তুমি রূপ ধরো যদি নিরখিতে নিরবধি
তারে নাই শকতি কি সাহস আমার।
প্রতি ধূলিকণা মাঝে যে-জ্যোতির্ময় রাজে,
কোথায় উপমা সেই মহামহিমার ?

দেখেছি দেখেছি তব এ-নিখিল অভিনব :
সুন্দরযৌবনরাগসম্ভার।
এ-প্রাণের পিয়ালায় ঢেলেছ যে-মদিরায়,
আবেশের সাথে সেথা মূর্ছাবিহার।

বসন্ত সুন্দর হরে যবে অন্তর,
নিদাঘ তুহিন থাকে জেগে পারে তার।
হাসির কোলেই বয় অশ্রু অঝোর—রয়
যেথাই সিন্ধু সেথা বুদ্বুদসার।

ধরা দিয়ে এসে কাছে অমনি লুকাও লাজে,
বরণ করিতে বাজে স্বয়ম্বরার ?
অপরূপ লীলা এ কী ! যার দর্পণে দেখি
ভুবন—আড়াল সেই রচিল ছায়ার !

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

बिनति

मोहन ! आइयो कभी जीकी कह दूँ सभी
बिना तेरे जो बीती है हाय पिया !
पहले प्रीत सिखा छबि सुन्दर दिखा
चरन दासी बना मुख छिपाये पिया !

मुरलि छलकि बजा आये नूपुर सजा
तनमन हरके हुए तुम पराये पिया
गोकुल भाये नहीं, चैन आये नहीं,
कुंज गली उदासी है छाये पिया !

सखा मौन रहे, व्यथा कासे कहे ?
माता रोती है : "आवो"—बुलाये पिया !
सखियां भी हरी रहें नैनाँ भरी
राधा राहोंमें पलकें बिछाये पिया !

कौन भूल भई कहो तो निर्दयी !
हो दयालू भी दया न आये पिया !
कोयल कूक उठी मनमें हूक उठी
मीरा कौन यतन तुम्हें पाये पिया !

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মিনতি

বঁধু　রাখো কথা ঃ শোনো হৃদয়-ব্যথা,
বিনা　তুমি মীরার কাটে দিন বেদনায়।
ভালো　বাসায়ে হে, ছবি দেখায়ে হে,
পরে　চাইলে মিলন—দূরে লুকালে হায়!

শুনিয়ে,　মুরলী ছল, বাজিয়ে নূপুর চঞ্চল
কেড়ে　মনপ্রাণ' ক'রে পর দিলে বিদায়।
গোকুল হ'ল আঁধার, সুখেও দুঃখই অপার,
যাই　যেথাই—এক উদাসী অন্তরে গায়।

তোমার সখা যত নীরব—সহে কত?
কাঁদে　যশোদা ঃ "আয় গোপাল, আয় ফিরে আয়!"
গোপী　সখীর নয়ন ঝরে অঝোর, মোহন!
রাধা　অনিমেষ চাহনি পথে বিছায়।

বলো　কী অপরাধ পায়ে করেছি, নাথ!
নাম　"দয়াল" যার কেন সে আনন ফিরায়?
কোকিল গায় আজ যখন—মন করে কেমন!
মীরা　পাবে তোমায় বন্ধু, কোন্ সাধনায়?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

तन्मय

मीरा हरि चरनन रंग राती।
मीरा मनमोहन रंग राती।
मीरा माधोके रंग राती॥

मैं नहिं चाहूँ गंगा जमुना काशी मो नहिं भाती।
चरन छाप जित पाऊँ माधो वह तीरथ मैं जाती॥

जगके सुख नहिं रतन अमोलक चमके बालू ताती।
तुम कारन नित भीजें नैना अँसुअन माल सुहाती॥

तेरी भावना मोहे भावे लिखुं मैं अंतर पाती।
तोसे मीठो नाम तिहारो विरहनका चिरसाथी॥

आसरा

तुम बिन कौन सहाई मेरो, तुम बिन कौन सहाई?

जगके मीत हैं धूपकि छाया, अंध पड़े लुप्ताई।
जिन नाता प्रीतम संग लागा बाल न बाँका जाई॥

ये तो विपदा रैन अँधेरि प्रभात मिटे कजराई।
सब दीजो वो दुख नहिं दीजो—जो तोहे बिसरत पाई॥

गोविंद! मोको जगत पियारो जित कारन तोहे पाई।
बलिहारी इस धूलपे मीरा हृदयसुं चरन लगाई॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তন্ময়

তারি রঙিয়ে নে রঙে তোর প্রাণ,
মীরা, তারি চরণের রঙে প্রাণ,
মীরা, শ্যামলের রঙে তোর প্রাণ।

চাহিনা চাহিনা আমি গঙ্গা যমুনা আর
কাশী কাঞ্চীর সন্ধান।
যেথাই মিলিবে তব চরণ চিহ্ন বঁধু,
গণি তারে তীর্থ সমান।

সংসার সুখ নয় অমূল রতন—সে যে
বালুকার তপ্ত শিথান।
বন্ধু, তোমারি তরে অশ্রু আমার হ'ল
কণ্ঠের হার—বরদান।

অন্তরপটে আঁকা কান্ত, তোমারি ছবি,
চিন্তা তোমারি ধ্যান জ্ঞান।
তোমার চেয়েও মধু নাম তব জপে মীরা
বিরহিণী রজনীবিহান।

আশ্রয়

তুমি বিনা কে বা আছে সহায় আমার বঁধু? কে আছে ভরসা বলো আর?
সুখের মিতালি যেন ধুপছায়ালীলা—ঝরে আলো যার ঘনালে আঁধার।
শুধু প্রণয়ের ডোরে বেঁধেছ বন্ধু, যারে—অশান্তিলেশ নাই তার।
জীবনের বেদনা তো নিশার কাজল সম—উষায় মিলায় রেখা যার।
যত ব্যথা চাও—দিও, দিও না শুধু সে-দুখ—ভুলায় যে বাঁশিঝঙ্কার।
বেসেছি বেসেছি ভালো এ-ভুবন—বরে তারি পেয়েছি-যে পরশ তোমার।
যে-ধুলা ধরেছে হৃদে চরণচিহ্ন তব—সেথাই মীরার অভিসার।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

बरना

तुम दरसकि स्वाती बूँद पिला,
अब मोहन क्यों तरसाते हो?
मैं मिलन-झकोरे झूल चुकी
अब विरहा-अगन जलाते हो॥

मैं गगनमें प्रेमघटा बन खोजूँ
आश किरन बन आते हो।
पर झूमके चरन जो छूने आऊं
दामनमें छुप जाते हो।

तुम अंतर बसते हो मोहन,
पर दूरभि रहना चाहते हो।
बल अबलाके घनश्याम तुम्हीं
फिर बल किसका अज़माते हो॥

प्रभु किया भला नित लागे तेरा
तुम हर रूपमें भाते हो।
ये दासी मीरा सदा सुखी है
तुम जो नाथ कहाते हो॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বরণ

স্বাতির বিন্দুধারা সম দিয়ে
দরশন—কেন রাখো তৃষায় ?
মিলনে-ঝুলনে তুলায়ে—দাহন
করো বিরহের দুখশিখায় !

আশার কিরণরূপ ধ'রে আসো
ধাই নভে প্রেমমেঘপাখায়।
পরে যবে চাই ছুঁতে শ্রীচরণ
দিনমণি ঘনঘোরে লুকায়।

অন্তরবাসী হ'য়ে হে মোহন,
চাও কেন দূরে রহিতে হায় ?
অবলার বল হয়ে ওগো ছল,
আসো কার বল-পরীক্ষায় ?

প্রতি লীলা ভালোবেসেছি তোমার,
প্রতি লীলা আলো তোমারি ভায়।
দাসী মীরা রবে সদা সুখী বরি'
নাথ বলি' যারে চিনালে তায়।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

दासकी दासी

पिया मिलावे मोको जो--तिसपे बलिहारी जाँईं।
मैं तो नगर नगर फिर हारी--प्रीतम मिलयो नाहीं॥

देखो हरिसों और न मैं--रह दूर बसे मन माहीं।
चरनधूलसे मांग भरूँ मैं--मिले जो मोको साँईं॥

ओस बिना ज्यूँ कलियां प्यासी, मोहन बिन कुमलाई।
चातकसी तरसूँ प्रभु बिन, पा दरसन तपत बुझाई॥

सद्गुरु दयासे प्रीतम पाऊँ--और न कोई ठाँई।
मीरा दासनकी दासी प्रभु, जनम जनम शरनाई॥

अँधियार

आवत नाहीं चैन पिया अब आवत नाहीं चैन।
कल न परत पल विसरो न मोहे,
कित देखूं कित पाऊँ तोहे,
मन नहिं धरता धीर पिया बिन बरसन लागे नैन॥
शरनागतके नाथ कहावो,
अपने नामकि लाज बचावो,
अंतरयामी! अब तो आवो सुन लो जी की बैन॥
सपने पायो धेनु चराते,
जमुनातटपर रास रचाते,
मीराके प्रभु बिनति सुनो ये--कबहुं न बीते रैन॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দাসের দাসী

প্রিয়েরে যে দেবে এনে—তরে তার সকলি ছাড়িতে পারি।
যার দরশন তরে বৃথা মীরা দেশে দেশে অভিসারী।

সে যে অতুলন—যত দূরে যাক্, রবে অন্তরচারী
বিলাবে যে তারে—সিঁথির সিঁদুর করি' পদধূলি তারি।

নীর বিনা ঝরে কুঁড়ি, শ্যাম বিনা ঝরে হিয়া-রাধা প্যারী।
চাতকের বঁধু মেঘসম শুধু সে আমার তৃষাহারী।

পায় নি যে গুরুকৃপা—তারে কৃপা করে না সে-কাণ্ডারী।
যে তাহার দাস—জনম জনম দাসী রবে মীরা তারি।

আঁধার

নাই শান্তির লেশ প্রিয়তম, এ-ব্যথার কোথা পার ?
ভুলিতে পারি না চিরসুন্দরে,
দেখিতে দুরাশা জাগে অন্তরে,
মানে না যে মন মানা, প্রিয় বিনা বরষে নয়নধার।
'শরণাগতের নাথ'—নিলে নাম,
সে নামের মান রাখো রাখো শ্যাম !
অন্তরযামী ! এসো কাছে, শোনো প্রাণের কথা আমার।
স্বপনে দেখেছি তোমারে গোপাল,
যমুনার তীরে রাসের রাখাল,
মীরার মিনতি রাখো—এ-স্বপন ভাঙে না যেন গো আর।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

अभेद्

धीरे धीरे मेरे मंदिरमें कौन आया !
गहरी थी नींद सोयी किसने ये आ जगाया !

पवनका इक झकोरा संदेश उसका लाया !
बंसीकि धुनसे आके हल्केसे पट हिलाया !

पलकोंने चिक उठाई नैनन दिया जलाया !
प्रानोंने राह दे दी आसनपे ला बिठाया !

"हलचल ये दिलमें कैसी ये कौन मोहे भाया !"
मनने ये चुपके सोचा आंखोंने कह सुनाया !

अनजान था मुसाफ़िर धीमेंसे मुस्कराया !
उस्ने हँसीसे मानो पर्दासा इक उठाया !

भूला हुआ जमाना सखी, फिर याद आया।
मधुबनमें करते लीला, मोहनको मैंने पाया।

हाथ मुरलि, गल माला, सरपे मुकुट सुहाया।
राहीकि फिर जगहपर गुरूका प्रकाश आया।

बस रंग ही जुदा थे इक प्रान थे दो काया:
सब मिट गया अंदेशा मीराने सर झुकाया॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অভেদ

এলো মন্দিরে আমার সে কে মৃদুসঞ্চারী গোপনে !
আমারে জাগালে কে সে অঘোর তন্দ্রাগভীর লগনে ?

বারতা কাহার হিল্লোলিয়া এল ভেসে সখী, পবনে ?
দুয়ার আমার সাবধানে কে খুলিল বাঁশরী-রণনে ?

আঁখিপল্লব আড়াল তুলি' জ্বালিল শিখা কে লোচনে ?
প্রাণেরে আমার দেখায়ে দিশা বসালো আসনে যতনে ?

শুধালো মন : "কে চঞ্চলতা আনিল হৃদয়-কাঁপনে ?"
আঁখি চমকিল : "অতুল রূপে ভাতিল কে হেন নয়নে ?"

অচিন অতিথি উঠিল যেন মৃদু হাসি' হেন বচনে !
মনে হ'ল দিল সরায়ে এক যবনিকা সেই দোলনে !

ভুলে-যাওয়া কোন্ দিনের কথা এল ফিরে সখী, স্মরণে :
মিলিতাম যবে মধুবনে লো, রঙিনের রাস-মিলনে ।

মুরলী-অধর, শিখিচূড়া-সে মালিকাকণ্ঠ মোহনে
দেখিলাম নব রূপান্তরে লো, পান্থে গুরুর বরণে ।

গুরু নাথ ভেদ বাহিরেই—এক আলো ভায় দুই দীপনে !
সংশয় সব মিটালো পলে মীরা নমে শির চরণে ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

सहारा

एक तुम्हारी आस है मोहे एक तुम्हारी आस।
आस पराई करूँ न मोहन मोहे शरनकि प्यास॥

बल निर्बलके धन निर्धनके हो अनाथके नाथ।
तात मात तुम संग सहेला तुम ठाकर तुम साथ॥
सुख दुख प्रीतम तुम्हें ध्यायें कबहुँ न भये निरास।
एक तुम्हारी आस है मोहे, एक तुम्हारी आस॥

रूपहीन गुणहीन सही मैं कैसो भाग है पायो।
सुवर्ण हरि गुरु पारस मेरो मो पी रंग रंगायो॥
जब मीरा चरनन संग लागी भयो है कारज रास
एक तुम्हारी आस है मोहे एक तुम्हारी आस॥

मुक्ति

को नहिं रोकनहार पियाघर मीरा आज चली।
जगतरीत कुलकी मर्यादा बन कर होम जली॥

पलमें बंधन टूट गये सब बिसरी बुरी भली।
इक अभिलाषा पिया मिलनकी ढूंढे गली गली॥

प्रेमलगनकी लागी ज्वाला—झलक न जाये झली।
दिव्यरसकि वह निकली धारा, रोके कौन बली॥

बहु पावत है मीत राज सुत धन संतोष रली।
दुर्लभ पावे शरन हरीकी खिले जो भाग्यकली।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অবলম্বন

রহি শুধু তব ভরসায় প্রভু, শুধু তব ভরসায়।
আর কারো নয়—তোমারি শরণ-তৃষা বহি বসুধায়।

অবলের বল, নিঃস্বের মণি, অনাথের একনাথ!
তুমি পিতা মাতা বন্ধু দেবতা—আছ জানি সাথে সাথ।
দুঃখ সুখের ধ্যান তুমি যার—মজে সে কি নিরাশায়?
রহি শুধু তব ভরসায় বঁধু, শুধু তব ভরসায়।

রূপহীনা গুণহীনার ভাগ্য এ কী—সে পেল মধুর
হরি হেম, গুরু পরশমণি—যে রঙালো রঙে বঁধুর?
চরণার্থিনী মীরার জন্ম সফল তব কৃপায়।
রহি শুধু তব ভরসায় প্রভু, শুধু তব ভরসায়।

মুক্তি

রুখিবে মীরারে কে আজ—যবে সে প্রিয়-অভিসারে ধায়
জগতের রীতি নীতি কুল মান জ্বালায়ে প্রেমশিখায়।

ভালমন্দের বন্ধন তার কেটে গেছে লহমায়,
প্রিয়মিলনের পথদিশা প্রতি পথে আজ সে শুধায়।

এ কী অপরূপ! জ্বলে না জীবন প্রেম যবে ঝলকায়!
দিব্যরসের দুর্বার ধারা রোমে রোমে উছলায়।

ধন জন মান সুখ সন্তান বহু মিলে এ-ধরায়
শুধু যার ফোটে ভাগ্যকলি—সে হরির শরণ পায়।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

चरितार्थ

अंतरमें गोपाल, बसो प्रभु अंतरमें गोपाल !
देखे ना को, जाने ना को, छिप आना नंदलाल !
आशाका मैं महल बनाऊँ,
हिय-सिंहासन पिया बिठाऊँ,
नैनन-नीरसे चरन धुलाऊँ,
राखूं तोहे सँभाल।
कहियो ना कुछ सुनियो ना कुछ सामने रहियो लाल !
लय बंसीकी गल पहनाना,
चरन धूलका कुंकुम लाना,
हरी नाम दे मोहे सजाना
शरन मिले वरमाल।
सर्व-सुहागिन मीरा नाचे नूपुर देवे ताल ॥

अभिलाषा

मन ! हरी-मिलनका चावो मो अब हरीमिलनका चावो ॥

कुँइ- तो चंदा संग राची नित कुंज मिले दरियाओ।
मैं ही क्यों प्रीतम बिन तरसूं—कबहूँ दरस दिखावो ॥

चंदा तेरी आरति पल छिन दुख राहूसे पाओ।
ऐसो गहन लगो बिरहाको अंग अंग दिया जलावो ॥

बिन माँगे तो सब पायो प्रभु माँगूं तो तरसावो।
मीरा तुम बिन और न चाहे—अपनी शरन लगावो ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

চরিতার্থা

অন্তরে হে গোপাল, থেকো তুমি অন্তরে হে গোপাল
দেখিবে না কেহ, জানিবে না—এসো নিভৃতে নন্দলাল
আশার নিলয় নির্মাণ করি'
হৃদয়-সিংহাসনে লব বরি',
নয়নের নীর চরণে নিঝরি'
রাখিব নিরালে লাল !
নয়নের মণি নয়নে আমার রাজিবে—নাশি' আড়াল।
কণ্ঠের হার হবে বাঁশিসুর,
পদধূলি তব সিঁথির সিঁদুর,
হরিনাম নামাবলী সুমধুর,
শরণ লভি' দয়াল !
সুভাগিনী মীরা নাচিবে শুনিয়া নীল নূপুরের তাল

একান্তা

হরির মিলন চায় শুধু মীরা হরির মিলন চায়।

সারস সে পায় সরসীরে, বঁধু চাঁদে কুমুদিনী পায়
শুধু কি মীরাই রবে প্রিয়তম-দরশন-পিপাসায় ?

রবিশশীর সে-ব্যথা পলতরে রাহুর অধীনতায় !
মীরার বিরহ দহে তার প্রতি অঙ্গ তাপশিখায়।

না-চাহিতে পেয়েছিল যে সকলি—চাহিয়া জ্বলে তৃষায়।
তোমা বিনা মীরা নয় কারো আশী—শরণ দাও কৃপায়।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

तारक

सुनसान सहराओंमें...अनजानसि राहोंमें...
भूले हुए राहीको...
गुमराह घटाओंने...
ये किसके इशारेपर...बिजली कि चमक देकर
पहुँचा दिया छावोंमें...
गुमराह घटाओंने. !

सागरमें तूफानोंसे...भँवरोंके दहानोंसे...
डोली हुई नैयाको...
लहरोंके बहानोंसे...
ये किसने बचा डाला...साहिलसे लगा डाला...
रहमतके तरानोंसे...
लहरोंके बहानोंसे।

जीवनके झमेलेमें...दुनियांके मेलेमें...
राहबर है कोइ मेरा...
हमदम है अकेलेमें...
तिनका मैं हो करके...साथी तुम्हें खो करके...
बह जाउँ न रेलेमें
दुनियांके झमेले में।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তারক

এই গহন মরুভূমিতে কে সে...এক অচিন অজানা পথশেষে...
আজ পথভোলা পথচারিণীরে...
কালো মেঘের ঘনঘটায় হেসে...
জ্বালি' বিদ্যুৎচমক দোদুলে...দিল দিশা এক ছায়া-উপকূলে...
আলো-নন্দিত ইশারায় ভেসে...
কালো মেঘের ঘনঘটায় হেসে !

ভব-সাগরে তুফান-রলরোলে...গাঢ় আবর্ত-কলকল্লোলে...
তরী উধাও যখন দিশাহারা...
সেই উত্তাল তরঙ্গদোলে...
এসে রক্ষা কে করিল আমারে...কূল মিলালো গো অকূলপাথারে...
তার করুণাকান্ত হিল্লোলে...
সেই উত্তাল তরঙ্গদোলে !

এই জীবনের অশান্তিমাঝে...বহুবিচিত্র ধরণীর সাজে...
কোন্ দিশারি নিরালে দিল দেখা...
প্রতি নিশ্বাসে যে নিতি বিরাজে !...
আমি তৃণসম চলেছিনু কাঁদি'...যবে হারায়ে তোমারে চিরসাথী...
দিল ঠাঁই সে কে—আজো চিনি না যে...
প্রতি নিশ্বাসে যে নিতি বিরাজে !

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

अभिसारिका

गिरधरके घर जाउँ सखी मैं, मोहनके घर जाउंगी।
वह तो मेरो साँचो प्रीतम, उन बिन और न चाहुंगी॥

मिलो कलंकसो झूमर बनयो माथेका सिंगार।
मोहकि बेड़ी झाँझर हो, बजि नूपुरकी झनकार॥
पी कारन सब झेलुंगी, सब खोकर पीको पाउंगी।
गिरधरके घर जाउँ सखी मैं, मोहनके घर जाउंगी॥

भवसागरमें जीवन नैया, प्रेम बने पतवार।
पिया मिलनको चली बावरी, सूझे आर न पार॥
तूफानोंसे खेलुंगी मैं—लहरोंके संग गाउंगी।
गिरधरके घर जाउँ सखी मैं, मोहनके घर जाउंगी॥

चुभते काँटे लाल रंगुंगी, पथपे दुंगि बिखार।
देखके कोइ प्रेमपुजारी राह पाये किसिबार॥
आप चले आये पी मिलने—ऐसी प्रीत लगाउंगी।
गिरधरके घर जाउँ सखी मैं, मोहनके घर जाउंगी॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অভিসারিকা

গিরিধারী মনোমোহনের ঘরে যাব সখী, অভিসারে
চাই না সে বিনা আর কারে—জানি প্রিয়তম শুধু তারে

কলঙ্ক হ'ল সিঁথির সিঁদুর, মাথার মণি শোভার।
মোহশৃঙ্খলো হ'ল কিঙ্কিণি—পায়ে পায়ে ঝঙ্কার।
তার তরে সয় সকলি—হারায়ে সকলি জিনিব তারে।
গিরিধারী মনোমোহনের ঘরে যাব সখী, অভিসারে।

এ-ভব-সাগরে জীবন—তরণী, প্রণয়—কর্ণধার।
প্রিয়ের মিলন-আকুলা চায় না কারো পানে ফিরে আর।
তুফানেরো সাথে খেলিব—উধাও ঢেউ সাথে গাহিয়া রে।
গিরিধারী মনোমোহনের ঘরে যাব সখী, অভিসারে।

বিঁধিলে কাঁটা সে-রক্তে আঁকিব চিহ্ন পথে আমার,
দেখি' যারে পরে প্রেমের পান্থ দিশা পাবে পথে তার।
বেসে ভালো তারে আনিব টানিয়া, আড়াল মানিব না রে
গিরিধারী মনোমোহনের ঘরে যাব সখী অভিসারে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

विरहिणी

काह करूँ कित जाउँ पिया बिन, काह करूँ कित जाऊँ?
अंग अंग तरसे हरीमिलनको किस बिध कल नहिं पाऊँ।

कजरे नैनमें मोती मानो कारी रैनमें तारे।
भोर भये वह तो छिप जायें ये चिरसाथ हमारे।
विरहन बदली अँसुअन जल ले पी पर जा बरसाऊँ।
काह करूँ कित जाउँ पिया बिन काह करूँ कित जाऊँ?

राह कि माटी जो मैं होती, दुर्लभ होते ये भाग।
आते जाते दरसन पाती, चरनसुँ जाती लाग।
मुख ना बोलूँ, मनमें रोलूँ, दुख मैं किसे सुनाऊँ?
काह करूँ कित जाउँ पिया बिन काह करूँ कित जाऊँ?

पवन झकोरा जो मैं होती, पी संग करति कलोल।
चूम श्यामका मुख धीमे बनती मुरलीके बोल।
मीरा प्रभु बिन भई बावरी, कैसे धीर बँधाऊँ?
काह करूँ कित जाउँ पिया बिन काह करूँ कित जाऊँ?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বিরহিণী

কোন্ পথে সখী মিলিবে বঁধুয়া কোন্ আকুলতা-সাধনে ?
শান্তি কোথায় ?—প্রতি তনু-অণু চায় যে তাহার মিলনে।

কালো চোখে জল ছলছলে—যেন কালো রজনীর তারা :
পোহালে নিশীথ মিলাবে তারকা—অশ্রু দিবে পাহারা।
গলায়ে বিরহমেঘ আঁখিনীরে ঝরাব তাহার চরণে।
কোন্ পথে সখী, মিলিবে বঁধুয়া, কোন্ আকুলতা-সাধনে

পথের ধুলাও হ'লে—সে-ভাগ্য গণিতাম বহুদুর্লভ,
দেখিতাম নিতি সে-পান্থে, চুমিতাম সে-চরণ বল্লভ,
মুখে নাই কথা, মনে কাঁদি, রাখি বেদনা মৌন-গহনে :
কোন্ পথে সখী, মিলিবে বঁধুয়া, কোন্ আকুলতা-সাধনে ?

সমীরণদোলা হ'লে—সাথে তার করিতাম কলকল্লোল,
চুম্বিয়া তার মুখ হ'তাম লো তার মুরলীর মধুবোল।
বঁধু বিনা আজ মীরা উদাসিনী ধৈরয ধরে কেমনে ?
কোন্ পথে সখী, মিলিবে বঁধুয়া, কোন্ আকুলতা-সাধনে ?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

चिर साथी

सुनी न मोरी बात पियाने सखी सुनी नहिं बात।

बैरिन हो गयि रात सखी पी एक सुनी नहिं बात।
मुख नहिं बोले द्वार न खोले दिसना लगी प्रभात।

जल बिन कोंइ मेह बिन खेती ज्यों चंदा बिन रात
विफल बिना हरि जीवन ऐसा प्रेम-कली कुमलात।

बीचि तरंगसुँ, हृदय उमंगसुँ, फूलसुँ रंग सुहात।
मीरा यूँ हरि नामसुँ राची सिमर सिमर सुख पात।

जगकी निंदा उपमा झूठी—काहे मन भरमात?
पावमान है शरन गुरूकी जनम मरन दुख जात।

अधीरा

बीते नाहीं रैन पिया बिन...अब दिन बीतत नाहीं।
पंथ निहारूँ साँझ सकारे...
भोर भई प्रभु, गिन-गिन तारे...
दूखन लागे नैन पिया बिन...अब दिन बीतत नाहीं॥
मन हर लीनो मुरलि बजाके...
नैन फिराये नैन लगाके...
कासे कहूँ ये बैन पिया बिन...अब दिन बीतत नाहीं।
निसदिन विरहा अगन जलाये...
प्रभु बिन ये जीवन ना भाये ...
मीराको ना चैन पिया बिन... अब दिन बीतत नाहीं।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

চিরসাথী

শুনিল না বঁধু কোনো কথা সখী, কাটিল বিষাদ রাত।
নিশা হ'ল সখী বৈরী আমার—শুনিল না কথা নাথ!
কহিল না কথা, খুলিল না দ্বার, ব্যথার এল প্রভাত।

জল বিনা কুমুদিনী, মেঘ বিনা মাটি, নিশা বিনা চাঁদ,
প্রেমকলি ঝরে বিফল—যেমন প্রাণ বিনা প্রাণনাথ।

ঢেউ সাথে গতি, হিয়া সাথে আশা, রঙ কুসুমের সাথ,
মীরা চায় শুধু হরিনাম সাথী—স্মরণের সুখসাধ।

মিথ্যা ভবের স্তুতি ও নিন্দা, আনে নিতি পরমাদ,
গুরুর পাবন শরণে—জনমে মরণে মিলে প্রসাদ।

অধীরা

বঁধু বিনা রাতি মরে গুমরিয়া...কেমনে কাটিবে দিন?
পথ পানে চাই...কোথা চিতচোর?
গুনি' তারা প্রভু, নিশি হয় ভোর!
বঁধু বিনা ওঠে নয়ন ব্যথিয়া...কেমনে কাটিবে দিন?
মুরলী বাজায়ে হরি' প্রাণমন,
নয়ন মজায়ে ফিরাও নয়ন,
বঁধু বিনা কারে বলিব কাঁদিয়া...কেমনে কাটিবে দিন?
বিরহ-অনল জ্বলে অনুখন···
নাথ বিনা ধরি কেমনে জীবন?
বঁধু বিনা মীরা পুছে উছসিয়া...কেমনে কাটিবে দিন?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

प्रीत

प्रीत नहीं है खेल सखी री, खेल नहीं है प्रीत।
राह साँकरी प्रेमनगरकी—कठिन मिलनकी रीत।

लोकलाज तज जग बिसराके...
उठना पग पग ठोकर खाके...
आश न टूटे आश न पाके...प्रभु जावे है जीत॥

मीरा आई गुरू शरनमें
भली बुरी सब सौंप चरन में
टेक तिहारी जनम मरनमें पायो मनका मीत॥

अरज़

फिर सपनोंमें क्यों आते हो?
क्यों मुरली बजा फिर पीर जगा प्रभु भूले राग सुनाते हो?

तुम प्रेमसुधाके हो सागर मैं जनम जनमकी प्यासी हूं।
मन व्याकुल है तरसत नैना, तुम दूर खड़े मुसकाते हो।

तुम नील गगन मैं हूँ बदली: प्रभु छोड़ तुम्हें मैं जाउँ कहाँ!
जी भर आया बंध टूट गये, छलिया हो हाथ न आते हो!

मीराके मोहन निर्मोही तुम रूठे बिधना रूठ गई।
प्रभु बहुत भई मैं हार गई, अब आवो क्यों तरसाते हो?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

প্রেম

প্রেম খেলা নয় নয় সখী, খেলা নয় প্রেম-পরিচয়।
অগম প্রেমের পথ—মিলনের রীতি তো সহজ নয়।
লোক লাজ ছাড়ি' জগৎ ভুলিয়া
পড়িলে চলিতে হবে যে উঠিয়া,
আশা বিনা বুক আশায় বাঁধিয়া, জানি'—হবে তাঁর জয়
মীরা আজ এল গুরুর শরণে
ভালো ও মন্দ সঁপি' শ্রীচরণে,
তাঁরি ভরসায় জনমে মরণে—হবে আঁখি-বিনিময়।

অনুরোধ

কেন ফিরে ফিরে আসো স্বপনে ?
কেন বাঁশিসুরে ব্যথা জাগায়ে শোনাও ভোলা রাগ সুখ-স্মরণে ?

তুমি অমৃত-প্রেমের সিন্ধু, আমি যে জনম জনম পিয়াসী।
আঁখি তৃষিত, ব্যাকুল অন্তর যবে, দূরে থেকে হাসো কেমনে ?

তুমি নীলাকাশ, আমি মেঘ, সে-কোথায় যাব বলো ছেড়ে তোমারে
বাঁধ ভেঙে ভেসে যায় হিয়ার দুকূল, তবু দূরে থাকো ছলনে!

হয় নিয়তি বিরূপ—তুমি যদি হও বিমুখ, মীরার বঁধুয়া।
হার মেনেছি যখন—কেন আর প্রভু, রাখো বিরহের তাপনে ?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

अनुयोग

कहो तो, तुम्हें भी कभी याद आयें:
ये सावन कि झड़ियां, ये चंचल हवाएं....
ये नीले हिंदोलेमें ऊदी घटायें....
तराने ये झरनोंके... कोयल कि आहें...
तुम्हारे बिना श्याम यह भी न भायें...
कहो तो, तुम्हें भी कभी याद आयें?

कहो तो, तुम्हें भी कभी याद आयें:
ये तारों कि चुनरी ले दुल्हन सि रातें...
ये मदहोश कलियों से भँवरों कि घातें...
ये सखियों कि टोली तुम्हारी हि बातें...
तुम्हारे बिना श्याम, यह भी न भायें...
कहो तो, तुम्हें भी कभी याद आयें?

कहो तो तुम्हें भी कभी याद आयें:
न भूले तुम्हारा व पनघट पे आना...
अमर राग माधो व मुरली पे गाना...
व प्रानोंके तालों पे नूपुर बजाना...
तुम्हारे बिना श्याम हम भी न भायें...
कहो तो, तुम्हें भी कभी याद आयें?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অনুযোগ

বঁধু, বলো তো, আসে সে-সব কথা ফিরে কি তব স্মরণে ঃ
সেই শ্রাবণ রাতে অঝোর ধারা চঞ্চল সে-পবনে ?
ঘন পিঙ্গল সে-জলদে নীল হিন্দোলের ঝুলনে ?
সুখ- নির্ঝরের সে-কলগান পিকের তৃষা-কূজনে ?
বিনা তুমি যে-রূপলীলায় কারো জাগে না মন কাঁপনে ঃ
বঁধু, বলো তো, আসে সে-সব কথা ফিরে কি তব স্মরণে ?

বঁধু, বলো তো, আসে সে-সব কথা ফিরে কি তব স্মরণে ঃ
সেই চুম্‌কিতারা-ওড়নাপরা নিশাবধূর চাওয়া,
সেই আধেক-জাগা কলির বুকে অলির গান-গাওয়া,
তব স্মৃতির তরী সখীদের সে-কথার ঢেউয়ে বাওয়া,
বিনা তুমি যে-রূপলীলায় কারো জাগে না মন কাঁপনে ঃ
বঁধু, বলো তো, আসে সে-সব কথা ফিরে কি তব স্মরণে ?

বঁধু, বলো তো, আসে সে-সব কথা ফিরে কি তব স্মরণে ঃ
সেই যমুনাকূলে তোমার রাস অবিস্মরণীয় ।
সেই অমর-রাগ-আলাপ, ওগো মুরলী-কমনীয়,
প্রতি প্রাণের তালে বাজিত তব নূপুর যবে প্রিয় !
বিনা তুমি যে-রূপলীলায় মোরা মুরছি আজ বেদনে ঃ
বঁধু, বলো তো, আসে সে-সব কথা ফিরে কি তব স্মরণে ?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

बद्रिया

अब घर आवो घनश्याम, बदरिया बरसन को आई।
हैं भीजे मोरे नैन ये तेरी याद पिया लाई॥

झूम प्रेम में डारी डारी,
गले मिले हैं हो मतवारी,
कूक रही है कोयल कारी,
हरी इसे भि आश तिहारी,
हैं सखियां देखें, बाट उदासी, मधुबन है छाई।
अब घर आवो घनश्याम, बदरिया बरसन को आई॥

बरखासे बूँदन हार लिया,
प्रभु झलक रहा बिजरिका दीया,
सुन बिनती—आ जा साँवरिया,
है कमल-सिंहासन सजा पिया,
ना पावे मीरा चैन हरी बिन बरखा ना भाई।
अब घर आवो घनश्याम, बदरिया बरसन को आई॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বাদল

গৃহে এসো হে আমার ঘনশ্যাম, যবে বরষে বাদলধারা।
ওঠে উথলি' নয়ন—স্মৃতি তব যবে আনে বহি' বঁধু তারা।

তব প্রেমে শাখাদল হ'ল যে উতল,
নেচে ওঠে শুনে মেঘের মাদল,
কোকিল হ'ল যে কুহু-উচ্ছল,
তব আশে হরি, সাজে চলাচল,
ব্রজসখী শুধু পথ চেয়ে রয়, মধুবন দিশাহারা।
গৃহে এসো হে আমার ঘনশ্যাম, যবে বরষে বাদলধারা।

দেখ, বরষা গাঁথিল কত জলহার,
ঝলকে বিজলিদীপ অনিবার,
এসো কাছে, বোসো—মিনতি মীরার—
কমল-সিংহাসনে হে তোমার,
তুমি বিনা সবি আঁধার—মেঘে না ফুটিলে তব ইশারা।
গৃহে এসো হে আমার ঘনশ্যাম, যবে বরষে বাদলধারা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

साधना

याद तुमको कभी मेरी नहीं आती ?
असर पूजा नहीं इतना भी दिखलाती !

दरद चाहत मे इतनी भी नहीं मेरे
सदा दिलकी तभी तुम तक नहीं जाती !

तुम्हें पाया अगर तुममें तो क्या पाया !
निगाहें क्यूँ तुम्हें हर सू नहीं पाती !

वही मधुबन वही लीला वही तुम हो,
बजे मुरली सुनी प्रभु क्यूँ नहीं जाती !

झुके जो ना खुदी मेरी मिटा डालो,
प्रेम वीना नहीं दो सुर मे पी, गाती।

वेदना

प्रीत किये दुख होये सखी रि प्रीत किये दुख होये।
नैनन जल से भीजे आँचल पीर न मन की धोये।

हरी मिलन की रीत नियारी,
कठिन मिलत है हृदयविहारी,
जीते वह जो आपा हारे वह पावे जो खोवे।

सखी, प्रेम है खेल नहीं है,
दूई है तो मेल नहीं है,
भाव तोल ना मीरा जाने, हरि भावे सो होये।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সাধনা

ভুলেও কখনো কি আমার কথা প্রভু জাগে না মনে ?
সাধিয়া এত তবু পাব না ঠাঁই কি গো তব স্মরণে ?

চাওয়ার বেদনা কি এতই ক্ষীণ তবে আমার বঁধু ?
আমার ডাক তাই পারে না উপনীতে তব চরণে ?

তোমারি মাঝে শুধু তোমারে পেলে লাভ কী তায় বলো ?
প্রতি অণুর মাঝে তোমারে দেখিব হে কবে নয়নে ?

সেই যমুনা, লীলা সেই তো, লীলাময় সেই তো তুমি,
মুরলী আজো গায়, শুনি না তবু বলো কেন শ্রবণে ?

ইচ্ছা যদি মোর না হয় নত—তারে লুপ্ত করো।
প্রেমবীণা কি তুমি আমি এ-দুই সুরে বাজে ভুবনে ?

বেদনা

ভালোবেসে শুধু ব্যথা পাই সখী, পাই ব্যথা বেসে ভালো।
আঁখিনীরে হয় সিক্ত আঁচল, মোছে না মনের কালো।
অপরূপ বঁধুয়ার প্রেমরীতি,
বহুদুর্লভ হৃদয়-অতিথি,
হার মেনে শুধু লভি জয়, পায় সে-ই—যে সব হারালো।
প্রেম নাম যার—সে তো খেলা নয়,
তিল-ব্যবধান সে যে নাহি সয়,
জানে না তো মীরা ভাবনা বিচার—তারি ভাব বাসে ভালো।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

हरिनृत्य

मैं गिरधर आगे नाचुंगी मनमोहन आगे नाचुंगी।
प्रेम कि पायल संत ताल दें हरी नाम सूँ नाचुंगी,
मनमोहन आगे. नाचुंगी ॥

मैं शाम नाम की जाचक हुंगी गली गली पी जाचुंगी।
घूंघट के पट खोल आज बन्न प्रेम पुजारिन नाचुंगी,
मनमोहन आगे नाचुंगी ॥

मैं गुरुचरन की धूली हुंगी तो ही हरि रंग राचुंगी।
जनम जनम की टूटी मीरा जोड़ पिया संग नाचुंगी,
मनमोहन आगे नाचुंगी ॥

लूट

मुरली बजा के लूट लिया—तू ने क्या किया ?
दिल ही में आ के लूट लिया—तू ने क्या किया ?

सपना सा बन के आये थे जीवन हि बन गये !
जीवन बसा के लूट लिया—तू ने क्या किया ?

दिल की लगा के शाम तुम ने दिल्लगी करी !
कैसी अदा से लूट लिया—तू ने क्या किया ?

मधुबन में बन के आये थे मोहन, बहार तुम।
गुलशन से जा के लूट लिया—तू ने क्या किया ?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হরিনৃত্য

আমি প্রিয়ের নয়নতলে নাচিব উছলি' মন-
মোহনের আঁখিতলে নাচিব।
প্রেমের নূপুরতালে দেবে তাল জনে জনে,
হরির প্রণয়দোলে নাচিব।
মন- মোহনের প্রেমদোলে নাচিব।

আমি বঁধুর মধুনামের যাচিকা হব লো আজ,
পথে পথে শুধু তারে যাচিব।
অবগুণ্ঠন নয় নয় আর—হ'য়ে প্রেম-
পূজারিণী অভিসারে নাচিব।
মন- মোহনের প্রেমদোলে নাচিব।

আমি গুরুচরণের ধূলি হ'য়ে হরিরঙ্গের
উল্লাসে আজ সখী মাতিব।
জনম জনম বহিয়াছি যত বন্ধন—
সব টুটি' প্রিয় সাথে নাচিব।
মন- মোহনের প্রেমদোলে নাচিব।

অপহৃতা

তুলি বাজায়ে মুরলী মজালে সকলি...এ কী লীলা ছলনা!
এসে হৃদি বিহ্বলি' যাও তারে দলি'...এ কী লীলা বলো না!

এসে স্বপনের রেশে বঁধু, ভালোবেসে বসিলে জীবন জুড়ে।
পরে জীবন-বিভবও নিলে কেড়ে—তব এ কী লীলা বলো না!

প্রাণে জাগায়ে প্রণয়, হে শ্যাম নিদয়, এ কী পরিহাস হায়!
কোন মাধুরী ছন্দি' করিলে বন্দী...এ কী লীলা বলো না।

তুমি রচি' মধুবনে বসন্ত-স্বনে বিছায়ে মোহন মায়া
সেই ফুলমেলা বরি' পরে যাও সরি'...এ কী লীলা বলো না।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

निठुर

मोसे काहे को नैन मिलाये हरी,
अब नैन फिरा मुख मोड़ो क्यों ?
चित डोल रहा—अखियाँ हैं भरी
प्रभु, प्रीत लगा अब तोड़ो क्यों ?

मैं पथिक अदान हूँ द्वार पड़ी,
मोहे बालक जान सँभाल हरी !
लाखों अवगुन गुन एक यही
मो शरन लगा अब छोड़ो क्यों ?

सुन शोभा इस दरबार कि मैं,
तन मन धन आई वार के मैं,
जल पंख गये इस दीपक पर
हो आड़ में ओढ़नी ओढ़ो क्यों ?

दासी बन सेवा करूँ सभी,
जी की भी एक कहूँ न कभी।
मोहे चरनन संग लगा लो प्रभु,
मेरा विरहा से नाता जोड़ो क्यों ?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

নিষ্ঠুর

(মিশ্র লঘুগুরু ছন্দে)

নয়নে প্রেমনয়ন মিলায়ে হরি,
সহসা কেন আজি ফিরালে আনন ?
মন চঞ্চল—অশ্রু ঝরে নিঝরি'...
কেন বাঁধি' প্রণয়ে টুটিলে হে বাঁধন ?

দেখ দ্বারে তোমার অনাথ পথিক,
শিশুরে করো শান্ত শ্রীকান্ত, ক্ষণিক।
অপরাধ অগাধ দয়াল ক্ষমি'
এনে শরণে বিদায় দিতে চাহ এখন ?

শুনি' নন্দন তব চিরসুন্দর নাথ,
সঁপিতে তনুমনধন জাগিল সাধ,
দহি পর্ণযুগল তব স্বর্ণশিখায়
করো গুণ্ঠিত বঁধু তব দীপ্তি মোহন !

মীরা দাসী একান্ত তোমারি প্রভু !
বেদনা কহিবে না সে কারে কভু।
চাই চরণসঙ্গ যবে, মিলনপথে
আনো বিরহব্যথা—তব লীলা কেমন ?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

शरणागता

याद तिहारी ओ गिरधारी बिसरत ना बिसराये।
साँझ सकारे नैन हमारे रहते आस लगाये।
सांवरि सूरत मनहर मूरत गल बिच माल सजाये।
मुरलि बजाई रास रचाई नुपुर चरन सुहाये।

कहत पुरानी लोग कहानी सपना कोई बताये।
तुम थे तुम हो जाने प्रभु सो बड़े भाग जिन पाये॥
दासी मीरा भई अधीरा तुम बिन पल ना भाये।
शरन तिहारी कुंजविहारी जनम जनम हम आये॥

चिरंतन

तुम्हें बिसारूँ क्यों जीऊँ हरि, तुम्हें विसारूँ न जीऊँ!

मेरे तो प्रभु मीत तुम्हीं हो,
जीवन में संगीत तुम्हीं हो,
प्रीतम तुम हो, प्रीत तुम्हीं हो, तुम्हें विसारूँ न जीऊँ।

नैनन में प्रभु तुम ही ज्योति,
सीप पिया मैं, तुम हो मोति,
गुरू चरण बिन गति नहिं होती, तुम्हें बिसारूँ न जीऊँ।

भवसागर में डोले नैया,
तुम बिन मेरा कौन खिवैया?
जगतारण गोकुलके बसैया, तुम्हें बिसारूँ न जीऊँ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শরণাগতা

হে মনোমোহন, তোমার আসন ভুলেও ভোলা কি যায় ?
রজনীবিহান তৃষিত নয়ান চেয়ে রয় দুরাশায়।

শ্যামল মুরতি, অপরূপ জ্যোতি, শ্রীকণ্ঠে মালা ভায়।
বাজায়ে মুরলী রাস উচ্ছলি' নূপুর প্রেমে বাজায়।

অতীতের কথা স্বপনবারতা ব'লে ওরা হাসে হায় !
ছিলে তুমি নাথ, আছ সাথে সাথ—দেখে যে করুণা পায়।

তব দাসী মীরা বিরহ-অধীরা—তোমা বিনা মুরছায়,
জনম জনম তোমারি পরম শরণ শুধু সে চায়।

চিরন্তন

তোমারে ধরণিতলে ভুলিব কেমনে হরি ? ভুলিলে কি রবে দেহে প্রাণ ?
তুমি বিনা বন্ধু কে আছে বা আমার আর,
বেসুরা জীবনে সে কে সুরেলার ঝঙ্কার ?
প্রেম তুমি, প্রিয়তম সেও তুমি হে আমার—ভুলিলে কি রবে দেহে প্রাণ ?
নয়নে আমার রাজো তুমি নাথ চির-জ্যোতি,
অন্ধ শুক্তি আমি, তুমি শ্রীকান্ত, মোতি,
তুমি গুরু, শ্রীচরণ যাঁর অগতির গতি—ভুলিলে কি রবে দেহে প্রাণ ?
টলমল করে তরী এ-ভবার্ণবে হায়!
তুমি বিনা কে আমার কাণ্ডারী ঝটিকায় ?
নিখিলতারণ যিনি শরণও তাঁহারি পায়—ভুলিলে কি রবে দেহে প্রাণ ?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

चिर सुन्दर

मधुबन में कौन छबीला सखी री, मुरलि बजाने आया ?
सूनी थी जीवन वीना—कोई साज्ञ मिलाने आया !
सिर मोर मुकुट गल माला,
हैं नैन सखी मधु हाला,
छवि सुन्दर रूप निराला वह तो मन भरमाने आया !
जिस राग से राधा मोही,
सुन तान व सुध बुध खोई,
जिस प्रेम सा और न कोई वह ही प्रेम सिखाने आया !
जीवन की बगिया महकी,
आशा की कोकिल चहकी,
हरि प्रीत कि लौ फिर लहकी कोई ज्योत जलाने आया !

अचंचल

चंचल मन मत भूल—हरी बिन को न सहाई तेरा।
तेरी नैनन ज्योत पिया हैं—प्रभु बिन घोर अँधेरा॥
मृग कस्तूरी बन में ढूंढे, तू खोजे प्रभु मंदर।
इत उत दोनों भागें मूरख, जाने न धन अंदर॥
हरी चरन से मिलो बावरे, काहे दुख में घेरा।
चंचल मन मत भूल हरी बिन को न सहाई तेरा॥
मोह का छाड़ किनारा, प्रेम के सागर डाली नैया।
अपने थे सो हूए पराये, अब इक शाम खिवैया॥
मान भँवर में डूब न जाना, पार पिया का डेरा।
चाहे मारे राखे स्वामी—तू गुरु घर का चेरा॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

চিরসুন্দর

সখী মধুবনে কোন্ ভুবনমোহন উজলি' আঁধার এলো ?
ছিল বীণা যে আমার মূকঝঙ্কার, কে বাঁধিতে তার এলো
শিরে শিখিচূড়া, গলে মালা,
তুটি আঁখিতে আবেশ ঢালা,
যার রূপে অধরাও আলা সে মোহিতে মানস ধরার এলো !

শুনি' রাগিণী যাহার রাধা
পথে জিনিল কাঁটার বাধা,
যার প্রেমে প্রেম হয় সাধা সে-দিশারি প্রেমের দিশারি এলো !

এই জীবনে বিছায়ে নন্দন,
আশা- কোকিলে শিখায়ে বন্দন,
সে কে হরিসাধের চিরন্তন জ্যোতি জ্বালাতে অপার এলো !

অচঞ্চল

ভুলিস না ভোলা মন ওরে, তোর নাথ বিনা নাই কোন সহায়।
নয়নের আলো তারে বাস্ ভালো, সে-বিহনে কালো ঘোর ঘনায়।

মৃগনাভিবাস খুঁজে মৃগ ফেরে, মন্দিরে তুই খুঁজিস কারে ?
অন্দরে আছে যে-গহন তারে বাহিরে চাহিলে মিলিবে না রে !
শ্রীচরণে তার নে শরণ ভোলা, না থেকে বন্দী তুখকারায়।
ভুলিস না ভোলা মন ওরে—তোর নাথ বিনা নাই কোন সহায়।

মোহমায়াকূল বিছায়ে অকূল পাথারে প্রেমের ভাসালি তরী,
আপনার যারা হ'ল পর, আজ কাণ্ডারী তোর শুধু শ্রীহরি।
গর্বতুফান পারালে মিলিবে পার সে-পারীর চরণছায়।
জীবন মরণ তারি হাতে জেনে গুরুদাস হ'য়ে থাক ধরায়।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

अविस्मरणीय

याद तेरी आ रही है—शाम से कहना सखी !
दरद बन कर छा रही है—शाम से कहना सखी !

याद तुम को सांवरे जिसकी कभी आती नहीं,
भूल कर भी वह तुम्हें तो भूल पाती ही नहीं।
दूर कोयल गा रही है—शामसे कहना सखी !
याद मुरली ला रही है—शाम से कहना सखी !

मैं तो चुप हूँ पर ये नैनाँ जो कहे जाते सभी,
दरद पहलू में दबा लूं ये छलक आते तभी।
शांत यमुना जा रही है शाम से कहना सखी !
याद तेरी ला रही है शाम से कहना सखी !

चाँद निकला तो सही, पर रैन कजरी ही रही।
नैन ज्योती शाम तुम हो, तुम बिना सूझे नहीं।
उमर बीती जा रही है—शाम से कहना सखी !
याद तेरी आ रही है—शाम से कहना सखी !

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust.•Funding by MoE-IKS

অবিস্মরণীয়

তোমার কথা মনে আসে যে ফিরে ফিরে—
শ্যামলে গিয়ে সখী, বলিস আজ।
বেদনা হ'য়ে আছে সে যে জীবন ঘিরে—
শ্যামলে গিয়ে সখী, বলিস আজ।
ভুলেও যার কথা তোমার, ওগো প্রভু,
পড়ে না মনে আর বারেকো হায়,
পলক তরেও-যে তোমার কথা কভু
ভোলে না হৃদি তার এ-বসুধায়।
কোকিল গায় দূরে আকুলতার তীরে—
শ্যামলে গিয়ে সখী বলিস আজ।
মুরলী-স্মৃতি আসে মলয়ে ফিরে ফিরে—
শ্যামলে গিয়ে সখী, বলিস আজ।
বলিতে চাই না তো, শুধু না-বলা কথা
নয়নপথে হয় নিতি উছল,
হৃদয়ে রাখি চাপি' হায় হৃদয়ব্যথা
উথলি' ওঠে হয়ে অশ্রুজল।
যমুনা ব'য়ে যায় শান্ত মঞ্জীরে—
শ্যামলে গিয়ে সখী, বলিস আজ।
তোমার স্মৃতি আসে তারো-যে ঢেউয়ে ফিরে—
শ্যামলে গিয়ে সখী, বলিস আজ।
উঠেছে চাঁদ—তবু নিশার চোখে আছে
জড়ায়ে কাজলের অন্ধকার।
নয়নে আসে নিতি যে আলোরূপসাজে
কোথা অরুণ—বিনা করুণা তার?
দিনের পর দিন যায় যে বিফলি' রে—
শ্যামলে গিয়ে সখী, বলিস আজ।
তাহারি কথা মনে আসে যে ফিরে ফিরে—
শ্যামলে গিয়ে সখী, বলিস আজ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

सफलसाधन

गोविंद लीनो मोल सखी, मैं लीनो गोविंद मोल।
लोग कहें में पायो मँहगा लिया तराजू तोल॥

रूप नहीं गुनहीन सखी मैं रतन अमोलक पायो।
ज्ञान ध्यान तो जानूं नाहीं—प्रेम का बाट चढ़ायो॥
छलिया को छल लीनो मैं नें, नाम उसी का बोल।
गोविंद लीनो मोल सखी, मैं लीनो गोविंद मोल॥

नैनन में अब राखूं प्रीतम, पलकों की चिक डाल।
वैरी जगत ना छीने धन ये, लूट न पाये काल॥
जनम जनम की टूटी बाँधी, मीरा कबहू न डोल।
गोविंद लीनो मोल सखी, मैं लीनो गोविंद मोल॥

लीला

ज़रा तो इतना बता दो दाता, ठगी ये फँसी लगा रहे हो।
मुझी में रह कर मुझी से अपनी खोज सदा तुम करा रहे हो॥

हृदय भि तुम हो, तुम्हीं हो प्रीतम, प्रेम भि तुम हो, तुम्हीं हो प्रेमी।
पुकारता दिल तुम्हीं को क्यूं फिर, तुम्हीं जो दिल में समा रहे हो॥

प्राण भि तुम हो, तुम्हीं हो काया, नैन भि तुम हो, तुम्हीं हो ज्योती।
तुम्हीं को लेकर तुम्हीं को ढूंढूं, निराली लीला रचा रहे हो॥

भाव भि तुम हो, तुम्हीं हो रसना, संगीत तुम हो, तुम्हीं हो रचना।
स्तुती तुम्हारी तुम्हीं से गाऊँ, नयी ये रीती सिखा रहे हो॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সফল সাধন

নিয়েছি গোবিন্দেরে কিনিয়া সজনী, আমি গোবিন্দে কিনেছি অতুল্য।
লোকে বলে এত দাম দিবে কে অবোধ? শুধু
আমি জানি: এ নহে বাহুল্য।
নাই রূপগুণধন দুর্লভ সে-রতন
কেমনে তবুও হ'ল আমারি?
ধ্যান জ্ঞান সাধনার জানি না কিছুই, শুধু
জেনেছি—প্রেমেরি আমি পসারী।
ছলীরই শিখিয়া ছল তারি আপনার নামে
কিনেছি নামীরে যে অমূল্য।
নিয়েছি গোবিন্দেরে কিনিয়া সজনী, আমি গোবিন্দে কিনেছি অতুল্য
নয়নে আমার রাখি' প্রাণবল্লভে আঁখি-
পল্লবে রচিব আড়াল রে!
জগৎও বৈরী হ'লে সে-ধন হবে না চুরি,
লুটিতে পারে না তার কাল রে।
বহু জনমের ক্ষতি পূরণ হ'য়েছে আজ,
তাই মীরা মিলন-প্রফুল্ল:
নিয়েছি গোবিন্দেরে কিনিয়া সজনী, আমি গোবিন্দে কিনেছি অতুল্য

লীলা

একটু আভাস দাও না—খেলো এ-কোন্ খেলা প্রণয় নিয়ে:
আমার মাঝেই নিত্য থেকে চাওয়াও তোমায় আমায় দিয়ে।
প্রেম সে তুমি, তুমিই প্রেমিক, মনও তুমি—মনচোরা।
তারি তরেই হৃদয় কাঁদে—রয় হৃদয়েই যে লুকিয়ে।
তুমিই কায়া, প্রাণও তুমি, তুমিই নয়ন, নয়ন-আলো,
সেই আলোতেই তোমায় খুঁজি—অপরূপের লীলা কী এ!
তুমিই ভাষা, ভাবও তুমি, গানও তুমি, রং রচনা,
তোমর স্তবের তুমিই দোয়ার—অচিন রীতি যাও শিখিয়ে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

प्रणाम

गोकुल से जाने वाले मेरा संदेश ले जा।
कहना तू उन से जा के चरणों पे सिर झुका के,
मचा के धूम जहां तुमने होरि खेली थी,
सुनो गोपाल व राहें प्रनाम कहती हैं।

बजा के मुरलि जिनहें तुम ने पल में मोह लिया,
उन्हीं दिलों कि ये आहें प्रनाम कहती हैं।

चराये धेनू जहां थे नंद के ग्वाल बने,
उनहीं बनों कि व गायें प्रनाम कहती हैं।

रचाया रास जहां प्रभु तुम्हीं ने सांझ पड़े,
उनहीं तटों पे व छायें प्रनाम कहती हैं।

दिखा के रूप भुलाये हो जिन के होश पिया!
वही मदहोश निगाहें प्रनाम कहती हैं।

देख लिया

तुम्हींसे तुमको छिपा—शाम, हम ने देख लिया॥
लुके हजार रहे, नाथ तुम इन नैनों से।
हृदय का दीप जला— शाम, हमने देख लिया॥
मिलन तो खेल नहीं, अंग अंग व्याकुल है।
तुम्हीं को पीर में पा शाम, हम ने देख लिया॥
न पाये तुम जो गये, जनम जनम मीरा से।
तुम्हीं में आप समा—शाम, हम ने देख लिया॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

প্রণাম

মথুরার দূত ! ব্রজ গোপিকার বারতা বলিও সেথা বঁধুরে,
যদি সে শুধায়, শ্রীচরণে তার প্রণমি' বোলো সে-চির-নিঠুরে :

ব্রজের যে-পথে তুমি উৎসব বিঘোষিতে গাহি' হোলিবন্দন,
শোনো হে গোপাল, সেই পথ সব তোমারে প্রণাম করে নিবেদন।

বাজায়ে মুরলী যে-হৃদয়দের পলকে বাঁধিলে মোহবন্ধন !
দীরঘশ্বাস বন্ধু, তাদের তোমারে প্রণাম করে নিবেদন।

অপরূপ রূপে যাহাদের হায় করিলে বিবশ, চিতনন্দন !
তাদের আকুল আঁখি উথলায়, তোমারে প্রণাম করে নিবেদন।

ধেনু ল'য়ে হে রাখাল নন্দের ! করিতে যেথায় তুমি গোচারণ,
সেই ধেনুদল বৃন্দাবনের তোমারে প্রণাম করে নিবেদন।

রচিতে যেথায় রাস, বান্ধব, সন্ধ্যার ছায়া নামিত যখন,
সেই যমুনার তট ছায়া সব তোমারে প্রণাম করে নিবেদন।

উঁকি

তোমারি অগোচরে তোমারে শ্যামল, দেখে যে নিয়েছি ॥

যতই কেন থাকো লুকায়ে আমার আঁখির আড়ালে,
প্রদীপ হৃদয়ের জ্বালায়ে শ্যামল, তোমারে দেখেছি ॥

মিলন ক্ষণিকের খেলা নয়, প্রতি তনু-অণু আকুলায়।
বাসরে বেদনার প্রেমময় শ্যামল, তোমারে পেয়েছি ॥

না পেয়ে প্রভু গেছে বহিয়া মীরার জনম জনম।
তোমারি মাঝে শেষে মজিয়া শ্যামল, তোমারে চিনেছি ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

व्याकुल

आग कैसी लगाये हो बुझाई ही नहीं जाती।
लगन तेरी बिना तेरे लगाई भी नहीं जाती॥
न अपनों में बहल्ता दिल बिगाने भी नहीं भाते।
सभी में रह अकेला है ये तिनहाई नहीं जाती॥
सदा दिल कुछ ये चाहता है न जाने पर ये क्या चाहे।
चैन सुख में नहीं पाता ग़मी भाई नहीं जाती॥
अंधेरे में उजाले की खोज करता उमर भर ये।
उमर जाती गुज़र यूं हीं ज्योत पाई नहीं जाती॥
दूर तुम ही से रहता है तुम्हीं बिन रह नहीं पाता।
शाम कैसी ये उलझन है जो सुलझाई नहीं जाती॥

भोर

रैन गई आकाश दुलारे जाय लुके कित ओर!
गाल गगन के लाल भये सुन पी आवन का शोर!
कोमल कलियाँ पलकें खोलें सज धज आये मोर!
भोर भई घर आव साँवरे घर आवो भई भोर!
पल पल औसर बीत गयो तुम आये ना गोपाल!
केतक देखूं बाट तिहारी बोलो तो नंदलाल?
हृदय की लाली नैनन आई प्रेम बनो है लोर!
भोर भई मीरा के मोहन, घर आवो भई भोर॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ব্যাকুলতা

কেমন জ্বালাশিখা জ্বালায়ে দিলে বলো, জ্বলিয়া নিভিতে যে চায় না আর!
মিলন বিনা তব পরম মিলনের বাসর সাজাব গো কোথা তোমার?

পরের সহবাস অসহ মনে হয়—আপনজনও মনে হয় যে পর!
সবার মাঝে বাস, তবুও একেলা সে...একেলা স্বভাবে যে কে সাথী তার?

কী যেন চায় প্রাণ নিয়ত চারিধারে...জানে না শুধু কারে ধরিবে হায়!
দুঃখে কাঁদে...সুখফুলেও পারে না সে গাঁথিতে শান্তির কণ্ঠহার।

অন্ধকার-বুকে কান্ত কিরণের চায় সে সন্ধান জীবনভোর।
দিনের পর দিন এমনি ব'য়ে যায়...কোথায় চিহ্ন সে-আলোদিশার?

তোমার থেকে দূরে রাখো হে তারে—যার কাটে না পলও বিনা তব পরশ,
এ-কোন্ প্রহেলিকা লীলার তব বলো—মিলে না সমাধান কখনো যার?

ভোর

পোহালো রজনী...আকাশ-সজনী তারামণি নিভে যায়...
দিগন্তভাল হ'ল লালে লাল..."বঁধু আসে"—উষা গায়।
কোমল কলিকা খোলে দল...মেলে শিখা শিখী শিহরায়...
নিশি হ'ল ভোর...এসো চিতচোর!...দাও ধরা করুণায়।

দিন পরে দিন যায় ব'য়ে...আজো এলে না তুমি গোপাল!
কত যুগ আর রবো পথ চেয়ে—বলো না নন্দলাল?
হৃদিরাগে আঁখি রাঙা...প্রেম ঝরে অশ্রুর মুকুতায়।
নিশি হ'ল ভোর...এসো চিতচোর!—মীরার প্রার্থনায়।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

काहे ?

काहे मुरली बजाई पिया ?
मैं तो साँझ पड़े शाम आ ही रही थी !

कैसे ढंग से बुलाई पिया ?
मैं तो चरनों में तन मन ला ही रही थी !

रहे कंगन वहीं,
माथे टीका नहीं,
भूल पायल गई,
चुनरी भि रही,
कैसी सुध बिसराई पिया ?
मैं तो साज सजा पास आ ही रही थी !

तेरी मुरली की धुन
ली जो प्रानों ने सुन,
ऐसी व्याकुल भई,
लाज तन की गई,
काहे लौ फिर लगाई पिया ?
जल नैना का ले बुझा ही रही थी !

काहे मुरली बजाई पिया ?
मैं शरन तेरी शाम आ ही रही थी !

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কেন ?

কেন ডাকো ঐ বাঁশির তানে
তোমার কাছে চাই নিজেই হে আসতে যখন ?
আনো লুটে কোন্ ছন্দে গানে,
তোমার রাঙা পায় যখন চায় ঠাঁই তনুমন ?

রইল কাঁকণ কোথায় ?
সিঁদুর সীমন্তে হায় !
নেই নূপুর প্রিয়,
কই উত্তরীয় ?
কেন ভুবন ভুল—কেউ কি জানে,
যখন তোমারি তরে সাজ সজ্জা ভূষণ ?

যখন বেণু তোমার
হৃদে বিছায় ঝঙ্কার,
মিলন আকুলতায়
লোক লাজ ভয় মিলায়...

কেন আগুন ফের জ্বালাও প্রাণে
নিভে আসে আঁখিজলে যেম্নি তাপন ?
কেন ডাকো ঐ বাঁশির তানে
তোমার চরণে নিজেই চাই যখন শরণ ?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

निभाना

नैनों में समा मोहन,
प्रभु दिल में रहा करना,
इस दिल कि कही सुनना,
उस दिल से कहा करना।

वीना पर राग बनो,
जीवन के भाग बनो,
बन प्रेम सुधा प्रीतम,
प्रानों में बहा करना।

प्रभु दिन का चैन बनो,
वेदन की रैन बनो,
हर जीत तुम्हारी हो,
हर हार सहा करना।

हर रंग तुम्हीं आना,
हर रूप तुम्हीं भाना,
मीरा को यही वर दो,
कांटों से निभा करना।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মিটাও

পশি' নয়নের পথে হে অপার,
প্রভু, অন্তরে থেকো চিরদিন।
ভাব ভাষা হৃদয়ের হে আমার
হোক তোমারি হৃদয়ে বঁধু, লীন।

রণি' রাগরূপে বীণায় আমার
হও জীবনের নিয়তি অচিন!
যেন তোমার প্রেমের সুধাসার
ঝরে প্রাণের নিঝরে অমলিন।

দিনে হও তুমি শান্তিবিহার,
রাতে বেদন-পাথার তলহীন,
প্রতি জয় হোক তিলক তোমার,
হারে নাহি মানি হার কোনোদিন।

প্রতি রূপে বেসে ভালো, রূপাধার,
প্রতি রঙে রঙ রাঙাও গহীন।
মীরা যাচে এই বর চিতে তার:
তারে বাধা না করুক পরাধীন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

आवो

आओ तो तुम्हें श्याम मैं नैनों में छिपा लूं।
बैठो तो जरा हृदय का आसनमें बिछा लूं॥

पलभर को हि आवोगे हरी, इतना तो कह दो।
जीवनको इसी आश का अमरित् मैं पिला लूं॥

दलदल में हि खिलता है सदा नील कमल तो।
फिर क्यूं न चरन चूम तेरे दिलसे लगा लूं॥

जलता है सदा दीप अँधेरे में हि प्रीतम।
फिर योग नहीं कहके मैं दिल् कैसे सँभालूं॥

रीत

पूछा जो : "श्याम, हर लिया जगभरको किस तरह ?"
मुरली बजा के हँस दिये, कहने लगे के—"यूँ।"

पूछा जो : "रहें श्याम, बिन तुम्हारे किस तरह ?"
दीपक बुझाके छिप गये, कहने लगे के—"यूँ।"

पूछा जो : "पास रहके रहो दूर किस तरह ?"
पंकज दिखा के तालमें कहने लगे के—"यूँ।"

पूछा जो : "श्याम, प्रेम करें तुमसे किस तरह ?"
इक लौ लगाके चल दिये, कहने लगे के—"यूँ।"

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

এসো

এসো নয়নপুরে মোহন, চাহি লুকায়ে রাখিতে।
তুমি বিছানো হৃদি আসনে রাজো ক্ষণিক নিভৃতে।

তুমি পলকতরে রহিবে হরি, দাও না ভরসা।
এই কামনা শুধু : দাও জীবনে অমৃত সেবিতে।

নিতি মলিন জলে ফোটে না কি গো সুনীল নলিনী?
তবে কমল তব চরণ কেন দিবে না চুমিতে?

আছে আঁধার বলি' হয় জ্বালিতে প্রদীপ, বঁধুয়া!
দীনা বলিয়া তবে কেন বা হবে বিরহ সহিতে?

রীতি

যবে শুধাই : "হরি! নিখিল মন মোহিলে কেমনে?"
বাঁশি কলস্বরি' বলে সে হাসি' : "এমনি ক'রে লো!"

যবে শুধাই : "তোমা বিহনে সবে কেমনে ধরে প্রাণ?"
দীপ নিভায়ে সরি' যায় সে, বলে : "এমনি ক'রে লো!"

যবে শুধাই : "কাছে থেকেও আছ কেমনে সুদূরে?"
জলে কমল মরি, দেখায়ে বলে : "এমনি ক'রে লো!"

যবে শুধাই : "তব প্রেমের লীলা কেমনে সাধো নাথ?"
শিখা জ্বালায়ে হরি লুকায়ে বলে : "এমনি ক'রে লো!"

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

छलियाँ

तुम्हार बहलाने को सारा जगत् था,
हमें शाम मधुबन बुलाया हि क्यों था ?
निभाना नहीं था अगर प्रेम मोहन,
तो जी हमसे बोलो लगाया हि क्यों था?

तुम्हारे हृदय प्रीत लाखों कि बसती,
तुम्हारी हँसी देख सृष्टी है हँसती,
तुम्हारी शरन आने दुनिया तरसती,
मैं भोली पुजारिन थि सूना था मंदिर,
कहो आके दीपक जलाया हि क्यों था ?
पुकारा था तुमको, तभी तो पुकारें,
हमें नाम अमरित पिलाया हि क्यों था ?

मैं अनजान लीला तुम्हारी न जानूँ,
भला भी करो तो भला मैं न मानूं,
मैं निरगुन हूं गुनधाम कैसे पहचानूं ?
जो प्यासे ही लौटेंगे दरिया पे आके,
हमें आश करना सिखाया हि क्यों था ?
बना कर मिटाना जो लीला तुम्हारी,
हमें शाम बोलो बनाया हि क्यों था ?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ছলী

প্রভু, তোমার প্রীতি সাধিতে ছিল অধীর এ-ভুবন,
তবু আমারে কেন বৃন্দাবনে ডাকিলে বলো না ?
যদি মিলনে তুমি প্রেমপিপাসা মিটাবে না মোহন,
তবে হরিয়া মন নিঠুর, কেন করিলে ছলনা ?

প্রভু হৃদয়ে তব লক্ষ হৃদয়ের যে রাজধানী,
দেখে অতুল হাসি তোমার হাসে দোদুল ধরা জানি,
তব শরণ-আশে চরণ তব চায় নিখিল প্রাণী।
আমি সরলা পূজারিণী ছিলাম শূন্য মন্দিরে,
তুমি সেথায় এসে প্রদীপ কেন জ্বালিলে বলো না ?
আমি চাই তোমারে ? বিশ্বে কে না তোমারে চেয়ে ফিরে ?
কেন করায়ে পান অমৃত-নাম—করিলে ছলনা ?

আমি অবোধ, তব জানি না লীলামহিমা সুগহনে,
তুমি সাধিলে হিত হিত-সে বলি' মানি না আজো মনে,
আমি গুণহীনা-যে, গুণধামেরে চিনিব গো কেমনে ?
তৃষা নিয়ে নদীতে এসেও যদি ফিরিব নিয়ে তৃষা,
আশা বুনি' দুরাশা-অকূলে কেন টানিলে বলো না ?
যদি গড়িয়া পরে ভাঙিতে চাও—দিতে লীলার দিশা,
কেন রচিয়া এ-জীবন আমারে করিলে ছলনা ?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

गुरू बंदना

गुन मैं कैसे गाऊँ तेरे कैसे गुन मैं गाऊँ?
दिवसपती! तुम प्रीतम मेरे का को दीप दिखाऊँ?

चांद सितारों में तुम हो प्रभु नील कमल फूलों में,
कैसे आरति पिया उतारूँ का को फूल चढ़ाऊँ?

हृदय कि शांति, नैन कि ज्योती प्रान तुम्हीं हो घट में,
जनम मरनके साथी मेरे बार बार बलि जाऊँ।

आज कि शोभा, कल की आशा, युग युग के रखवाले!
हे ठाकुर! हे नाथ हमारे! चरनन सीस निवाऊँ।

आभास

आज सखी री सुनी है मैं ने प्रभु आवन की आवाज।
आश संदेशा हृदय में लाई बेग मिलें महाराज!
कौन सिंगार सजाऊँ मेरे रूप वही वह साज,
हरी नाम वरमाला गल में, चरन धूल सिरताज।
जनम जनम की मैं दैयासिन, एक शाम अधिराज,
लूट लियो है मुरली धुन से, छूटो जग घर काज।
तन मन अरपन कर मिट जाऊँ पी कि बनूं मैं आज,
मैं प्रीतम की, प्रभु मीरा के, काहे की अब लाज?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গুরুবন্দনা

কেমনে তোমার গাহিব হে গুণ, গাহিব গুণ কেমনে ?
বল্লভ দিনরাজ ! কে দেখায় প্রদীপ বলো তপনে ?

তারার আসরে তুমি চাঁদ, নীল কমল ফুলসভায়,
হেন বঁধুয়ারে কেমনে পূজিব—কুসুম দীপ-দীপনে ?

হিয়ার শান্তি, নয়নের আলো, দেহের নিশাস প্রাণ,
জনম মরণ-সাথী হে, সঁপিব আপনারে তব পণে।

আজিকার শোভা, কালিকার আশা, রক্ষক যুগে যুগে ;
হে আমার নাথ, ঠাকুর ! প্রণাম, প্রণাম রাঙা চরণে !

আভাস

শুনেছি শুনেছি আমি আজ সখী, বঁধুর চরণধ্বনি।
আশা ক'য়ে গেছে হৃদে—মহারাজ আসিবে ওরে, এখনি।

কোন্ সাজে তারে বরি—যে আমার রূপ রঙ লো সজনী ?
তারি নাম মালা, তারি পদধূলি মাথার মুকুট গণি।

জনমে জনমে প্রিয়াধীনা আমি, সে-ই এ-প্রাণের মণি।
সব হয় মায়া—যবে "আয় আয়" ডাকে সে মুরলী ধ্বনি'।

তাঁরি মাঝে লীনা তনুমন সঁপি তারেই দিনরজনী।
মীরা বঁধুয়ায়, বঁধুয়া মীরার—জানে আজ এ-ধরণী।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

शरणागति

आई शरन तिहारी प्रभु मैं आई शरन तिहारी।
डोली नैया पार लगी जब पायो मीत मुरारी ॥
आन पड़ी मैं द्वार तिहारे, प्रीतम मेरे काज सँवारे,
रहूँ चरन संग ज्यूं राखो हरि डोरी तुम पे डारी ॥
तात मात संग मीत न भाई, नदी किनारे फिरी तिसाई,
अमरित नाम मिलो माधो का बुझ गई तपत हमारी ॥
बनूं पतंग मैं लौ पर तेरी मिट जाऊँ मैं–रहे न मेरी,
जनम भि तेरो मरन भि तेरी मीरा कुंजविहारी !

काहे ?

काहे पिया पुकारा मुरली बजा बजा के ?
जीवन बने हमारा सपने सजा सजाके ?
इस दिल कि रागिणी में तुम ताल बन के आये।
बहार बन गुलशन में वरमाल बन के आये।
पहले मिलन-झकोरे तुमने झुला झुला कर
विरहा अगन बुझायें नैना रुला रुला कर।
दर्पण में देखो दिलके तसवीर है तुम्हारी।
बिन प्राण जी रही हूँ तकदीर है हमारी।
नैना फिराओ मोहन ! नैना मिला मिला कर।
मीरा को देके दरशन अमरित पिला पिला कर।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শরণাগতি

নিয়েছি তোমার শরণ হে নাথ, শরণ শুধু তোমারি।
অপারে তরণী পেল পার—এল বন্ধু যবে মুরারী।
দুয়ারে তোমার এল ভিখারিণী সফল সাধন তোমারেই চিনি',
শ্রীচরণে ঠাঁই দাও হরি, লও সব ভার কাণ্ডারী।
পিতা মাতা সখা সঙ্গ না চাই, নদীতীরে ফিরি তৃষিতা সদাই,
মিটালে তাপন ঝরায়ে মোহন, অমৃত নামের ঝারি।
প্রেমশিখা হ'য়ে আজ শিখাময়, 'আমি ও আমার'-মায়া করো লয়,
তুমিই জনম মরণ মীরার হৃদিকুঞ্জবিহারী।

কেন ?

কেন ডাকো ভালোবেসে বাজায়ে বঁধু, মুরলী ?
স্বপন সাজাতে এসে জীবন তোলো উছলি' ?
অন্তর-বন্দনে এলে তুমি তাল হ'য়ে,
বসন্ত-নন্দনে বরমালা বরাভয়ে।
এসেছিলে আগে প্রভু, মিলনের ঝুলনায়,
আঁখি জলে হায় কভু, বিরহতাপ জুড়ায় ?
মনের মুকুরে হরি, তোমারি আঁকা মুরতি।
প্রাণ বিনা প্রাণ ধরি— এমনি বুঝি নিয়তি।
নয়নে রাখি' নয়ন ফিরাও নয়ন পরে,
মীরা চায় দরশন ঢালো সুধা প্রেমভরে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

उस पार

सखि् चल उस पार चलें   प्रीतम की बस्ती में।
जीवन को वार चलें   हरि-प्रेम कि मस्ती में॥

अपनोंकी प्रीत हि क्या—बेगानी रीत हि क्या?
सखि, प्रभु को मीत बना—चल् उसकी बस्ती में।
आपा अब हार चलें—हरि-प्रेम कि मस्ती में॥

दुख सुख संसार के क्या—हेमंत बहार भि क्या?
ये जीत या हार हि क्या—चल ज्योति कि बस्ती में।
हरिनाम अधार बना—हरि-प्रेम कि मस्ती में॥

कलियों का सुहाना क्या—खिलना कुमलाना क्या?
बुलबुल का तराना क्या—तु चल उस बस्ती में।
प्रीती पतवार बने—बहे प्रेम कि मस्ती में॥

लीला ये पुराणी है—सब आनी जानी है,
तू प्रेम-कहानी है—चल कह उस बस्ती में।
सखि सब कुछ हार चलें—उस प्रेम कि मस्ती में॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ওপারে

সখী, চলো যাই ওপারে এখন যেথা প্রিয়তম ডাকে : "আয় আয়"।
দাও তারি পায়ে স'পি' এ-জীবন হরি- প্রণয়ের রঙিন নেশায়।

বলো কারে তুমি আপন তোমার ? হায়, পর কবে হয় আপনার ?
শুধু চাও আজ মিতালি তাহার যাও যাও—বাঁশি যেথা সে বাজায়।
চলো ছেড়ে মিছে 'আমার আমার' হরি- প্রণয়ের রঙিন নেশায়।

ছোট দুখসুখে মিটে আশ কার ? শীত বসন্তে বিফল বিহার।
তুমি কারে বলো জিৎ, কারে হার ? চলো আলোকের নিলয় যেথায়,
করি' শুধু তাঁর নাম প্রাণাধার হরি- প্রণয়ের রঙিন নেশায়।

দাম কতটুকু কুসুম শোভার, যদি ফোটে কি বা ঝরে দল তার।
হায় ক্ষণিকের পিক-ঝঙ্কার তুমি চলো অফুরন্ত যেথায়।
কবে প্রেমে করি' পারা হবে পার হরি- প্রণয়ের রঙিন্ নেশায় ?

এই লীলা চিরদিনের ধরার : যুগে যুগে আসা-যাওয়া বার বার।
তুমি অনুরাগ-রাগিণী তোমার গাও অনুরাগী বিরাজে যেথায়,
যার কাছে সব রঙ মানে হার বরি' সে-প্রেমের রঙিন নেশায়।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

अमोल रतन

तु प्रीत जोड़ एकसे अनेकसे मूँ मोड़ ले।
तु सीपका न मोल कर अमोल रतन छोड़ के॥

ये मदभरी जवानियाँ, हैं रंगभरी कहानियाँ,
ये पंछियों कि टोलियाँ, ये चहचहे ये बोलियाँ,
व बादलों का झूमना, व छिर के चाँद चूमना,
मरीचिका है जल नहीं, है आज ये तो कल नहीं,
है छाया जिसके रूप की उसीसे नाता जोड़ ले।
तु सीप का ना मोल कर अमोल रतन छोड़ के॥

जीवन कि धूप छावों में, ये ऊँची नीची राहों में,
जो हँस दिया या रो लिया, जो पा लिया या खो दिया,
समाँ युँ बीत जायेगा, सखी ना हाथ आयेगा,
जो एक तेरा मीत हो, तो हार में भी जीत हो,
तू आपा उस पे वार ले, कुरीत अपनी तोड़ दे,
तु सीप का ना मोल कर अमोल रतन छोड़ के॥

तु सुन कहीं व गा रहा, है मुरलिया बजा रहा,
प्राणों से सुर मिला रहा बुला रहा, बुला रहा,
भली बुरी तु भूल जा, चली भि आ, चली भि आ,
कहीं व रूठ जाये ना, ये स्वप्न टूट जाये ना,
मीरा तु उस कि शरन ले, चरन से माथा जोड़ दे।
तु सीप का न मोल कर अमोल रतन छोड़ के॥

पंचचामर छंद

सु र द्रु मू ल मं ड पे वि चि त्र र त्न नि र्मि ते
तु प्री त जो ड़ ए क से अ ने क से मुं मो ड़ ले

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অমূল রতন

একের টানেই চল্ মন আমার ! কাজ কি রে তোর জনে জনে ?—
ঝিনুক নিয়ে দর কেন আর ছেড়ে অমূল মুক্তাধনে !

যৌবন এই আবেশ ভরা—রঙ্গীতি কলস্বরা,
বিহঙ্গ-ঝঙ্কারের ঝোরা, কূজন, ভাষা, সুর অধরা,
মেঘের দলের আসা নেমে, চাঁদকে করা চুমন প্রেমে,
জল নয় এ তো—মরীচিকা, আজ হেথা, কাল—নীহারিকা,
ছায়া এরা যার—তাকে তুই কর্ না বরণ মনে মনে :
ঝিনুক নিয়ে দর কেন আর ছেড়ে অমূল মুক্তাধনে ?

এই জীবনের ধুপছায়ায়, উঁচু নিচু পন্থে ধাওয়ায়,
আজ কান্না, কালকে হাসি, আজ লাভ, কাল ক্ষতির রাশি,
কালের স্রোতে ভেসে যাবে—হিসেব তাদের কেউ না পাবে,
অচিন সাথে হ'লে প্রণয়, হার মেনেও তোর হবে জয়,
নিজেকে তাই দে পায়ে তার—মিথ্যে মায়ার বিসর্জনে :
ঝিনুক নিয়ে দর কেন আর—ছেড়ে অমূল মুক্তাধনে ?

কান পেতে শোন্—গায় সে-সুদূর বাজিয়ে মোহন বাঁশি নূপুর
প্রাণের তারে মিলিয়ে সুর ডাক দিয়ে যায় আজো মধুর :
"ভালো মন্দ যা তুই ভুলে, আয় চ'লে আয় অকূল কূলে।"
মুখ যেন সে ফিরায় না তার, স্বপন যেন না ভাঙে আর,
চেয়ে মীরা তার শরণে রাখ্ মাথা তুই তার চরণে,
ঝিনুক নিয়ে দর কেন আর—ছেড়ে অমূল মুক্তাধনে ?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

काहे बजाइ बाँसरी

बजाके शाम बाँसरी बुला रहे हो किस लिये ?
तुम्हारे हम हैं हो चुके जता रहे हो किस लिये ?

तु दूर है या पास है ये देह है, तु स्वास है,
नैनों में तेरा वास है, हृदय में तेरी आस है,
हो तुम जहां है सब वहीं, तुम्हीं नहीं तो कुछ नहीं,
तुम्हें पता नहीं हरी ! बजा दि यूँ जो बाँसरी ?
तुम्हारे हम हैं हो चुके जता रहे हो किस लिये ?
बजा के शाम बाँसरी बुला रहे हो किस लिये ?

ये चाँद किस उमंग से गले मिले तरंग से ?
है जल तले क्युं आ रहा तुम्हीं से लाज पा रहा !
पवन भि मंद हो गई क्या रूप पर है खो गई ?
बेचैन डाल डाल है, गगन के गाल लाल हैं
जो सुन ये राग पायेगी तो सृष्टि झूम जायेगी,
तुम्हें पता नहीं हरी ! बजा दि यूँ जो बाँसरी,
तुम्हारे हम हैं हो चुके जता रहे हो किस लिये ?
बजा के शाम बाँसरी बुला रहे हो किस लिये ?

लो तटनियों ने ताल दी, केहा ने मस्त चाल की,
कोयल भि गाय रागनी, निखर रही है चाँदनी,
पायल कहीं है बज रही, कली कली है सज रही,
बनों में भी बहार है, तुम्हारा इन्तजार है,
सभी को तुमसे प्रीत है, मीरा का तू ही मीत है,
तुम्हें पता नहीं हरी ! बजा दि यूँ जो बाँसरी ?
तुम्हारे हम हैं हो चुके जता रहे हो किस लिये ?
बजा के शाम बाँसरी बुला रहे हो किस लिये ?

(पंचचामर छंद)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কেন বাজাও ?

(মিশ্র লঘুগুরু ছন্দ সংস্কৃত পঞ্চচামর ভঙ্গিতে)

বাজায়ে বন্ধু, বাঁশরী ডাকো কেনই বা : "আয় রে আয়" ?
রটাও প্রভাব তোমার হরি, যখন ও-পায় পরাণ বিকায় ?
সুদূরে থাকো—বা কাছে নিশাস তুমিই বুকের মাঝে,
চোখেও তোমারি প্রেম রাজে, প্রাণেও তোমারি সুর বাজে :
যেথায় শ্রীকান্ত—তীর্থ সেই, তোমা বিনা কিছুই তো নেই
জানো না হায় কি গো বঁধু : ভোলায় হৃদয় বাঁশির মধু ?
রটাও প্রভাব তোমার হরি, যখন ও-পায় পরাণ বিকায় ?

ঢেউয়ের বুকে নামে ঐ চাঁদ বলো মিটাতে কোন্ সে-সাধ ?
জলের তলে ধায় কার আশে তোমায় দেখে কি লাজ বাসে ?
সমীরো থম্‌কে যায় কেন ? তোমার রূপের মোহে যেন !
অধীর হোলো হাজার শাখা, গগনভালে সিঁদুর লাগা,
তোমার এ-রাগ শোনে যদি অধীর হবে সাগর নদী,
জানো না হায় কি গো বঁধু, ভোলায় হৃদয় বাঁশির মধু ?—
রটাও প্রভাব তোমার হরি, যখন ও-পায় পরাণ বিকায় ?

তরঙ্গ তালে তালে ধায়, ময়ূর নাচে গরব-নেশায়,
কোকিল শোনায় ঐ রাগিণী, বিছায় নিশীথে চাঁদিনী,
কোথায় বাজে নূপুর-ধ্বনি বাসন্তিকা চিরন্তনী !
ফুলে ফুলে বন যায় ছেয়ে, নিখিল তোমারি পথ চেয়ে !
তোমারি পান্থ, তিন ভুবন মীরার একান্ত হে স্বজন !
জানো না হায় কি গো বঁধু, ভোলায় হৃদয় বাঁশির মধু ?—
রটাও প্রভাব তোমার হরি, যখন ও-পায় পরাণ বিকায় ?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

साजन

तुम नहीं आये प्रभू, मधुवन बहार आई तो क्या?
क्या जो पलभर फूल महके कलियाँ मुसकाई तो क्या?

हो तुम्हारी आस ना—हर आस फल लाई तो क्या?
बन् तरंग् लौटी जो तट से—दिलसे टकराई तो क्या?

जो न भीजे तेरे कारण—आँख भर आई तो क्या?
वेदना की दामिनी में दुखघटा छाई तो क्या?

हो लगन ना शाम तेरी—सृष्टि भी भाई तो क्या?
अपना ही जो हो न अपना—और अपनाई तो क्या?

हो न तनमन तुम पे अर्पण—जनम भी पाई तो क्या?
चार तिनके चार दिन के आँधी बिखराई तो क्या?

जो मिली ना शरण तेरी—लोक दो पाई तो क्या?
मीरा चाहे चरण तेरे—जगने ठुकराई तो क्या?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বল্লভ

না এলে তুমি নাথ, এলে বসন্ত এ-প্রাণের মধুবনে কী আসে যায় ?
বিলায় ক্ষণফুল গন্ধ যদি হাসে কলিকা নন্দনে—কী আসে যায় ?

তোমারি আশা যদি না থাকে—আশাদের বিফল বিনোদনে কী আসে যায় !
ঢেউ যেমন তটে—তেমনি ফিরে ফিরে ভাঙে সে যদি মনে—কী আসে যায় ?

তোমারি তরে যদি না ঝরে আঁখি—জল ভরিলে ত্বনয়নে কী আসে যায় ?
বেদনা-বিদ্যুৎ চেতনা-মেঘে যদি ঝলকে ক্ষণে ক্ষণে—কী আসে যায় ?

মিলন বিনা তব বন্ধু, বিশ্বের চিত্তরঞ্জনে কী আসে যায় ?
আপন আপনার না হ'লে—পর হ'লে আপন এ-জীবনে কী আসে যায় ?

না সঁপি তনুমন চরণে তব যদি—জনম-বিলসনে কী আসে যায় ?
তৃণের সম উড়ে যদি বা যায় ক্ষণবিভব সমীরণে—কী আসে যায় ?

শরণ তোমারি না যদি হে পাই—পেলে প্রসাদ ত্রিভুবনে কী আসে যায় ?
বিমুখ হয় হোক জগত—ঠাঁই মীরা লভিলে শ্রীচরণে কী আসে যায় ?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

समर्पण

सखी मूझे तु छोड़ दे—के मेरि राह और हैं।
तुम्हारि मेरि वारता—व स्वपन थी, ये भोर है।।

जगत् में प्रेम भी किये हुए हैं दिल पे वार भी।
बनाये मीत भी यहाँ हुई किसी से रार भी।
हैं सुख के दिन भि पल हुए—गई बिथा कि रैन भी।
है चैन भी मिला यहाँ—हुए कभी बेचैन भी।
कोई भि थिर नहीं रहा—यही जगत् कि रीत है।
मुझे है उस्कि चाह अब—के अमर जिस्कि प्रीत है।।

आशा तो बरसों की रही, सींची थि डाल फल लिये।
पलभर का भी पता नहीं, डाली फली तो चल दिये।
अपना बनाया तो सही जीवन के साथी मान कर:
छाया भि साथ ना रहा अँधेरा पास जान कर।
कोई भि थिर नहीं रहा—यही जगत कि रीत है।
है उससे नाता जोड़ना—के अमर जिसकि प्रीत है।।

आये थे किसको ढूंढने—बोलो तो क्या हैं कर चले।
खोया है वो तो पाया ना जीवनकि बाजी हर चले।
दीपक तो लाये थे यहाँ खोले न नैन घर चले।
बगिया में आये फूल को कांटों से झोलि भर चले।
कोई भि थिर नहीं रहा—यही जगत् कि रीत है।
है उसको आया सौंपना—के अमर जिसकि प्रीत है।।

(पंचचामर छंद)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ঘরছাড়া

(মিশ্র লঘুগুরু ছন্দ—সংস্কৃত পঞ্চচামর ভঙ্গিতে)

আমায় সখী বলিস্ না আর,
তোদের যে ডাক—স্বপন মায়ার,
আমার যে-পথ আমার কেবল :
আমায় ডাকে প্রভাত শ্যামল।
জগৎ বেসেছিলাম ভালো :
বিষাদ ঘনালো হায়, অপার!
এনেছিল মিতালি কেউ,
দিলো বা কেউ আঘাত ব্যথার।
গেছে স'রে সুখের স্মৃতি
পোহালো দুঃখেরো নিশা,
আসে বা শান্তি আজ যদি
আনে অশান্তি কাল তৃষা।
কিছুই তো রয় না থির হেথায়,
ভুবন-লীলার যে এই রীতি।
মন আজ একান্ত তাই যাচে
অমর অকূল যে—তার প্রীতি॥

বরষ বরষ আকুল হ'য়ে
বুনেছি বীজ ফলের আশায় :
জানে কি কেউ কী কাল হবে?
যে বীজ বোনে সে ফল কি পায়?
প্রাণের সাথী জেনে ধরায়
আপন ব'লে যাদের বরি,
আঁধার ঘনালে কই তারা?
ছায়াও তখন যে যায় সরি'।
কিছুই তো রয় না থির হেথায়,
ভুবন-লীলার তো এই রীতি।
মন তাই একান্ত আজ যাচে
অমর অকূল যে—তার প্রীতি॥

জনম ভবে—সে কার তরে?
কোথায় উধাও—নিরুদ্দেশে?
হারাই যা—পাই না আর তারে,
খেলায় শুধুই হার হয় শেষে!
প্রদীপ জ্বেলে তো রোজ চলি,
না চোখ মেলে ঘুরে মরি!
বাগানে আসি তুলতে ফুল :
কাঁটাই কেবল চয়ন করি!
কিছুই তো রয় না থির হেথায়,
ভুবন-লীলার তো এই রীতি।
মন তাই একান্ত আজ যাচে
অমর অকূল যে—তার প্রীতি॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

गायक

तू गाये जा—तू गाये जा—अभी तो जी भरा नहीं:
मदहोश तो हूं पर जरा—अभी ये प्राण हैं यहीं।

दि तरसि प्यासि आतमा में राग की सुधा बहा।
तुने है गा के दी जगा मीठी सि वेदना यहाँ।
सहमी सि कोइ भावना धीमे से लय ने दी हिला।
है ताल तेरे गान का हृदय के ताल से मिला।
सुना यही—यही सुना तु प्रीत का ये गीत गा।
है लय से सृष्टी भर गई मीरा का जी भरा नहीं।
तू गाये—तू गाये जा सजन! तु रुक न जा कहीं।
पिया नहीं अभी नहीं अभी तो जी भरा नहीं:
मदहोश तो हूं पर जरा अभी ये प्राण हैं यहीं।

है तटनियों कि रागिणी, कोयल कि कूक आ रही,
है गूंज तेरे गीत की जो चार सू समा रही।
तरंग तेरी तान की मधुर पवन सि छा रही,
बेसुध बना ये छाया से ज्योती में प्रान ला रही।
लगाये जा—लगाये जा—ये आग है सुहावनी:
प्रभा मिला दे चाँद से जो राख है रहे यहीं
तू गाये जा—तू गाये जा सजन!.....प्राण है यहीं।

मोती बिखेरे तूने जो पवनने चुन लिये, पिया!
तारोंसे झिलमिला उठे गगन को जो दिये, पिया!
तूने जो गुनगुना दिया फूलोंने रस पिये, पिया!
नैनां तो नीर से भरे अमरित भरे हिये, पिया!
पिलाये जा—पिलाये जा तू—मधभरी ये रागिणी,
इतनी हि सुध रहे हरी: है तु जहाँ जगत वहीं,
तू गाये जा—तू गाये जा, सजन!.....प्राण है यहीं।

(पंचचामर छंद)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সুরকার

যাও গান গেয়ে, যাও গান গেয়ে অতৃপ্ত আজো-যে হৃদয় :
আবেশ নামে এ-প্রাণ ছেয়ে—তবুও চেতন তো লুপ্ত নয়!

পিয়াসী অন্তরে ব্যথার তোমার ও-রাগ সুধা ঝরায়
তোমারি বন্ধু, গান উদার মধুর সে কোন্ বেদন জাগায়!
গহন গোপন ভাবন যত দোলে তোমার সুরের দোলায়,
তোমার গানের ও-তাল শত আমার প্রাণের তালে বাজায়।
শোনাও এসে, শোনাও এসে—তোমার প্রেমের মিড়ের রেশে,
তোমার তালে উতল ভুবন, বিধুর কেবল মীরারি মন—
যাও গান গেয়ে, যাও গান গেয়ে—দুকূল-ভাঙা সুরের নেয়ে!
না, মৌন নয় হে, মৌন নয়—অতৃপ্ত আজো-যে হৃদয়
আবেশ নামে এ-প্রাণ ছেয়ে—তবুও চেতন তো লুপ্ত নয়।

নদীর কোমল কুলুধ্বনি, কোকিল-কূজন বসন্তবায়
তোমার উছল প্রতিধ্বনি দিকে দিকে বিলায় ধরায়!
তোমারি জলতরং তারা মধুর সমীরণে বিছায়,
ভোলায় কালোর বেসুর কারা তোমার আলোর নূপুর-লীলায়।
আগুন জ্বালো আগুন জ্বালো, শীতল শিখা বাসাও ভালো,
কিরণ মিলায় চাঁদের করে, যে ছাই সে রয় মরণ-চরে—
যাও গান গেয়ে, যাও গান গেয়ে—দুকূল-ভাঙা……লুপ্ত নয়।

তোমার বাণীর মাণিক রতন তারার মতন ঝলে যখন,
পবন নিয়ে লুটে সে-ধন গগনবুকে চিকায় তখন।
তোমারি গুঞ্জনের ধারা ফুলের তৃষার মিটায় তাপন,
নয়ন সজল আপনহারা রাঙায় হিয়ায় সুধার লগন।
করাও হে পান, করাও হে পান তোমার অমর লহর উজান :
জাগাও বোধন, এ-চিত্ত চায়—যেথাই মোহন ভুবন সেথায়।
যাও গান গেয়ে, যাও গান গেয়ে—দুকূল-ভাঙা……লুপ্ত নয়।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

संदेश

सुना उधो, उधो सुना तु—हाल नंदलालका।
छिपा नहीं सभी बता, है मीत तू गोपालका।

आँखें तुम्हारि राह में कबसे लगाये हूँ खड़ी।
तु पूछ ना, कहे हि जा शती कि हो गयी घड़ी।
नैनों में लालि भोर की है ओसने भिजा दिया।
चंदा जो देखती रही हुँ रैन भर समझ पिया।
सुखी है वो तो मैं सुखी, कली हुँ मैं वो डाल है।
भले तो हैं न साजना, कहो ना कैसा हाल है?

कहो तो श्याम बाँसरी बजाते हैं कभी कभी?
पिया कि लयं से बावरी होती है मथरा भी सभी?
अभी भि मुस्कराके वो मिटाते दुःख जीके हैं?
वही रसीले बैन हैं—वो ढंग निराले पीके हैं?
कंपित पवन से हैं अधर, पीला किरण ने रंग किया?
सूरज जो देखती रही भूले से जानकर पिया।
वेदन कहाँ हृदय में है—यहाँ तो श्याम है बसे।
दुनिया हि मेरि खिल गई मैं सुन जो लूँ के वो हँसे।

भूले से व्रज कि याद भी न उनको आये देखना।
कोमल हृदय है श्याम का—व दुख न जाये देखना।
पूछे दशा तो कहना ये नंदित है राधा नंदलाल।
उसको भि कुछ कमी रहे—हो नाथ जिसके तुम गोपाल?
आहें नहीं प्रणाम को अंतर से प्राण आये हैं।
चरणों में श्याम के इन्हें ले जा उन्हींसे पाये हैं॥

(पंचचामर छंद)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সংবাদ

বন্ধু, আমায় বলো বলো—কেমন আছে নন্দলাল ?
সে বিনা কে বলবে কথা—প্রিয়সখা যার গোপাল ?
পথ চেয়ে যে আছি—কবে মিলবে তোমার দরশ হায় !
মুখ না তোমার ফুটলে যে হয় মুহূর্তও কল্প-প্রায়।
আমার নয়ন ? রাঙল ভোরে আলোয় জেগে সারারাত
চাঁদকে শ্যামল ভুল ক'রে—তাই শিশির-ভেজা আঁখির পাত।
তারই সুখে সুখী আমি—সেই শাখী, ফুল আমি তার।
আছে তো সে আনন্দে ? তার অশান্তিলেশ নেই তো আর ?

বাজায় তো সে তেম্‌নি বাঁশি সাঁঝ সকালে, বলো না ?
শুনে সে-ডাক হয় মথুরায় উতল তো সব ললনা ?
হাসির ধারায় তেম্‌নি তো সে মিটায় অন্তরের তাপন ?
কথায় ঝরে তেম্‌নি মধু ? ঢঙ তেম্‌নিই অতুলন ?
আমার অধর ? কাঁপে হাওয়ায়। রঙ ? কিরণে পাণ্ডু আজ।
দেখে তপন ছিলাম চেয়ে ভেবে—মোহন হৃদিরাজ।
না না, ব্যথা তার কোথা—যার প্রাণে বঁধুর অধিবাস।
তার হ'লে সুখ আমার ভুবন করবে বরণ কলোচ্ছ্বাস।

ব্রজের কথা ভুলেও যেন আর মনে তার না আসে।
কোমল যে তার প্রাণ, দেখো—আর ব্যথা যেন পায় না সে।
শুধায় যদি—বোলো : "রাধা সুখেই আছে নন্দলাল।
দৈন্য কি তার বন্ধু থাকে—নাথ তুমি যার, হে গোপাল ?"
দীর্ঘনিশ্বাস ? না না—হৃদয়-মথন-করা প্রাণ আমার
তার চরণে দিও সঁপে—পেলাম এ-দান বরে যার।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

बाँसरी

इक दिन शामल बाँसुरिया
तट पर आये भुलाये पिया।
मधुबन लौटति राधिका ने
हृदय के संग लगाये पिया॥

छिपकर पूछ-उसने ये दिया:
"बस प्रभु कौन है ढंग किया।
क्यूँ कर रीझ गये तुम पे?
छलकर तूने है मोह लिया?"

हँसकर बाँसरि ने ये कहा:
"सब कुछ वार दिया ये रहा।
हृदय को हाथ लगा तो जरा
इक इक अंग पे वार सहा।

अब लय पी कि है प्राण बनी,
धुन सखि जीवन जान बनी,
तन मन सौंप मैं पायो हरी,
अधर से पी रस आन बनी॥"

(सुमुखी छंद)

त र णि सु   ता त ट   कुं ज तृ हे
इ क दि न   शा म ल   बाँ स रि या

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বাঁশি

(মিশ্র লঘুগুরু ছন্দ—সংস্কৃত স্বমুখীছন্দ ভঙ্গিতে)

পুলিনে শ্যামল ভুলে বাঁশরি তার
দিনশেষে যায় ফিরে গেহে তাহার।
ফিরি' মধুবন হ'তে দেখি' বাঁশি
ধরিল হিয়ায় রাধা স্নেহে অপার।

পুছিল জনান্তিকে রাধা : "তোমার
কি সাধনে বশ হ'ল নাথ অমরার ?
কি মায়া অপার তুমি জানো বলো
ছলনা বা চাতুরী-রঙ্গ-বিহার ?

বলে হেসে বাঁশরি রাধিকারে :
"সকলি নিবেদিনু আমি তারে।
হৃদয়ে আমার রেখে হাত দেখনা
করেছে সে দীর্ণ কেমন আমারে।

সুর সেধে তারি নিশাসে আমার
হ'ল আজি জীবন রাগ তাহার
প্রিয়েরি সুধা অধরে করি পান।
দিলে তনুমন তারে হয় হরি তার।"

CC0: In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

विरह

प्रीतम! आवो तुम बिन अब तो नाहिं सुहावत पल इक पीया!
राह अँधेरी, कजरि बदरिया, बाट न सूझत डगमग हीया।

नाव पुरानी झलकत बिजरी चंचल है जल, डरत खिवैया।
हाथ बढ़ावो प्रभु! तुम रख लो, लाज बचाकर जगत-रखैया!

मैं रहूँ प्रेमी भकत के बस में—जो सत ये तुम कहत हो पीया,
बावरि मीरा दरशन बिन है माने न प्रीतम तुम बिन जीया॥

मिलन

हे सखि मीरा! दरशन कर लो, आये रि मोहन तपत बुझाने।
कंठमें माला अधर पे मुरली शाम सुनावत मनहर गाने।
नैन रसीले मधुमय प्रभुके साँवलि सूरत हृदय लुभाने।
लाज रही ना घर कुल जग की, भूल गई सखि अपने बिगाने।
प्रीत ना टूटे, पल नहिं बिसरे, रूठे नहीं प्रभु, जग नहिं जाने।
आश तिहारी जनम जनम की, आई मैं प्रीतम चरन समाने।

तन्वी छंद:

मा घ व मु ग्धै र्मधु क र वि रु तैः को कि ल कू जि त म ल य स मी रैः
प्री त म आ वो तु म बि न अ ब तो ना हिं सु हा व त प ल इ क पी या,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বিরহ

(মিশ্র লঘুগুরু ছন্দ—তম্বী ছন্দ ভঙ্গিতে)

বল্লভ ! এসো : তুমি বিনা প্রতি পল কল্পসমান আজি হৃদয়বিহারী !
নির্দিশা সন্ধ্যায় ঘনঘটা গরজায়, শঙ্কিত প্রাণ কাঁপে ভবভয়হারী !

দামিনী ঝল্‌কায়...তরী বুঝি ডুবে যায়...চঞ্চলা উর্মিলা...তুমি কোথা পারী ?
যাচি অভয় আজ, প্রভু তুমি দেখা দাও...আশ্রিতে রাখো হে সুচিরদিশারি !

প্রেমিকবৎসল যুগে যুগে তুমি নাথ !—গাহিলে আপনি প্রণয়ে মুরারি !
আকুলা মীরা বিনা তব দরশন, মানে না মন, এসো তুমি রূপধারী !

মিলন

হে সখি মীরা ! দরশন করো আজ : আসিল মোহন পিয়াস মিটাতে !
কণ্ঠে শ্রীমালা, অধরে শ্রীমুরলী—নামিল বাঞ্ছিত প্রসাদ বিলাতে !

আঁখি রসাল জয় ! বঁধু এল মধুময় মূরতি শ্যামল মিলন মিলাতে !
পাসরি লজ্জা কুল গেহ ভুলে যাই—কে পর আপন—নিরখি শ্রীনাথে।

বিশ্ববিরাগী রহি চির শরণে—রাজিব তারি সে প্রণয়-বিভাতে।
সাধি' তোমারে জনমে জনমে...আজ প্রার্থি হে বন্ধু, ও-চরণে বিকাতে।

তম্বী ছন্দ :

মা ধ ব মু গ্ধৈ র্ম ধু ক র বি রু তৈঃ কো কি ল কূ জি ত ম ল য় স মী রৈঃ।
বল্ ল ভ এ সো তু মি বি না প্র তি পল্ কল্ প স মান্ আ জি হৃ দ য় বি হা রী।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

हिंदोल

आज सखी मिल मंगल गावत नाचत घाट पे साँवलिया।
धूम मचावत राह पे मोहन आँचल रंग से भीज दिया॥

नूपुर की धुन राधिका ने सुन तज है दिया घर बार पिया।
झूमत डाल कली मुसकावत चाँद का दीप बनाये लिया।

बाँसरि शाम कि प्राण लुभावत लय संग ताल मिलावे जिया।
काज न भावत चैन न आवत मोहे बुलावत साँवरिया॥

झूलन

पुष्प खिले बन कोयल गावत छाई घटा सखि, सावन की।
धीर धरे मन ना बिन मोहन कोइ कहो हरि आवन की॥

दूर कहीं सखि पायल बाजत आवत लय प्रभु गावन की।
हाथ में बाँसरि पाँव में नूपुर माल गले मनभावन की॥

जीवन सौंपन की सखि आश है चाह है सीस निवावन की।
मीरा के मोहन आन मिलो अब आ गइ है ऋतु सावन की॥
(मदिरा छंद)

मदिरा छंदः—

मा ध व मा सि वि क स्व र के श र पु ष्प ल स न्म दि रा मु दि तैः
आ ज स खी मि ल मं ग ल गा व त ना च त घा ट पे सा म लि या

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হিন্দোল

(মিশ্র লঘুগুরু ছন্দ—মদিরা ছন্দ ভঙ্গিতে)

আজি সখীর সাথে নাচে আনন্দিত, গাহে নদীর তটে কান্ত মোহন!
হোলির হিন্দোলে সুন্দরী-অঞ্চল রঞ্জিল ফাগতরঙ্গে শোভন!

রাধিকা নন্দিনী কিংকিণি বোল শুনি' শঙ্কা বিলাঙ্ঘিয়া ধায় এখন।
শাখা দোদুল ফুলে, হাসে শশাঙ্ক অসাঙ্গ নভে জ্বালে দীপ কেমন!

বাঁশরী-ঝঙ্কারে মুগ্ধ হিয়া করে ছন্দিত তালে সে-তাল বরণ।
কাজ রহে পড়ি' প্রাণ উদাস, মরি, ডাকে অপারে সে-পারী যখন।

ঝুলন

পুষ্প উছল, গাহে কাননে কোকিলা, শ্রাবণ-বাদল ছায় নভে।
ধৈরয নাহি ধরে মন, মোহন বন্ধু কোথায়? আসিবে সে কবে?

দূরে নূপুর-ধ্বনি বাজে বঁধুর, শুনি গীতি মধুর অপরূপ রবে!
শ্রীকরে বাঁশরি, কণ্ঠে অতুল বনমালা, চরণ চুমি—আয় লো সবে!

জীবন অর্পণ তারে সখী মন চায় করিতে যে প্রণাম নীরবে।
মীরামোহন! দাও তূর্ণ মিলন, ঋতু শ্রাবণ আসিল আজি যবে।

মদিরা ছন্দ:

মা ধ ব মা সি বি ক স্ব র কে শ র   পু ষ্প ল স ন্ম দি রা মু দি তৈঃ
আ জি স খীর্ সা থে না চে আ নন্ দি ত   গা হে ন দীর্ ত টে কা ন্ত মো হন্

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

होली

होरि खेलन मैं हूं आई
रंग मोहे रंग दे।
रंग तन मन शाम दोनों
पर निराले ढगसे॥

लाख रंगोंमें इन्हें हैं,
मैंने रंगा तो सही।
पर वो सारे फीके निकले
थी सचाई जो नहीं॥

रंग अब तू नाथ मुझको
प्रेम अपने संग दे।
रंग तन मन शाम दोनों
पर निराले ढंगसे॥

रंगे नैनां आश तेरी
दिल पे रंगत नाम की।
रंग मेरा रह न जाये
इक हो रंगत शामकी॥

रंग मीरा का तु जीवन
रंग हर इक अंग दे।
रंग तन मन शाम दोनों
पर निराले ढंगसे॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দোললীলা

এসেছি বঁধু, দোললীলার তরে আজ,
আমারে রঙে রঙে রঙায়ে দাও।
আমার তনুমন তোমারি রঙে তব
অতুলনীয় ঢঙে সিনায়ে দাও॥

আমার এ-আধার চেয়েছি যেই হায়,
লক্ষ রঙে সাধে রঙাতে নাথ,
হয়েছে পাণ্ডুর সে-রঙ লহমায়,
সত্য ছিল না যে তাহার সাথ।

তাঁর তৃতীয় পত্রে গুরুদেব আবার জোর দিয়ে লিখলেন (১১-৬-৫০) "খতিয়ে একথা বলা যায় যে, মীরা ইন্দিরার মাধ্যমে যে-সব গান রচনা করছেন—রচনা যে করছেন এটা অতি-প্রত্যক্ষ—সে-গানগুলি সত্যিই চমৎকার। তাছাড়া ইন্দিরা যে গানগুলি বাঁধছে হিন্দিভাষায় যে-ভাষা সে ভালো ক'রে জানে না......একে বলতেই হবে আশ্চর্য ও মানতেই হবে যে সমস্ত ব্যাপারটা প্রামাণিক, বাস্তব। শ্রীমা ওর এ-গীতিগুচ্ছ আশ্রম-প্রেসে ছাপবার অনুমতি দিয়েছেন।"

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তারপরে ইন্দিরার সঙ্গে কথাবার্তা হ'ত স্বপ্নে তথা সমাধিতে—দিনের-পর দিন। মীরাবাই প্রথমে নিজের জীবনের সমস্ত ইতিহাস বলেন—কী ভাবে তাঁর কৃষ্ণভক্তির উদয় হয় ও কেন তাঁকে সংসার ছাড়তে হয় ইত্যাদি। পরে ক্রমশ বলতে লাগলেন নানান অপূর্ব কথিকা—যাকে ইংরাজিতে বলে parables, যাথেকে কয়েকটি মাত্র নির্বাচিত ক'রে এ-গ্রন্থে দেওয়া হ'ল। ইন্দিরা প্রথমে এতে আপত্তি করেছিল কিন্তু তাকে যখন বোঝানো হ'ল যে এ-ধরণের মূল্যবান অভিজ্ঞতা ব্যক্তিগত চৌহদ্দির মধ্যে রাখলেই সেটা অন্যায় হবে তখন ও রাজি হ'ল। কিন্তু গানের প্রসঙ্গেই ফিরে আসি।

শ্রীঅরবিন্দ যখন স্বয়ং লিখলেন যে, মীরা ইন্দিরার মধ্যে দিয়ে গান বাঁধছেন তখন অবিশ্বাস করা চলে না কারণ তাঁর এসব সম্বন্ধে গভীর অপরোক্ষ অনুভব আছে। কিন্তু সাধারণ পাঠক পাঠিকা যদি এ-ধরণের সত্যকে রূপকথা ব'লে হেসে উড়িয়েও দেন তাহ'লেও গানগুলির রসোত্তীর্ণতা সম্বন্ধে তাঁরা কোনো সংশয় প্রকাশ করবেন এ আমি মনে করি না। করলে গানগুলি ছাপাতাম না এত যত্ন ক'রে, অনুবাদ ক'রে, টিকা সমেত।

এখানে একটা কথা। আমার এ-টিকা ঠিক রসের বিচার নয়—নয় গুণগ্রাহী সমালোচনা। এ-গানগুলির সঙ্গে আমি অত্যন্ত নিবিড়ভাবে জড়িত ব'লে এদের উৎকর্ষ বা রসোত্তীর্ণতা সম্বন্ধে সমালোচনা লিখতে আমার কুণ্ঠা আসে। তাই সে-বিচার রসজ্ঞ ও ভাবুক পাঠক করুন। আমি শুধু গানগুলির আঙ্গিক তথা ছন্দ সম্বন্ধে কিছু মন্তব্য করব ব্যাখ্যা হিসেবে। তাই এ-ভূমিকার নামকরণ করেছি—টিকা।

প্রথমে, মূল হিন্দির ছন্দ সম্পর্কে কিছু বলি।

ছন্দ যাঁরা মোটামুটি পড়তে পারেন তাঁরা প্রায়ই ধ'রে নিয়ে থাকেন যে তাঁরা ছন্দজ্ঞ। কিন্তু এই প্রকল্পটি—hypothesis—সর্বত্র স্বীকার্য নয়। সাধারণ জিভ ও কান ছন্দ পড়বার সময়ে কী করে? না, এখানে টেনে ওখানে ঠেসে কোনোমতে মাত্রাসাম্য পেয়ে ধ'রে নেয় যে, পড়া ঠিকই হয়েছে। এ-টানাপোড়েনের পড়ায় যে সাধারণ ছন্দ-পাঠক সবসময়েই ভুল করেন বা করতে বাধ্য এতটা বলব না, তবে একথা বলতেই হবে যে ছন্দের কান তৈরি না হ'লে আবৃত্তিতে জিভ স্থূলবিচারে মোটামুটি পাশ করলেও করতে পারে, কিন্তু সূক্ষ্ম বিচারে ফেল করবেই করবে এখানে ওখানে সেখানে। সেই জন্যেই হিন্দি ছন্দ সম্বন্ধে কয়েকটি গোড়াকার কথা বলা দরকার মনে করছি—বিশেষ করে বাঙালি পাঠকের জন্যে।

"বিশেষ ক'রে বাঙালি পাঠকের জন্যে" বলছি এজন্যে নয় যে হিন্দি পাঠকমাত্রেই হিন্দি ছন্দ ঠিক পড়েন। সাধারণ বাঙালি যখন সব সময়ে বাংলা ছন্দ ঠিক পড়তে পারে না তখন সাধারণ হিন্দি পাঠক সব সময়ে হিন্দি ছন্দ ঠিক পড়তে পারবেন একথা স্বীকার্য হবে কেমন ক'রে? কেবল এটুকু বলতে আমি বাধ্য যে, সাধারণ হিন্দি পাঠকপাঠিকার একটা সুবিধা আছে: কারণ তাঁরা লঘুগুরু উচ্চারণ ভেদে খানিকটা অভ্যস্ত। তাই হিন্দি কবিতা তাঁরা বাঙালির চেয়ে ভালো পড়তে পারেন—সচরাচর। কিন্তু 'সচরাচর' মানে 'সবসময়ে' নয়। কেমন? একটা উদাহরণ দেই।

প্রায় পঁচিশ বৎসর আগে আমি এলাহাবাদের বিখ্যাত জানকী বাইয়ের কাছে ব'সে তাঁর মুখে শুনে তুলসীদাসের একটি বিখ্যাত ভজন শিখি: "শ্রীরামচন্দ্র কৃপালু"। এ গানটি প্রথমে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শুনি গ্রামোফোনে। তখন হিন্দি ছন্দ ভালো জানতাম না কাজেই জানকী বাইয়ের ভুল পাঠই গ্রহণ করেছিলাম। এ গানটি আসলে নিখুঁৎ সপ্তমাত্রিক ভজন হিন্দিতে প্রচলিত লঘুগুরু ছন্দে:

॥ ॥ । ॥ । । ॥ । । । । । । । । । । । । ॥ । ॥

শ্রী | রা ম চ ন্দ্র কৃ | পা লু ভ জ ম ন | হ র ণ ভ ব ভ য় | দা রু ণম্

কিন্তু হায়রে, জানকীবাই এর ছন্দের গঙ্গাযাত্রা ক'রে গাইতেন চতুর্মাত্রিক ত্রিতালে:

। । ॥ । ॥ । । । ॥ । । । । ॥ । । । । । । । ॥ ॥ । ॥

সি রি | রা ম চ ন্দ্র কি রি | পা ল ভ জ ম ন | হ র ণ ভ ব ভ য় | দা রু ণম্

সেসময়ে আমি হিন্দি গানে লঘুগুরু উচ্চারণের মর্যাদা দিতে শিখি নি, কাজেই লক্ষ্য করিনি জানকীবাই হিন্দিভাষিণী ও বিখ্যাত গায়িকা হওয়া সত্ত্বেও এ-গানটির উচ্চারণের কী আদ্য-শ্রাদ্ধ করতেন কৃ, ন তথা য় কে গুরু (দ্বিমাত্রিক) ধ'রে। এতে ক'রে ঠিক তেম্নি ছন্দোবিভ্রম হয় যেমন হয়েছে তিমিরবরণের দেওয়া বন্দেমাতরম্ সুরে। যথা 'করালে'-র ক রা একমাত্রা এইভাবেই তিনি আদ্যন্ত গণনা করেছেন, লঘুগুরু স্বরের উচ্চারণে কোন ভেদ রাখেন নি—বঙ্কিমচন্দ্র সমাধিস্থ নন এই ভাগ্য, নইলে তাঁর পুণ্যদেহও ন'ড়ে উঠত!

একথা একটু জোর দিয়েই লিখলাম এই জন্যে যে বাঙালি পাঠকের বিশেষ ক'রে মনে রাখা দরকার হিন্দি গানের ছন্দ সংস্কৃত ছন্দভঙ্গিম—ওতে লঘুগুরুর ভেদ বজায় না রাখলে হবে মহতী বিনষ্টিঃ। আর ভুললে চলবে না যে, টেনেটুনে কোনোমতে মাত্রাসাম্য ক'রে ছন্দ পড়া ও ছন্দের রসতাত্ত্বিক হওয়া একবস্তু নয়।

হিন্দি ছন্দের রসজ্ঞ হ'তে হ'লে সব আগে মনে রাখতে হবে এই গোড়াকার কথাটি যে হিন্দি-ভাষীরা তাঁদের কাব্যে তথা গানে "সচরাচর" সংস্কৃতের মতনই লঘুস্বরের—অর্থাৎ অ ই উ-র ওজন ধরেছেন একমাত্রা ও গুরুস্বরের,—অর্থাৎ আ ঈ ঊ এ ঐ ও ঔ—দু মাত্রা। কিন্তু এখানে "সচরাচর" ক্রিয়াবিশেষণটি অনুধাবনীয় যেহেতু হিন্দি ছন্দে হিন্দি কবিরা স্থলবিশেষে লঘুকে গুরু ও গুরুকে লঘু উচ্চারণ করে থাকেন। দুএকটি উদাহরণ দিলে বক্তব্যটি পরিষ্কার হবে।

তুলসীদাস হিন্দি কাব্যের সর্বশ্রেষ্ঠ কবি ও ছন্দোবিৎ ব'লে সর্বজনস্বীকৃত—হিন্দিভাষীদের মধ্যে। তাঁর রামায়ণে বালকাণ্ডে তিনি লিখছেন:

॥ ॥ । । । । । । । । ॥ ॥

লী লা | স গু ণ জো | ক হ হিঁ র | খা নী

এখানে 'জো' একমাত্রা

। ॥ । ॥ । । । । । । ॥ ॥

ক থা অ | লৌ কি ক | সু ন হিঁ জে | জ্ঞা নী

এখানে 'জে' একমাত্রা।

॥ ।

প্র গ ট যু | গ ল শ শি | তে হি কে | ভা য়

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

এখানে 'তে' দুমাত্রা অথচ 'কে' একমাত্রা। কেন—সে-বিচার পরে করব মিশ্র লঘুগুরু ছন্দের আলোচনায়। এখানে শুধু এইটুকু দেখাতেই এসব উদাহরণ দেওয়া যে হিন্দি ছন্দে লঘুগুরু স্বরের মাত্রাভেদ সংস্কৃতের মতন অনড় অচল নয়—এবং সঙ্গে সঙ্গে ব'লে রাখা যে, ভাব ও বর্ণনাকে সজীব রাখতেই ওরা এধরণের স্বাধীনতা নিয়েছে স্থলে স্থলে। এধরণের বহু উদাহরণ দিয়ে দেখাতে পারি যে সব বড় কবিই এ-ধরণের স্বাধীনতা নিয়েছেন। যথা সূরদাসের ষাণ্মাত্রিক ছন্দে:

। ॥ ॥ । ॥ । ॥ । । ॥

অ জা মী ল | গী ধ ব্যা ধ | ই ন মে ক হো | কৌ ন সা ধ *

এখানে 'মে' একমাত্রা

। । । ॥ । ॥ । ॥ ।

ভ গ ত হে ত | বাঁ ধ্যো সে ত | লং ক পু রী জা রী *

এখানে 'ধ্যো' একমাত্রা অথবা দাদুদয়ালের চতুর্মাত্রিক

॥ । । ॥ । । ॥ । ।

ক্যোঁ বি স | ঠৈ মে রা | জী ব পি | য়া রা *

এখানে 'মে' তথা 'রা' একমাত্রিক। অথবা কবীরের

। ।

রৈ ন গ | ঈ দি ন | কা হে কো | খো বে

এখানে 'হে' তথা 'কো' একমাত্রিক, নৈলে ছন্দপতন হয়।

অপিচ, ওরা শুধু-যে গুরুস্বরকে ক্ষেত্রবিশেষে লঘু ধরে তাই নয়, লঘু স্বরকেও কখনো কখনো বিকল্পে গুরু ধ'রে থাকে। অনেকে হয়ত বলতে পারেন এ অন্যায়। কিন্তু ছন্দে অনুশীলিত কবি ও স্রষ্টার শ্রুতি যাকে গ্রহণ করে সেই পথেই ছন্দ চলে, পণ্ডিতের পাণ্ডিত্য-নির্দিষ্ট পথে তো নয়। তুলসীদাসের মতন মহাকবি যে নিজের বানানও ইচ্ছামত বদলালেন ছন্দের জন্যে—তার আপত্তি কে করবে কার দরবারে? চতুর্মাত্রিক ছন্দে

। । ॥ ॥ । । । । ॥ । । । ।

তু ল সী দা স প | তি ত পা ব ন প্র ভু

লিখেই তিনি লিখলেন:

। । । ॥ । । । ॥ । । । । ॥

তু ল সি দা স ব | লি | জাঁ উ চ র ন তে

এখানে সী-কে সি ও ণ-কে ন ক'রে তিনি অন্যায় করেছেন একথা মানা যাবে কেমন ক'রে যখন তুলসীদাসের পদাঙ্ক অনুসরণ ক'রে তাঁর পরবর্তীরা সবাই এধরণের বানান-বদলে স্বাক্ষর দিলেন?

---

* গোরক্ষপুরের "ভজন-সংগ্রহ" থেকে উদ্ধৃত

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কবিরা যখন বিকল্পে গুরু-কে গুরূ, হরি-কে হরী, সারথি-কে সারথী, বিনতি-কে বিনতী ধরেছেন তখন কোন্ পণ্ডিত বৈয়াকরণিকের বেত্রদণ্ড-আস্ফালন পথ আগলে থাকবে?

একথা বলছি এইজন্যে যে সব দেশেই পণ্ডিত অর্থাৎ puristরা অদলবদলের বিরোধী হ'য়ে এসেছেন। কিন্তু ভাষার বানান, ব্যাকরণ তথা ছন্দের রীতিবদলকে আপত্তির বাঁধ দিয়ে ঠেকানো সম্ভব হয়নি কোনো দেশেই। সেই জন্যেই পণ্ডিতদের বহু আপত্তি সত্ত্বেও কাশীর সাম্প্রতিক প্রামাণ্য অভিধানেও* দেখতে পাই গুরু-গুরূ, হরি-হরী, বিনতি-বিনতী দ্বিবিধ বানানই মঞ্জুর হয়েছে। অবশ্য এখানে রুচিভেদে কিছু মতভেদ থাকবেই। তাই দেখতে পাই শ্রীরামচন্দ্রের অভিধানে গুরূ হরী স্বীকৃত হলেও প্রভূ ঠাঁই পায় নি, কিন্তু শ্রীপাঠক নামক কাশীর আর এক নামজাদা অভিধানিক প্রভূ-কেও স্থান দিয়েছেন। ইনি সারথি নিয়েছেন, সারথী নেন নি। শ্রীরামচন্দ্র 'সারথী' নিয়েছেন 'সারথি' ছেড়ে। এত কচকচির অবতারণা করছি দেখাতে যে ব্যাকরণের পথে সব সময়ে সাহিত্য না চললেও কোনো সাহিত্যপরিষদেই ভাষার রীতিবদল যুগপৎ সর্বজনগ্রাহ্য হয় না। ধীরে ধীরে চলতেই নতুন চলাপথ তৈরি হ'য়ে ওঠে প্রতি ভাষাতেই।

কিন্তু এ হ'ল খতিয়ে ভাষারীতির প্রশ্ন, ছন্দের নয়। ছন্দের বেলায়ও এই বিকল্প উচ্চারণের আর একটি উদাহরণ দেই। তুলসীদাসের "শ্রীরামচন্দ্র কৃপালু" ভজনটির একটি চরণে তিনি লিখেছেন

।। ॥ । ॥ ।। ॥ । ॥ ।। ॥ । । । । । ॥ । । ।
র ঘু | ন ন্দ আ ন ন্দ | ক ন্দ কো শ ল | চ ন্দ দ শ র থ | ন ন্দ ন ম্

হিন্দিভাষীরা এ লাইন পড়তে বাধা পান না, তাঁরা 'রঘুনন্দ'-র 'নন্দ'-কে ত্রিমাত্রিক ধরার অব্যবহিত পরেই 'আনন্দ'-র 'নন্দ'-কে দুমাত্রা প'ড়ে যান নন্-কে হাল্কাভাবে উচ্চারণ ক'রে একমাত্রা ধ'রে। এ হ'ল ভাষার উচ্চারণরীতির কথা—যে-রীতি অনুশীলিত জিভ ও কানের সমর্থন-সাপেক্ষ। অর্থাৎ অনুশীলিত কান যাকে মঞ্জুর করে সেই উচ্চারণই চালু হয়ে যায়—সব ভাষাতেই, সবদেশেই। তাই 'অমৃত' সংস্কৃতে ত্রিমাত্রিক হ'লেও হিন্দিভাষীরা বিকল্পে চতুর্মাত্রিক ধরেন 'অম্‌রিত' লিখে। দ্রষ্টব্য, আমরাও অমৃতকে বাংলায় বিকল্পে চতুর্মাত্রিক ধ'রে থাকি। এখানে, পণ্ডিতের বিধান অগ্রাহ্য, অর্থাৎ বিকল্পই সিদ্ধ—বাংলাভাষায়।

এবার কাব্যের ছন্দ থেকে আসা যাক গানের ছন্দ প্রসঙ্গে। রবীন্দ্রনাথের সঙ্গে আমি একসময়ে তর্ক করেছি যে, গানের ছন্দ কবিতার ছন্দের মতনই নিখুঁৎ হওয়া দরকার—সর্বদাই ছন্দের স্বীকৃত নিয়মকানুন মেনে তবে চলবে। কিন্তু তিনি বলতেন—না, গান গান ব'লেই তার স্বাধীনতা আছে ছন্দকে অতিক্রম ক'রে সুরের হাওয়ায় পাখা মেলবার। তাঁর যুক্তি ছিল এই যে, গানের ছন্দে সুর এসে কাঁধ লাগায় ব'লে যে-ছন্দ কাব্যে পঙ্গু সে-ও গানে সোজা হ'য়ে ছুটতে পারে। অতুলপ্রসাদের অনেক গানের ছন্দপতন তিনি সমর্থন করতেন যখন সুরে সে-গানগুলি রসোত্তীর্ণ হ'য়ে উঠত। এই যুক্তি মেনেই তাঁর শেষের দিকের নানা গানেও তিনি

* শ্রীরামচন্দ্র বর্মা প্রণীত "প্রামাণিক হিন্দীকোষ"। ভূমিকায় এর উদার মতামত সর্বথা গ্রহণীয়।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ছন্দকে কাব্যের মাত্রা ও যতির কাঠামো থেকে যে অনেকখানি ছাড়া দিয়েছেন একথা অপ্রতিবাদ্য—যেহেতু ছন্দোবিশ্লেষণ ক'রে প্রমাণ করা যায়। অলমিতিবিস্তরেণ, তাই মাত্র একটা দৃষ্টান্ত দিয়েই ক্ষান্ত হব তাঁর "গীতবিতান" থেকে :

বাসন্তী, হে ভুবনমোহিনী
দিক্-প্রান্তে বনে বনান্তে
শ্যাম প্রান্তরে আম্রছায়ে
নীল আকাশে মলয় বাতাসে
ব্যাপিল তব অনন্ত মাধুরী
নগরে গ্রামে কাননে
দিনে নিশীথে
পিক-সঙ্গীতে, নৃত্যগীতকলনে
বিশ্ব আনন্দিত॥ ইত্যাদি

গীতিরচয়িতাদের মধ্যে দ্বিজেন্দ্রলাল অতুলপ্রসাদ রজনীকান্ত তথা কাজি নজরুল ইসলামের নানা গানের দৃষ্টান্ত দিয়ে প্রমাণ করতে পারি যে তাঁরা সবাই গানে ছন্দের খানিকটা স্বাধীনতা নিয়েছেন যার ফলে গানগুলির রসমাধুর্যের শ্রীবৃদ্ধিই হয়েছে সুরের প্রসাধনে। তবে স্থানাভাব ব'লে দ্বিজেন্দ্রলালের গান থেকে একটি ও অতুলপ্রসাদ থেকে মাত্র একটি উদাহরণ দিয়েই ক্ষান্ত হব। প্রথম, দ্বিজেন্দ্রলালের বিখ্যাত "বঙ্গ আমার জননী আমার" গানটি নেওয়া যাক। এতে দুটি চরণ আছে :

"সপ্তকোটি সন্তান যার ডাকে উচ্চে আমার দেশ"
"দেবী আমার, সাধনা আমার, স্বর্গ আমার আমার দেশ"

এখানে "কোটি" "ডাকে" "দেবী" বাংলা মাত্রাবৃত্ত ছন্দ অনুসারে দ্বিমাত্রিক হওয়া সত্ত্বেও এখানে যে ত্রিমাত্রিক মর্যাদা পেয়েছে সে শুধু জোর ক'রে ছন্দ বজায় রাখতে নয় এখানে "কো" "ডা" ও "দে" এই তিনটি স্বর সংস্কৃত গুরুস্বরের দ্বিমাত্রিক উচ্চারণে গানে শক্তিমান হ'য়ে উঠেছে। দ্বিজেন্দ্রলাল ইচ্ছা করলেই এ শব্দগুলির মাত্রান্যূনতা মেরামত করতে পারতেন, "সপ্তকোটি সুসন্তান যার," কি "ডাকিছে উচ্চে", কি "জননী আমার সাধনা আমার" লিখে। কিন্তু তা তিনি করেন নি এই জন্যেই যে সুর তাতে ছাড়া পেত না যে-ভাবে তিনি চেয়েছিলেন।

অতুলপ্রসাদের একটি বিখ্যাত ভৈরবী ঝাঁপতালে আছে ভাতখণ্ডের "ভবানী দয়ানী মহাবাকবাণী" গানের ভঙ্গিতে রচিত

। ॥ ॥ । ॥ ॥ । ॥ ॥ । ॥ ॥ । । । । । ॥ ॥
" সে ডা কে আ মা রে বি না সে স খা রে, র হি তে ম ন না রে "
ইত্যাদি

এ-গানটি তাঁর দেওয়া সুরে যাঁরা শুনেছেন তাঁরা জানেন তিনি ভাবেই এই এ-গানটি ঝাঁপতালে গেয়ে সবাইকে মুগ্ধ করতেন। এ-উচ্চারণ ভুল বলব কেমন ক'রে—যখন প্রত্যেক গুরু স্বর এখানে বিচিত্র হ'য়ে উঠল এ গুরু ভঙ্গিম উচ্চারণে? কেবল 'তে' ও প্রথম 'সে' একমাত্রিক।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

একথা বলা আমার উদ্দেশ্য নয় যে গানে ছন্দের স্বৈরাচার সমর্থনীয়। তা হ'তেই পরে না। আমি বলতে চাই: প্রয়োগকুশলী হ'লে অনেক সময়ে ছন্দের চলতি সূত্র লঙ্ঘন ক'রে ছন্দের মধ্যে প্রত্যক্ষভাবে অভিনবত্ব আনা সম্ভব ব'লেই বড় বড় কবিরা আবহমানকাল এখানে ওখানে একটু আধটু স্বাধীনতা নিয়েছেন লঘুস্বরকে গুরু বা গুরুস্বরকে লঘু প'ড়ে। বৈষ্ণব-সাহিত্য থেকে দুএকটা উদাহরণ দিলে হয়ত আমার বক্তব্যটা আরো একটু প্রাঞ্জল হবে।

গোবিন্দদাস লিখেছেন: (শ্রীপদকল্পতরু ৭৫ পদ বঙ্গীয় সাহিত্য পরিষদ)

কী ফল একল বিকল পরাণ
গোবিন্দদাস কহে নীলব কান

এখানে কী এ রা নী দুমাত্রা অথচ গো তথা দা একমাত্রা।

বিছুরল পিঞ্ছ মুকুট পরিপাটি।
সহচর মেলি মরত জিউ ফাটি॥
জীউ রহত অব তুয়া রস আশে।
তোহারি চরণ কহে গোবিন্দদাসে॥
(ঐ ৯০ পদ)

এখানে দ্বিতীয় জী দুমাত্রা, লক্ষ্যণীয়। রাধামোহন দাস লিখেছেন:

বুঝি পুন নাগর সব গুণ আগর অলখিতে তাই উপনীত
রাধামোহন দেখি সুনাগরি আনন্দে নিমগন চীত। (ঐ ১৩৪৩ পদ)

এখানে চিত না লিখে চীত লেখা হয়েছে চী-কে দুমাত্রার মর্যাদা দিতে হবে ব'লে।

এত কথা বলছি—দুটি বক্তব্যকে জোরাল ক'রে ফুটিয়ে তুলতে: এক, হিন্দি গান গান ব'লেই তাতে অনেক সময়ে ছন্দের স্বাধীনতা নেওয়া হ'য়ে থাকে—ফলে সুর তথা ভাবের শ্রী-বৃদ্ধি হয় ব'লেই। দুই, এ-হিন্দি গানগুলির সঙ্গে বাংলা গানের যথেষ্ট সাদৃশ্য আছে এই কথাটি মনে রাখা। হিন্দি কাব্য সম্বন্ধে বাঙালির মনে যে-একটা অবজ্ঞার ভাব আছে সে-অবজ্ঞা সমর্থ-নীয় নয় আরো এই জন্যে যে, উদার গুরুস্বরের প্রবর্তনে হিন্দি গানে এমন একটি কল্লোল এসেছে যে-কল্লোল চলতি মাত্রাবৃত্ত বা স্বরবৃত্ত বাংলা গানে নেই।

এ-কল্লোল আমদানি করবার খানিকটা চেষ্টা হয়েছে বাংলায় বিশুদ্ধ লঘুগুরু ছন্দের প্রবর্তন ক'রে। যথা রবীন্দ্রনাথের বিখ্যাত জনগণমন অধিনায়ক, দেশ দেশ নন্দিত করি কিম্বা দ্বিজেন্দ্রলালের পতিতোদ্ধারিণি গঙ্গে, গিরিগোবর্দ্ধন গোকুলচারী বর্গীয় গানে। এছন্দে কবি নিশিকান্তও অনেক সুন্দর গান বেঁধেছেন। আমিও অনেকগুলি গান রচনা করেছি ও নানা সভায় আজো গেয়ে থাকি।

কিন্তু লঘুগুরু ছন্দ বাংলা ভাষায় একটি বিশিষ্ট স্থান দাবি করতে পারে একথা বলার সময়ে মনে রাখা চাই যে, এ-ছন্দে রচিত কাব্য রসোত্তীর্ণ হ'তে হ'লে কবির থাকাই চাই বিশেষ প্রয়োগ-নৈপুণ্য। নৈলে এ-ছন্দের গান বাঙালির কাছে সুখপাঠ্য ও গ্রহণীয় হবে না।

কিন্তু আর একটি পদ্ধতি আছে—যে-পদ্ধতির অনুমোদন স্বগতোক্তির মতনই বাংলা গানের অন্তর্নিহিত বললে বেশি বলা হবে না। এ-পদ্ধতি হ'ল মিশ্র লঘুগুরু ছন্দের প্রবর্তন

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

—যে-ধারা অনেক বাঙালি তথা হিন্দি কবিই তাঁদের বহু গানেই নানান্ বিচিত্র চরণে আমদানি করেছেন।

তাই আমার মনে হয় হিন্দি গান থেকে এ-পদ্ধতি সম্বন্ধে আমরা, বাঙালিরা, কিছু মূল্যবান্ নির্দেশ পেতে পারি—যেমন আমাদের বাংলা গান থেকেও ওরা অনেক কিছু মূল্যবান্ নির্দেশ পেতে পারে। একথা বলছি শুধু একটি অবিসংবাদিত উক্তির অনাবশ্যক পুনরুচ্চারণ করতেই নয়—যাকে ইংরাজিতে বলে platitude : বলছি এই জন্যে যে অনেকের মুখেই এই কথাটি শোনা যায় যে কোন প্রেরণালব্ধ কবিতা বা বাণীর অনুবাদ হ'তেই পারে না। একথার মধ্যে সত্য আছে মাত্র এইটুকু যে যে-ভাবব্যঞ্জনা কোনো ভাষার মধ্যে দিয়ে ফুলের ম'তই ফুটে ওঠে তার ঠিক জুড়ি অন্যভাষায় তর্জমা করা যায় না। কিন্তু সঙ্গে সঙ্গে একথাও সত্য যে কোনো প্রতিভাশালী কবি অনুবাদের মধ্যে দিয়ে মূলের নানা রস পরিবেষণ করতে পারেন যাতে ক'রে ঠিক সমতুল্য না হোক্ এমন রসাবেশ গ'ড়ে উঠতে পারে যাকে রসোত্তীর্ণ না বললে সত্যের অপলাপ হয়। কালিদাসের বিক্রমোর্বশীর মূল সংস্কৃতের পাশাপাশি শ্রীঅরবিন্দের অনুবাদ Hero and the Nymph পড়লে একথা অপ্রতিবাদ্য ব'লে মনে হবেই হবে। আমার নিজের মনে হয় যে শ্রীঅরবিন্দের অনুবাদের সাহিত্যমূল্য মূল সংস্কৃতের চেয়ে বেশি—কিন্তু যদি আর কারুর একথা সত্য মনে না হয় তবে তর্ক ক'রে ফল নেই। কেবল তবু একথা আশা করি তিনিও মানবেন—যদি ইংরেজি ভাষার অপরূপ সৌন্দর্য অনুভব করার সহজবোধ তাঁর মধ্যে অনুশীলিত হ'য়ে থাকে—যে শ্রীঅরবিন্দের Hero and the Nymph একটি অপরূপ রচনা যার মধ্যে দিয়ে সংস্কৃতানভিজ্ঞ কাব্যানুরাগী কালিদাসের রসালতার কিছু স্বাদ পাবেনই অভিজ্ঞতার তরফ থেকে যাকে বলা চলে একটি মহান্ লাভ। আর, কোনো অনুবাদের মাধ্যমে মানুষের রসানন্দের ভাণ্ডার এইভাবে পুষ্ট করাই হ'ল অনুবাদ-সাহিত্যের কাজ। তাই মূল যতখানি রসোজ্জ্বল অনুবাদ ততখানি রসোজ্জ্বল কি না এ-আলঙ্কারিক highbrow বিচার রসিকের কাছে অবান্তর হ'তে বাধ্য। তাঁর বিচার্য—অনুবাদের মধ্যে দিয়ে তিনি এমন কোন রস পাচ্ছেন কি না যাতে তাঁর রসানন্দের পুঁজি বেড়ে উঠল। যদি না উঠে থাকে তবেই বলব অনুবাদ ব্যর্থ, কিন্তু যদি কোনো অনুবাদ প'ড়ে মূলনিরপেক্ষ হ'য়েও আমরা সত্য রসানন্দ পাই তবে অনুবাদকের কাছে আমাদের কৃতজ্ঞ হ'তেই হবে তাঁর এ-সৃষ্টির জন্যে। কারণ একথা তখন মানতেই হবে যে অনুবাদ সৃষ্টির কোঠায়ই পড়ল, এবং রসসৃষ্টি যেভাবেই গ'ড়ে উঠুক না কেন কখনই অগ্রাহ্য হ'তে পারেনা, যেহেতু কোনো অনুবাদ মূলের কতখানি সৌন্দর্য পরিবেষণ করল সে বিচার পুরোপুরি না হ'লেও খানিকটা গৌণ হ'য়ে ওঠে, মুখ্য হ'ল—অনুবাদ রসের দিক নিয়ে সৃষ্টির কোঠায় পড়ল কি না সেই বিচার। কিন্তু এ হ'ল অনুবাদের মাত্র একটি মাত্র অবদান। অনুবাদের কাছে এছাড়াও আমরা অনেক কিছু পেতে পারি। কী—বলি। অনুবাদ যদি ভালো হয় তবে তার আর একটি মস্ত দান এই যে সে খানিকটা যেন 'রসাঞ্জনশলাকা' দিয়েই 'রসশ্রুতি'-কে উদ্বুদ্ধ করে। অর্থাৎ, কোনো কবিতার ভালো অনুবাদ প'ড়ে মূল পড়লে মূলের এমন অনেক সৌন্দর্য আমাদের কাছে ধরা দেয় যা অনুবাদের নির্দেশ না পেলে দিত না। অনুবাদের আর একটি মহা দান এই যে সে মানুষকে মানুষের কাছে এনে দেয়। শেক্সপীয়রের জর্মন অনুবাদ প'ড়ে গেটে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

উচ্ছ্বসিত, ফরাসী অনুবাদ প'ড়ে রোলাঁ, ইতালিয়ান অনুবাদ প'ড়ে ইতালিয়ানরা। অবশ্য এঁরা (নিজের নিজের ভাষায়) এসব অনুবাদ থেকে হুবহু সেই আনন্দ পেতেই পারেন না যে-আনন্দ পান ইংরাজেরা মূল ইংরাজি থেকে—বটেইতো। কিন্তু যেটুকু তাঁরা পান যেটুকু না পেলে তাঁদের রসচয়নিকায় জমার অঙ্ক যে কম হ'ত একথা যখন তাঁরা নিজেরা সোচ্ছ্বাসে স্বীকার করেন তখন উন্নাসিক সাহিত্যবোদ্ধা অনুবাদকে নামঞ্জুর করলে শুনব কেন?

তাছাড়া বিশ্বভাবুকদের চিন্তাধারার সঙ্গে পরিচয় হ'তে না হ'তে একটা নববোধের উদয়ারুণচ্ছটা আমাদের চোখে না প'ড়েই পারে না। সেটা এই যে, মানবজাতির এমন একটা নব ভাবযুগ প্রত্যাসন্ন যার পূর্ণোদয়ে রসসাহিত্যবিচারে অনেক প্রাচীন আপ্তবাক্যও পুরোপুরি অসিদ্ধ না হোক আংশিকভাবে অসত্য ব'লে ধরা পড়বে। তার মধ্যে একটি বাক্য এই যে অনুবাদের মাধ্যমে রসের তর্জমা হয় না। এ প্রকল্পটি অগ্রাহ্য—দুটি কারণে: প্রথম—একথা যদি সত্য হ'ত তবে সুকুমারসাহিত্যের অনুবাদে সবদেশেই মানুষ এত উৎসাহবোধ করত না; দ্বিতীয়ত—অনুবাদের মধ্যে দিয়ে মানুষ মানুষের কাছে আসতে পারতনা, আমাদের ভেদবুদ্ধির আংশিক নিরসনও হ'তে পারত না, এক জাতির প্রতি আর একজাতির শ্রদ্ধা বাড়তে পারত না। এ-শুধু শিল্পীর কথা নয়, এ-যুগের সর্বশ্রেষ্ঠ ঋষির এটি একটি মহাবাণী যে আগামিক যুগে এমন অনেক অনুভবসম্পদ আমরা সঞ্চয় করব যা বিগত যুগে আমাদের অনধিগম্য ছিল:

"অনাগত দিনের লোক আমরা এক নব বিকাশের যুগসন্ধিতে দাঁড়িয়ে—যে-যুগে গ'ড়ে উঠবে এক নবতন তথা সমৃদ্ধতর সমন্বয়-সুষমা" ঘোষণা ক'রে তিনি বলছেন যে এ-নবযুগে "আমরা যা যা লাভ করতে যাচ্ছি তাদের অভিনব ও ব্যাপক সামঞ্জস্য-সাধনা হবে ভাবিকালের বুদ্ধি তথা অধ্যাত্মলোকের পথের পাথেয়।"*

* * * *

এবার ইন্দিরার ও আমার অনুবাদগুলি সম্বন্ধে একটু বলি। আমার অনুবাদগুলি আমি করতে চেয়েছি প্রায় সর্বত্রই মূলের ছন্দ ও মিলের ছক বজায় রেখে—যাতে ক'রে মূল হিন্দিগানের সুরেই অনুবাদ গীত হ'তে পারে। ইন্দিরার সম্বন্ধেও সেই কথা। অর্থাৎ কোনো বাংলা গান ও যখন হিন্দিতে তর্জমা করেছে তখন যথাসাধ্য চেষ্টা করেছে যাতে অনুবাদ ছন্দ ও সুরেও মূল বাংলার জুড়ি ব'লে গণ্য হ'তে পারে। নানাভাষায় একই গান একই সুরে তালে গাওয়া এ আমি আগেও করেছি—সে-বিবরণ দেওয়া এখানে অপ্রাসঙ্গিক হবে। এখানে একথা উল্লেখ করলাম শুধু এইজন্যে যে একাধিক ভাষায় একই গান একই সুরে গাওয়ার মধ্যে যে-বিচিত্র রসের আমি স্বাদ পেয়েছি সেই রসের কিছু স্বাদ ইন্দিরার ও আমার অনুবাদগুলির মধ্যে দিয়ে কাব্যে তথা সুরে পরিবেষণ করা আমাদের অনুবাদের অন্যতম লক্ষ্য। আমার আশা আছে যে গানগুলি দুভাষায় একই সুরে গীত হ'লে তাতে ক'রে কাব্য তথা সুররসিকের আনন্দসম্পদ

---

* "We of the coming day stand at the head of a new age of development which must lead to such a new and large synthesis......a fresh and widely embracing harmonisation of our gains is both an intellectual and a spiritual necessity of the future."

Essays on the Gita (American edition) p. 9

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সমৃদ্ধতরই হবে। এ-আশা পোষণ করার একটা কারণ এই যে, এ-পর্যন্ত এ-গানগুলি হিন্দি বাংলা—কখনো বা ইংরাজিতেও—গেয়ে বহু শ্রোতার কাছে সাড়া পেয়েছি। আরো সেইজন্যে "সুরবিহার" দ্বিতীয়খণ্ডে এ-গীতিগুচ্ছের অনেকগুলি গানের স্বরলিপি প্রকাশ করা হচ্ছে। সুরবিহার যন্ত্রস্থ—ছাপা হ'লে হয়ত তাথেকে আরো জোরালো প্রমাণ পেশ করা হবে অনুবাদের বাঞ্ছনীয়তার স্বপক্ষে। তবে যতদিন না এ-স্বরলিপি প্রকাশিত হচ্ছে ততদিন আমার প্রতিপাদ্যটি হয়ত খানিকটা ঝাপসাই থেকে যাবে এই কারণে যে গান, ঠিক ব্যাখার বস্তু নয়—হাতে কলমে ক'রে দেখানোর, কিনা গেয়ে শোনানোর বস্তু। তবু যখন সামনা-সাম্নি গেয়ে শোনানো যাচ্ছে না তখন ব্যাখ্যার মাধ্যমে যতটা সম্ভব বোঝানোর চেষ্টা তো করা যাক্। "কর্মণ্যেবাধিকারস্তে মা ফলেষু কদাচন।" অতএব দু:খ কিসের? রোলাঁ আমাকে লিখেছিলেন একটি লাখ কথার এক কথা: "বীজ বুনে যাও তুমি, ফসলের কথা না-ই বা ভাবলে।"

এবার বলব 'মিশ্র লঘুগুরু ছন্দ' কী বস্তু। সংক্ষেপেই বলবার চেষ্টা করব—দেখা যাক কোথাকার জল কোথায় দাঁড়ায়।

শ্রুতাঞ্জলির ১১৬ পৃষ্ঠায় ইন্দিরার একটি গান দেওয়া হ'ল—সংস্কৃত পঞ্চামর ছন্দভঙ্গিম। একটি লঘুস্বরের পরে একটি গুরুস্বর এই বিন্যাসে ষোলটি স্বর (বা অক্ষর) সাজালে পঞ্চামর ছন্দের একটি পূর্ণ চরণ গ'ড়ে ওঠে। যথা,

।　ll　।　ll　।　ll　।　ll　　ll　।　ll　।　　ll　।　ll

ব | জা কে | শ্যা ম | বাঁ স | রী বু | লা র | হে হো | কিস্ লি | য়ে

ইতিপূর্বে বিশদ ক'রেই বলেছি যে হিন্দিতে স্থলবিশেষে গুরুস্বরকে লঘু ও লঘুস্বরকে গুরু উচ্চারণ করার স্বাধীনতা নেওয়া হ'য়ে থাকে। এই স্বাধীনতার ফলে যে ছন্দ গ'ড়ে ওঠে তারই নাম মিশ্র লঘুগুরু ছন্দ। এ-স্বাধীনতা যে-ছন্দে নেওয়া হয়নি তার নাম বিশুদ্ধ লঘুগুরু ছন্দ বা—সংক্ষেপে—"লঘুগুরু ছন্দ"। এবার বলি "মিশ্র" লঘুগুরুর অভিজ্ঞান কী।

মূল সূত্রটি খুবই সরল: গানে যেখানে যেখানে তালের ঝোঁক পড়ছে (অর্থাৎ পর্বের প্রথম মাত্রায়) সেখানে থাকতে পারে হয় একটি লঘুস্বর (open short syllable) কিম্বা একটি গুরুস্বর (open long syllable) কিম্বা একটি যুগ্মধ্বনি (closed syllable)* যদি যুগ্মধ্বনি থাকে তবে সে তো ছন্দের স্বীকৃত রীতিতেই পাবে দুমাত্রার মর্যাদা, কিন্তু যদি গুরুস্বর আসে (আ ঈ ঊ এ ঐ ও ঔ) তবে সেও হবে দ্বিমাত্রিক। কিন্তু যদি এ-গুরুস্বর থাকে অন্যত্র—অর্থাৎ পর্বের প্রথম মাত্রায় ছাড়া আর কোথাও—তবে সে হবে একমাত্রিক। এই হ'ল মূল সূত্র। দুএকটি উদাহরণ দিলে সূত্রটি পরিষ্কার হবে আরো। ১১৬ পৃষ্ঠায় "বজাকে শ্যাম বাঁশরীর"র যে ছক দিয়েছি, সেটিকে বিশ্লেষণ করলে দেখা যাবে যে সেখানে জা শ্যা বাঁ রী লা হে য়ে দ্বিমাত্রিক, কেননা পর্বের প্রথমে আসার দরুণ এরা তালের জোরে প্রস্বনিত (stressed) হয়েছে; অন্যত্র কে হো একমাত্রিক, যেহেতু এদের উপরে তাল পড়েনি—তাই এরা রইল unstessed

---

* আমার "ছান্দসিকী" পুস্তকে এ-পারিভাষিক শব্দগুলির বিশদ ব্যাখ্যা দিয়েছি। এখানে সে-সবের পুনরবতারণার স্থানাভাব।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

এবার ওর বাংলা অনুবাদটি নেওয়া যাক (১১৭পৃঃ)

| || | || | || | || | || | || | || | ||

বা | জা য়ে | ব ন্ধু | বাঁ শ | রী ডা | কো কে | নই বা | আয় রে | আয়

এখানে তাল পড়ছে পর্বের যে-যে অক্ষরে (অর্থাৎ প্রথম মাত্রায়) সেখানে গুরুস্বর সর্বত্রই দ্বিমাত্রিক যথা জা বাঁ রী কো দুমাত্রা, অন্যত্র বা য়ে জা কে রে একমাত্রা।

এখানে একটা কথা বলা প্রয়োজন মনে করছি। এ-নিয়ম আমি যে ভেবেচিন্তে বার করেছি তা নয়—এছন্দে রচিত নানা গান পড়তে পড়তে ও গাইতে গাইতে আমি দেখতে পাই যে আমার আগেকার অনেক কবিই অজান্তে এ-নিয়ম মেনেই তাঁদের মিশ্র লঘু গুরুর নানা চরণ রচনা করেছেন। কয়েকটি উদাহরণ দিয়ে একথা বোঝাবার চেষ্টা করি।

বিদ্যাপতির বিখ্যাত গান:

|| | | | | | | || | | || | | || | | | | | | || ||

আ জু র | র জ নী হা ম | ভা গ পো | হা য় লুঁ | পে খ লুঁ | পি য়া মু খ | চ ন্দা

এখানে মাত্রাচিহ্নগুলি দেখলেই দেখা যাবে যেখানে যেখানে তাল পড়েছে সেখানে গুরুস্বর থাকলেই সে দুমাত্রার মর্যাদা পেয়েছে তালের মাধ্যমে—অন্যথা সেই একই গুরু স্বর লঘু হ'য়ে দাঁড়িয়েছে, কি না একমাত্রিক। আরো কয়েকটি উদাহরণ দিলে কথাটা পরিষ্কার হবে:

গোবিন্দদাস লিখছেন:

| | | | || | | || | | || | |

শু ন শু ন | সু ন্দ র | না গ র | রা জ ০ |

|| | | || | | | | | | || | |

সো ধ নী | বৈ ঠ য়ে | গু রু জ ন | মা ঝ ০

|| || | | || | | | | | | | ||

রা ই অ | না দ র | হে রি র | সি ক ব র | অ ভি মা নে | ক র ল প | য়া ন

এখানে না রা সো মা হে তথা য়া দুমাত্রা—প্রস্বনিত ব'লে, অথচ নী য়ে মা নে একমাত্রা—অপ্রস্বনিত ব'লে।

উদাহরণ বাড়িয়ে টীকা আর ভারাক্রান্ত করব না কেবল আর একটি গান উদ্ধৃত করব এ-ছন্দে —রবীন্দ্রনাথ থেকে। এ-গানটি উদ্ধৃত করবার লোভ সংবরণ করতে পারছি না এইজন্যে যে মিশ্র লঘুগুরু ছন্দের সূত্র এ-গানটিতে আদ্যন্ত মেনে চলা হয়েছে। এ বিখ্যাত গানটি রবীন্দ্র-নাথের "ঋতুরঙ্গ" থেকে উদ্ধৃত:

| || | || || | |, || , || | |

কে ন | পা ন্থ এ | চ ঞ্চ-ল | তা কো ন্ | শূ ন্য হ' | তে এ ল |

|| | | ||

কা র্ বা র | তা |

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

॥ ॥ । ॥ ॥ ।
ন য় ন কি । সে র প্র । তী ক্ষা র । ত ০ ০ বি । দা য় বি । ষা দে উ ।
॥ ॥
দা স ম । তো ০

॥ ॥ ॥ । ॥ ॥ ।
ঘ ন । কু ন্ত ল । ভা র ল । লা টে ন । ত ০ ০ ০ । ক্লা ন্ত ত । ড়ি ৎ ব ধূ ।
। ॥ । ।
ত ন্দ্রা গ । তা ০ ০ ।

॥ ॥ ॥ ॥ ॥
কে শ র- । কী র্ণ ক । দ ম্ব ব । নে ০ ০ ০ । ম র্ম র । মু খ রি ত ।
॥ । ।
মৃ দু প ব । নে ০ ০ ।

॥ ॥ ॥ ॥ ॥ ॥
ব র্ষ ণ । হ র্ষ ভ । রা ধ র । ণী র ০ । বি র হ বি । শ ঙ্কি ত । ক রু ণ ক । থা

॥ । ॥ । । ॥ । ॥ ॥ ॥ । ।
ধৈ র্য মা । নো ও গো । ধৈ র্য মা । নো ব র । মা ল্য গ । লে আ জো ।
। । ।
হ য় নি ম্লা । ন ০

॥ ॥ ॥ ॥ ॥ ।
ফু ল । গ ন্ধ নি । বে দ ন । বে দ ন । সু ন্দ র । মা ল তী । ত ব চ র ।
॥ ॥ । । ॥
ণে প্র ণ । তা ০ কে ন । পা ন্থ…

হিন্দি গানে সর্বত্র না হোক অনেক স্থলেই দেখা যায় গুরু স্বরকে লঘু করা হ'য়ে থাকে এই ভাবে—অর্থাৎ যেখানে তাল পড়ছে না সেখানে গুরুস্বর থাকলে সে একমাত্রা, তাল পড়লে দুমাত্রা। ধরা যাক তুকড়া দাসের

। । ॥ । । ॥ ॥ ॥ ॥ ।
মো সে । কা হে কো । প্রী ত জু । রা ই হ । রী অ ব । জো রি য়ে ।
॥ ॥ । ॥
তো ফি র । তো রি য়ে । না

এখানে মো সে হে কো য়ে একমাত্রা এর বাংলা তর্জমা আমি করেছি এই মিশ্র লঘুস্বর ছন্দেই—আমার "ভাগবতী গীতি" বইয়ে পুরো গানটি আছে:

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

প্র ণ | য়ে ষ দি | আ নি লে | ব ন্দী ক | রি দি ও | ঠাঁ ই অ |
নি ন্দি ত | শ্রী চ র | ণে

ভ ব | সি ন্ধু কূ | লে না হি | আ লো ক | ণা...হ বে | না কি গো |
কা ণ্ডা রী | দু র্ গ | নে

এখানে না লো গো ণ্ডা রী একমাত্রা। একটু পড়া অভ্যাস হ'লেই দেখা যাবে যে এ-পদ্ধতির মধ্যে কষ্টকল্পিত কিছুই নেই, আর নেই ব'লেই হিন্দিভাষীরা তাঁদের নানা গানেই গুরুস্বরকে দরকার হ'লেই একমাত্রার কাজে বাহাল করেছেন। যেমন ইন্দিরা দেবীর

য়ে | প ঞ্ছী | য়োঁ কী | টো লি | য়াঁ য়ে | চ হ্ চ | হে য়ে | বো লি | য়াঁ

এখানে য়ে ছী য়ে একমাত্রা। এবারে পঞ্চচামরের চেয়ে আরো বিকশিত ছন্দে আসা যাক।

ইন্দিরাকে "সুমুখী" ছন্দের সংস্কৃত নমুনা দিলাম ছন্দোমঞ্জরী থেকে:

ত র ণি সু | তা ত ট | কু ঞ্জ গৃ | হে

এ-ছন্দে লঘুগুরুর বিন্যাস দ্রষ্টব্য। ও তৎক্ষণাৎ লিখল:

ই ক দি ন | শ্যা ম ল | বাঁ সু রি | য়া (১২৬ পৃঃ)

এ-প্রথম লাইনটি বিশুদ্ধ লঘুগুরু। কিন্তু তার পরের লাইনেই মিশ্রণ এল:

ত ট প র | আ য়ে ভু | লা য়ে পি | য়া

কারণ 'য়ে' গুরুস্বর হওয়া সত্ত্বেও একমাত্রিক—তালের অভাবে। এ-হিন্দি গানটিতে একটি লাইন লক্ষ্যণীয়:

ছি প ক র | পূছ-উস্ | নে য়ে দি | য়া

এখানে ছ ও উ র মধ্যে হাইফেন দেওয়া হয়েছে ছন্দসন্ধি জ্ঞাপনার্থে। অর্থাৎ এখানে উচ্চারণ হবে পূছুস্। যথা কাজি নজরুলের

হ ত্যা ন য়্-আ জ্ | স ত্যা গ্র হ | শ ক্তি র্- উ দ্বো | ধ ন

এখানে উচ্চারণ হবে নয়াজ্ ও রুদ্বোধন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

এর পরে ইন্দিরার "তন্বী" ছন্দে রচিত গানটি (১২৮ পৃঃ) সম্বন্ধে দেখা যাক মিশ্র লঘুগুরু ছন্দের লক্ষ্যবেধ। "তন্বী" ছন্দের ছক হ'ল:

॥ । । । ॥ ॥ । । । । । । ॥ ॥ । । ॥ । ।
মা ধ ব | মু গ্ধৈ | র্ম ধু ক র | বি রু তৈঃ | কো কি ল | কূ জি ত |
। । । । ॥ ॥
ম ল য় স | মী রৈঃ

এখানে দ্বিতীয় ও অষ্টম পর্বে দুটি স্বরই গুরু (দ্বিমাত্রিক) হওয়া চাই, তৃতীয় ও সপ্তম পর্বের প্রতি স্বর লঘু, বাকি গুলি "মদিরা" ছন্দভঙ্গিম—গুরু-লঘু-লঘু। ইন্দিরার রচিত গানে প্রথম চার লাইন নিখুঁৎ অক্ষরবৃত্ত লঘুগুরু। কিন্তু পঞ্চম লাইনে 'ভকতকে'-র 'কে' লঘু, তথা ষষ্ঠ লাইনে 'মানে'-র 'নে' লঘু। এইখানেই এল মিশ্র লঘুগুরুর স্বাধীনতার সুবিধা। আমার বাংলা অনুবাদেও দ্রষ্টব্য এই সুবিধার সুফল, যথা "বিরহ" গানে (১২৯ পৃঃ) প্রথম লাইনে 'বিনা'-র 'না' ও 'আজি'-র 'আ' লঘু একমাত্রিক। তেমনি দ্বিতীয় লাইনে শা = টা = পে = একমাত্রিক, তাল-প্রস্বনের অভাবে।

১৩০ পৃষ্ঠায় ইন্দিরার "মদিরা" ছন্দে রচিত গানটি মিশ্র লঘুগুরু ছন্দে সহজেই আবৃত্তি করা যাবে, টীকা না দিলেও। কেবল পঞ্চম লাইনে 'লয় সংগ' সম্পর্কে কিছু বলা দরকার।

আমরা বাংলা মাত্রাবৃত্তে সংস্কৃতভঙ্গিম উচ্চারণ করি 'গঙ্গ' 'ভঙ্গ' 'নন্দ' 'পন্থ' জাতীয় শব্দকে, অর্থাৎ তিনমাত্রায়। কিন্তু হিন্দিতে এসব শব্দ দরকার ম'ত হাল্কা ভাবে উচ্চারণ করা সম্ভব ব'লে ও-ভাষার কাব্যে এরা বিকল্প, অর্থাৎ কখনো দ্বিমাত্রিক কখনো ত্রিমাত্রিক। একটা মাত্র উদাহরণ দিলেই চলবে।

নাগরিদাসের একটি গানে আছে:

॥ । । । । । । । ॥ । । । । । । । । ॥ । ।
এ ক জু | ত ন স ত- | স ং গ র | ং গ র ং গি | র হ তৌ | অ তি
। । ॥ । ।
সু খ | পূ র ং

এখানে সংগ তথা রংগ টেনে পড়তে হবে, ত্রিমাত্রিক, কিন্তু রংগি ঠেশে পড়তে হবে, অর্থাৎ দ্বিমাত্রিক। তুলসীদাসের বিখ্যাত "রঘুনন্দ আনন্দ কন্দ কোশলচন্দ দশরথ নন্দন" লাইনটির টীকায় ইতিপূর্বেই দেখিয়েছি 'নন্দ'-র বৈকল্পিক উচ্চারণ দুই তথা তিনমাত্রায়। ছন্দে এধরণের স্বাধীনতায় কেউ কেউ আপত্তি করেন—যাঁদের নাম purist বা বৈয়াকরণিক। কিন্তু এঁরা ভুল করেন এই সাদা কথাটা ভুলে গিয়ে যে ছন্দে ভাষার ভর জিভে ও কানে। অর্থাৎ কোনো বর্ণের যে-ধরণের উচ্চারণে জিভ অসুবিধা বোধ করে না ও কান স্বস্তি বোধ করে সেই উচ্চারণই রসের বিচারে প্রামাণ্য। অবশ্য এ-কান বা জিভ অনুশীলিত না হ'লে তাদের রায় গ্রাহ্য নয়। ছন্দের কান যার নেই ছন্দসম্বন্দে রায় দেবার অধিকার তার থাকতেই পারে না—যেমন রংকানার নেই অধিকার রং সম্বন্ধে মতামত প্রকাশ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

করবার। আর ছন্দজ্ঞ মাত্রেই জানেন যে ক্ষেত্রবিশেষে জিভ নানা বর্ণের উচ্চারণে স্বাধীনতা নিতে পারে ছন্দের মাত্রাসাম্য রাখতে যেয়ে। যথা, ইংরাজিতে flower, hour, fire প্রভৃতি কখনো disyllabic কখনো trisyllabic, কিম্বা বাংলায় ধরা যাক রবীন্দ্রনাথের যথাযথ প্রয়োগ :

'তব চিত্ত গগনের দূর দিক্-সীমা' এখানে 'দিক্' দুমাত্রা।

'মনের আকাশে তার দিক্‌সীমানা বেয়ে' এখানে 'দিক্' একমাত্রা।

অলমতিবিস্তরেণ।

১৩৪ ও ১৩৫ পৃষ্ঠায় ইন্দিরাদেবীর 'কুসুমবিচিত্রা' ছন্দের গানটি ও তার বাংলা অনুবাদ। এখানে সংগ তথা রংগ দুমাত্রা, শেষ স্তবকে পে=হো=একমাত্রা। তেমনি 'লভিল যে'-র যে তথা 'মিলনে'-র নে একমাত্রিক। তৃতীয় লাইনে লে, রে, যে, হা এরাও একমাত্রিক।

ভাগবতে একটি বড় সুন্দর ছন্দ আছে দশমস্কন্ধে ৩১ অধ্যায়ে—এর নাম ইন্দিরা ছন্দ—অষ্টমাত্রিক ৩+২+৩ মাত্রাবিভাগ যথা,

। । । ॥ । ॥ ॥ । ॥ । ॥
ত ব ক থা মৃ তং। ত প্ত জী ব ন ম্। ক বি ভি রী ড়ি ত ম্।
ক ল্ম ষা প হ ম্

এখানে লক্ষ্যণীয় যে এছন্দে প্রথম ও তৃতীয় পাদে লঘুগুরুর সংস্থান হ'ল : লঘু+লঘু+লঘু গুরু+লঘু+গুরু যেখানে দ্বিতীয় ও চতুর্থপাদে : গুরু+লঘু+গুরু লঘু+গুরু। ইন্দিরা ওর গানদুটিতে (১৪০ পৃঃ) বরাবরই প্রথম পাদের সংস্থানটিই রেখেছে,

\+ । + + + + + + + +
য মু না। ঘা ট। পে। স থি রি। বা ট। পে। ভ র ন। নী র। মৈ।
\+ + +
গ ই রি। রা ধি। কা

এখানে যেখানে যেখানে তাল পড়ছে (+চিহ্ন নির্দ্দিষ্ট) সেখানে গুরুস্বর থাকলে হবে দ্বিমাত্রিক, অন্যথা গুরুস্বর একমাত্রিক (যথা 'না') এই সূত্রটি মেনে পড়লে এছন্দে একটি অতি চমৎকার দোলা মিলবে। বাংলা অনুবাদটির বেলায়ও ঐ কথা

। । । ॥ । ॥ । । । ॥ । ॥ । । ।
য মু না। ঘা টে। আজ্ । ব্র জে র। বা টে। আজ্ । চ লে ছি।
॥ । ॥ । । । ॥ ॥
জল্ য। থ ন্। ভ রি তে। রা ধি। কা

এখানে ঘা=বা=রা=কা=দ্বিমাত্রিক এদের উপর তাল পড়ছে ব'লে, অথচ টে=তে=একমাত্রা, এদের উপরে তাল পড়ছে না ব'লে।

আর দুটিমাত্র ছন্দের টীকা দেওয়া বাকি। একটি ভুজঙ্গপ্রয়াত বর্গীয়—এছন্দে ইন্দিরা অনেকগুলি গান রচনা করেছে—৩২,৩৪,৩৬,৪০,৭৮,১০৬,১৭২ পৃষ্ঠা দ্রষ্টব্য।

17

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

এছন্দটি সংস্কৃত পঞ্চমাত্রিক ভুজঙ্গপ্রয়াতভঙ্গিম, অর্থাৎ লঘু+গুরু+গুরু:

ন | তাতো ন | মাতা ন | বন্ধু র্ন | নপ্তা ন | পুত্রো ন | পুত্রী ন |
ভৃত্যো ন | ভর্তা

শঙ্করাচার্যের এ-বিখ্যাত গানটি কে না জানেন? হিন্দিতে এ-কল্লোলটি বাংলার চেয়ে অনেক বেশি গভীর হ'য়ে ধরা দেয় হিন্দিতে অযুগ্ম গুরুস্বরের চল থাকার দরুণ। ইন্দিরার গানে (৩৪ পৃষ্ঠায়):

শ | রন্ দে র | হে হো লি | য়ে জা র | হী হুঁ তু | ম্হা রে স |
হা রে জি | য়ে জা র | হী হুঁ

এতেও দেখা যাবে যেখানে যেখানে তাল নেই সেখানে গুরুস্বর একমাত্রিক, যথা

ম্বে | ডোলে ন | নৈয়া জো | নাবক হো | মেরে

কিম্বা ৩২ পৃষ্ঠায়

মৈ | চ র নোঁ মে | র হ না পি | য়া চা হ | তা হুঁ

এখানে লক্ষ্যণীয় নাবক হো তথা চরনোঁমে এখানে সংস্কৃতে যাকে বলে সমমাত্রকাদেশ (ইংরাজিতে 'মডুলেশন' বলা যেতে পারে) হয়েছে, অর্থাৎ মাত্রাসংখ্যার সমষ্টি সমান রেখে (এখানে পাঁচমাত্রার সমষ্টি) গুরু লঘুর সংস্থান বদল আর কি।

অবশ্য সমমাত্রকাদেশের রীতি মেনে যে ইন্দিরা এধরণের গান বেঁধেছে তা বলছি না, শুধু সাদৃশ্যের দিকে ছন্দোৎসাহী দৃষ্টি আকর্ষণ করা মাত্র? কারণ এ-গানটির ছন্দের প্রেরণা ও তো পায় নি শঙ্করাচার্যের সংস্কৃত স্তব থেকে, পেয়েছে গালিব ইকবালের উর্দু গান থেকে। দুএকটা উদাহরণ দেবার লোভ সাম্লানো শক্ত, এ-গানগুলি এতই সুন্দর। গালিব কবি-শিরোমণিদের অন্যতম—১৮৬৯ খৃষ্টাব্দে তাঁর দেহাবসান হয়।

জ | হাঁ তে রা | ন ক্ শে ক | দ ম্ দে খ | তে হৈঁ
খ | য়া মা খ | য়া মা অ | র ম্ দে খ | তে হৈঁ

ব | না ক র্ ফ | কী রোঁ কা | হ ম্ ভে স | গা লি ব
ত | মা শা য়ে | অ হ্ লে ক | র ম্ দে খ | তে হৈঁ

রা=কা=য়ে=একমাত্রা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীচরণের চিহ্ন তব যেথাই দেখি নয়নে
ফুলগাছের কেয়ারি শুধু দেখি বিরহে মিলনে।
গালিবে ক'রে ফকির কি বিচিত্র লীলা তোমারি
দেখালে চিরকরুণাভরা আলোছায়ার দিশারি।

ইকবালের বিখ্যাত 'ইক ও মৌত' কবিতাও এই ছন্দেই লেখা :

জ | মী কো থা | দাও য়া কে | মৈ আ স | মাঁ হূঁ

ম | কাঁ ক হ র | হা থা কে | মৈ লা-ম | কাঁ হূঁ

থা কে একমাত্রা।

কহিল ধরা ঘোষণা : "আমি অধরা চিরদিন"।
কহিল সীমা : "জেনেছি আমি আমারে সীমাহীন।"

পঞ্চমাত্রিকের ম'ত সপ্তমাত্রিক ছন্দেও হিন্দি ও উর্দুর মধ্যে মিল লক্ষ্যণীয় : ইন্দিরারই দুটি গান নমুনা হিসেবে নেওয়া যাক (১১৮ পৃ)

উর্দু : তু ম ন হী আ | য়ে প্র ভূ, ম ধু | ব ন ব হা র-আ | ঈ তো ক্যা
(এখানে র+আ ছন্দসন্ধির গুণে হ'য়ে উঠল রা অর্থাৎ দুমাত্রা)

হিন্দী : হো রি খে ল ন | মৈ হূঁ আ ঈ | র ঙ্গ মো হে | র ঙ্গ দে | (১৩২ পৃ)

ওর গানে পারস্য ছন্দেরও প্রভাব স্পষ্ট, যথা

হাফেজের পারস্য ছন্দ—

অ গ র্ আঁ | তু র্কে শী রা | জী ব দ স্তা | র দ্ দি লে মা | রা (১৬৮ পৃঃ)

ইন্দিরার সপ্তমাত্রিক—

স খী রী | প্রে ম প্রী ত ম | সে ন য়া রা | হো তো ঐ সা | হো (১৭০ পৃঃ)

৫০ পৃষ্ঠায় ইন্দিরার গানটি খাস উর্দু, ইকবালের একটি বিখ্যাত গানের ছন্দে :

ক ভি | অ য়্ হ কী ক তে | মু স্ত জ র্ ন জ | রা লি বা সে ম |
জা জ মে—ইকবাল

ই ন্ | সা ন ক্যা জি স | সে ক ভী ত ক | দী র ট ক রা | ঈ ন হো
ইন্দিরা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৯৬ পৃষ্ঠায় ইন্দিরার গানটি ও ৯৭ পৃষ্ঠায় আমার অনুবাদ ঘাণ্মাত্রিক।

॥ । ॥ । । ॥ । । । ॥ । ॥ । ॥ । । ॥

তু । স্মী সে তু ম্ কো । ছি পা ০ ০ ০ । । শা ম হ ম্ নে । দে খ লি য়া ।

তো । মা রি অ গো চ রে । তো মা রে ০ ০ ০ শ্যা ম ল দে খে যে । নি য়ে ছি

৬১ পৃষ্ঠায় ইন্দিরার হিন্দি গানদুটি ঘাণ্মাত্রিক :

॥ । । ॥ ॥ । । ॥ ।

আ । ও তো তু ঙ্গে । শা ম মৈ নৈ । নেঁ । মে ছি পা । লুঁ

। । ।

পূ । ছা জো শা ম । হ র লি য়া জ গ । ভ র কো কি স্ ত । র্ হ

ইন্দিরার উর্দু ছন্দের সম্বন্ধে বিশেষ ক'রে আরো কিছু বলবার ইচ্ছার লোভ সম্বরণ করতেই হ'ল। শ্রুতাঞ্জলির দ্বিতীয় সংস্করণে করার ইচ্ছা রইল। এখানে শুধু ওর আর একটি মাত্র ছন্দ সম্বন্ধে একটু টিকা ক'রে ভূমিকার সমাপ্তি টানব। এ ছন্দটি অতি অভিনব।

শ্রীইন্দ্রসেন তথা শিশিরকুমারের ভূমিকায় বলা হয়েছে যে ইন্দিরা প্রায় রোজই মীরাকে দেখত ও তাঁর মুখে শুনত নানা মীরাভজন। ইদানিং মীরার সঙ্গে নিত্য নানা কথালাপও হয় সমাধিভঙ্গ হওয়ামাত্র এই শ্রুতগানগুলি ও লিখে রাখত—এবং ওর স্মৃতিশক্তি অসামান্য হওয়ার দরুণ এক আধ জায়গায় ছাড়া ওকে ভাবতে পর্যন্ত হ'ত না। ও যে এ-গানগুলি শুনত তার অনেক প্রমাণ আছে, একটি এই যে সমাধিভঙ্গ হ'লে ও কোনো কোনো সময়ে ভাবস্থ থাকত ব'লে লিখতে পারত না। তখন ও ব'লে যেত, আমি (বা বিমল মৈত্র) লিখে নিতাম। গত বৎসরে সমাধি-ভঙ্গের পরে একদিন এম্‌নি একটি শোনা গান ও আবৃত্তি করে—মীরার-গাওয়া। পূরো গানটি শ্রুতাঞ্জলির ৪৬ পৃষ্ঠায় দ্রষ্টব্য। আমি প্রথমে শুনে ঠাহর পেলাম না কী ছন্দ। কিন্তু ও খুব জোর ক'রেই বলল যে ওর শোনার ভুল হয়নি মীরা অবিকল এই ভাবেই গানটি গেয়েছিলেন অপরূপ ভাবের সঙ্গে। গানটি লিখে নিয়ে আবৃত্তি করতে না করতে চম্‌কে উঠলাম—এইই তো ত্রিস্বর ত্রিমাত্রিক স্বরবৃত্ত, trisyllabic foot এর ছন্দ!

ন হীঁ । আ য়ে পি । য়া মে রা । ডো লে জি । য়া বো তো । ম থ্ রা ন ।

গ য়েঁ বি । রা জ র । হে

এভাষায় হিন্দিতে আর কেউ গান বা কবিতা রচনা করেছেন ব'লে আমার জানা নেই। বাংলাতে ত্রিস্বর স্বরবৃত্ত ছন্দে গান ও কবিতা লিখেছেন একমাত্র দ্বিজেন্দ্রলাল। কবিতা যথা "আলেখ্যে" :

। । । । । ।

তো মা র্ টা । কা আ ছে ? । আ ছে না । হ য় টা কা, ।

তোমার্ কা । ছে আমি । কিছু চা । চ্ছি না ক ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যে চায় না | থা নিচু | করুক্ তো | মার্ কাছে |
মাথা নি | চু কর্ তে | আমি যা | চ্ছি না ক

গান যথা, হাসির গানে:

। । । । । ।
য দি | জা ন্ তে চাও | আ মি ঠি ক | কী র কম্ | স্ত্রী চা ই, | ফ র্সা কি |
কা লো কি | মা ঝা রি | র ং

ল ম্বা কি | বেঁ টে কি | ক্ষী .ণা কি | পী না, ০ | দেখ্‌ তে ঠি ক্ |
প রী, কি | দেখ্ তে ঠি ক | স ং

কিন্তু বাংলা ছন্দে প্রতি পর্বে তিনটি ক'রে স্বর বা সিলেব্‌ল্ দিয়ে পর্ব রচনা করা তবু তো একবারও হয়েছিল। ইন্দিরা এ-ছন্দ পেল হিন্দি ভাষায় (যাতে syllable দিয়ে কেউ কোনোদিনই ছন্দ রচনা করে নি—যেহেতু হিন্দিতে স্বরবৃত্ত ছন্দই নেই, আছে শুধু মাত্রাবৃত্ত।) তা আবার মীরাবাইয়ের মুখ থেকে শোনা—বিচিত্র আর কার নাম। যাক যা বলছিলাম।

এ-ছন্দটি পেয়ে আমি সুর দিতে না দিতে পুলকিত হ'য়ে উঠলাম ও ঐ ছন্দে বাংলায়ও তর্জমা করলাম যাতে ক'রে একই সুরে মূল ও অনুবাদ গাওয়া যায় (৪৭ পৃ:):

দে খা | দে য়্ না শ্যা | ম ল্ আ মা র্ | ম ন্ যে উ | ত ল্ সু খ |
মি ল নে | আ ছে সে | অ ল খ্ কো | থা য়

এ-ছন্দে ইন্দিরা পরে আরো অনেকগুলি গান বাঁধে পর পর—৪৪, ৪৬, ৪৮, ৫৪, ১০০ পৃষ্ঠায় দ্রষ্টব্য। কেবল ১০০ পৃষ্ঠায় যে-গানটি দেওয়া আছে সেটির ছন্দোবন্ধ একটু আলাদা:

কা হে | মু র্ লী ব | জা ই পি | য়া মৈঁ তো | সাঁ ঝ প | ড়ে শাম্ আ |
হী র হী | থী

অনুবাদে

কে ন | ডা কো ঐ | বাঁ শির্ তা | নে তো মার্ | কা ছে চাই |
নি জেই হে | আস্ তে য | খন্

শেষে ১৩৮ পৃষ্ঠায় দেওয়া গানটি সম্বন্ধে একটু বলি। এটিও শ্রুত গান—সমাধিভঙ্গের পরেই লিখে-রাখা। এ-গানটির মধ্যে চতুর্মাত্রিক ও ত্রিস্বর ত্রিমাত্রিক স্বরবৃত্ত যেন তাল ফের ক'রে তাল দিতে সুরু করেছে। যথা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

| || || | | | |
নৈ | নোঁ নে | ই ক দি ন | বে ব স | হো পূ | ছা দিল্ | সে ইৎ |
না তো ক | হো তু ম্মে | এর পরেই তিনের কদম :

| | | | | |
জি স্ কি ল | গ ন্ র হো | জি স্ মে ম | গ ন্ উ স্কে | কৈ সে হৈঁ |
গুণ্ কৌ ন | রূ প হৈ | বো

বাংলায় মিশ্র লঘুগুরু ছন্দ সম্বন্ধে একটা কথা বলা হয় নি। বিশুদ্ধ লঘুগুরু ছন্দে যে সব গান এযাবৎ বাংলা ভাষায় রচিত হয়েছে সে সব গানে সচরাচর শব্দান্তে অকারান্ত শব্দ সংস্কৃতের মতন স্বরান্তিকই উচ্চারিত হ'য়ে থাকে, যথা রবীন্দ্রনাথের বিখ্যাত "দেশ দেশ নন্দিত করি' " তে দেশ্ উচ্চারিত হবে না, কারণ তা হ'লে দেশ্ হ'ত দ্বিমাত্রিক। দেশ উচ্চারিত হ'লে ও হয় ত্রিমাত্রিক। কিন্তু মিশ্র লঘুগুরু ছন্দে ওরা যথাসম্ভব হসন্তই উচ্চারিত হয় যথা ১২৯ পৃষ্ঠায় "শঙ্কিত প্রাণ্ কাঁপে"—তে প্রাণ্ দ্বিমাত্রিক—প্রাণ হ'লে ও দাঁড়াত ত্রিমাত্রিক ও তাহ'লে ছন্দ পতন হ'ত।

ইন্দিরার আঙ্গিক তথা ছন্দ সম্বন্ধে আরো অনেক কথা বলবার ছিল, কিন্তু সে পরে হবে। আশা করি শ্রুতাঞ্জলির দ্বিতীয় সংস্করণ প্রকাশ হ'তে হ'তে ইন্দিরা আরো অনেক অপূর্ব গান বেঁধে আমাদের আনন্দ দেবে—বিশেষ ক'রে ভক্তির গান যার প্রেরণা আসে শিল্পকলার চেয়ে অনেক উর্ধ্বতর লোক থেকে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

FROM INDIRA'S DIARY

(Editorial Notes)

Only a selection is given here of what Mira communicated, in her beautiful, chaste Hindi—translated into English by Indira herself. She endeavoured to preserve, as best she could, the forceful simplicity of Mira's Hindi so that something at least of her old-world ambiance might come through. Lately a rational friend of mine wanted to dissuade me from publishing such occult truths as these. His contention was that what did not coincide with what is and can be accepted by reason cannot possibly go down with the majority. To that the best answer is what Mira gave to Indira—on 2.8.51.—when she had asked wondering how most people would take it were they told that Mira Bai actually came to her, large and luminous as life, and talked to her, day after marvellous day, as intimately as she did? The question arose as some people happened actually to scoff at Mira Bai's reality. But "Truth", as Mira answered with her characteristic gentle irony (which makes her so delectable to such temperaments as mine) "needs no certificate from 'most people' because it does not draw its sustenance from the votes of the majority." (2.8.51) I need only add that Indira had all along been obstinately opposed to publishing what is presented here and that her objection was only overborne when I insisted, reminding her that the messages were meant as much for me as for herself. Still I hesitated till Mira answered her question trenchantly on 16.9.51, as reported in the last paragraph. This decided me though I know full well—being, alas, a born sceptic myself—how difficult it is going to be for the 'majority' to

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

accept the objectivity of such outlandish experiences as these. Nevertheless I decided to risk it because I felt, somewhat unorthodoxly, that it would be wrong to claim as personal what rightfully belongs to *all* true seekers of the historicity of one whose fabulous personality and heart-churning love-lyrics have converted thousands, down the ages, to the gospel of Krishna who, as an "Incarnation", may still give us "a *point d'appui for a more concrete realisation in the conviction that once at least the Divine has visibly touched the earth, made complete manifestation possible and made it possible for the Divine supernature to descend into this evolving but still very imperfect terrestrial nature!*"[1]

Naturally, *the Divine supernature* does not reveal everything to everybody at one indiscriminate sweep. (No wonder Mira has taken care to indicate which, among her sayings, must not be haled out into the open.) For all that, I am fully persuaded that such truths as she has given me the liberty to make public cannot but benefit real seekers provided they approach these with reverence and humility which alone can effectively break down the dungeon-walls built, brick by brick, by Mental Reason to shut out, in its cherished ignorance, the one and only Light that can bring deliverance to the Soul out of the cramping complacency and unsatisfying half-lights of the rational prison-house.

Lastly, I have to thank my *gurubhai* Vidyavrata for Indira's photograph which I prevailed upon her to allow me to publish even though in the block-print the mystic expression of her eyes (which all mystics love) has lost something of the convincingness of the light that comes into her eyes directly after her trance of *samadhi*.

D. K. R.

[1] From a letter Sri Aurobindo wrote to me on 2-12-46 in reply to the proddings of a *rational* critic who *wisely* doubted the historicity of Krishna, emulating his gurus in the West who doubt the historicity of Christ.

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

Diary

June 13, 1951—Mira said to me: "I was the only child of my parents. My mother died when I was only six years of age.

"Sri Sanatan, a famous disciple of Sri Chaitanya—who was to become my Guru subsequently—had a vision. He used to worship an image of Balgopal which came to life and told him to seek 'Mira' out to whom he was directed to consign the Image. He did not know where I was. So he went about hunting after me till he came to my father's palace where he recognised me at once. Without telling me anything then, he handed over the cherished image to me. I was at the time only five years old. I took it to bed with me at night and went off to sleep when it came to life and talked to me. This was the beginning of my love for Krishna. Henceforth He became a living personality and comrade. I loved Him and worshipped Him with a child's pure heart. My people thought I had gone crazy. When I was thirteen years old, my father decided to marry me. I had never given marriage a thought as I felt that my soul had been already married to Krishna, who had become my only Lord, Beloved and Master. I could not dream at the time of belonging to anyone else as I felt that I belonged to him alone, body and soul. And then he was so real, so true! I had seen Him, experienced His Grace—my body had thrilled to his touch. I protested but as my father threatened to commit suicide I had to yield."

"The Maharana, my husband, was a very kind and good man and loved me passionately. In the beginning he had given me a very long rope: absolute freedom to worship my Lord as I would in my little temple, adjoining our palace garden. But gradually things became very trying for him as I simply could not stay away from the temple. I used to hear

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

the Flute calling me in the middle of the night. My first impulse would be to cling to my husband unheeding its invitation, but its pull was so imperious that the tie that had held me to my husband snapped like a worn thread and I was forced to leave my earthly husband and spend my days and nights mostly in the temple worshipping my Eternal Lord and Master. I could not even bear my husband to touch my body which, I felt, belonged utterly and irrevocably to Krishna. The Maharana, though he could not understand it at all, was very tolerant because his love for me was intense, so much so, that sometimes he would follow me into the temple where I would pass whole nights in prayer. I would open my eyes to find his fastened on me. Once I felt sorry for him and asked why he waited thus on me. 'You are worshipping your God', he replied, 'and I am worshipping my Goddess.' But many people—like his own brother, the Rana, and his sister —grew jealous of me and tried to persuade the Maharana that I was play-acting and was, besides, an unchaste woman. This hurt him and made him suffer but still he never said one harsh word to me.

"We had been married for thirteen years when he died, and then his brother, who ascended the throne, did all he could to persecute me in various ways till, in the end, he brought me a cup of poison and said: 'For the sake of the royal family and the honour of the Rajput race your life must be brought to an end, as the whole world has been saying that you are unchaste'. I was so intoxicated with the love of the Lord that I drained the cup instantly. Well, it only moistened my throat which had been parched for singing for hours. The Rana was stupefied and decided that I was some sort of a witch. This incident, however, was the turning-point of my life. I realised that the royal palace, comforts and worldly relations were not for me and that my place was at the feet of the Lord. It was then that I thought of my Guru and this time it was I who set out in search of him, the saint who

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

lived now at Brindaban. I had been told that he had prophesied that I would be a *bhakta*, a devotee of Krishna. I set out now for Brindaban to seek refuge at his feet. The Rana did not try to deter me now from my purpose; in fact he felt relieved, if anything, to get rid of a mad person who could not be brought back to her senses. But *now* came my greatest ordeal.

"For two years I suffered excruciating pain. Krishna withdrew his presence completely and then a big tumour affected a bone on my left thigh. One day, when I was nearly at the end of my tether, a feeling of deep gratitude welled up within me because I suddenly realised that all these years he had kept me in a flawless comfort and luxury and that only for two years had I known pain and privation. What Grace He had showered on me! How compassionate He was! Tears rolled down my cheeks. Bending down I picked up a handful of sand and there, in every grain of sand I saw my Lord presiding! At once all pain ceased, there was no sorrow, no questioning, no thought, nothing but Krishna, Krishna, Krishna everywhere! In my ecstasy I pressed my swollen thigh when lo! all the foreign matter flowed out, giving me instant relief. In sheer exhaustion I lay down: there was no water near about and I felt very thirsty. Suddenly I saw a shepherd-boy pouring water into my mouth. I cried out: 'You may come in any disguise you like, but even if you walked over my grave I would know you by your footfall. *Mira* cannot be mistaken in you'. He smiled and vanished, but from now on there could be no more hiding from Mira. I had *seen* him in my heart. I had seen that all was Him. Every particle of sand, every little cloud, every stray leaf only revealed Him to me.

"In this state I walked on and on consorting with mendicants and Yogis, eating any food, sometimes fasting, sleeping anywhere, sometimes spending the night sleeplessly—but always singing, singing, singing whatever came to me, but never writing down what I composed or rather improvised as

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

